


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

গৌরবের ৭০ তম বছর

THE FIRST DAILY OF TRIPURA

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■ 29 Februray, 2024 ■ আগরতলা ২৯ ফেব্রুয়ারি ২০২৪ ইং ■ ১৬ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ, বৃহস্পতিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা




# আমরণ অনশন ছেড়েই দিল্লির উদ্দেশ্যে রওয়ানা প্রদ্যোতের





**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারি ।।** সম্ভবত আমরণ অনশন ছেড়ে পালালেন তিপ্রামথার প্রাক্তন সুপ্রিমো প্রদ্যুৎ কিশোর দেববর্মন। তাঁর দাবি, দিল্লী থেকে ডাক এসেছে। তাই তিনি আমরণ অনশন প্রত্যাহার করে দিল্লির উদ্দেশ্যে রওয়না দিয়েছেন।

পূর্ব ঘোষণা অনুযায়ী সাংবিধানিক সমাধানের দাবিতে আজ বড়মুড়ার পাদদেশে বসে আমরণ অনশন করার কথা ছিল। তাদের দাবী পূরণের জন্য বারে বারে কেন্দ্র সরকারের সাথে আলোচনা করেও,কোন ইতিবাচক সাড়া না পাওয়াতে হতাশ হয়ে,এই আন্দোলনের পথে যাচ্ছে বলে জানিয়েছিলেন প্রদ্যুৎ। অনশন মঞ্চ ছেড়ে দিল্লি রওয়ানা দেওয়ায় রাজ্য জুড়ে মিশ্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে।

আমরণ অনশনে বসার পূর্বে রাজবাড়ির দীর্ঘ প্রাচীন মঙ্গলচণ্ডীর মন্দিরে পূজো দিয়ে তিপ্রামথার প্রাক্তন সুপ্রিমো প্রদ্যুৎ কিশোর দেববর্মন বড়মুড়ার উদ্দেশ্যে রওনা দেন। সেখানে পৌঁছে তিনি অনশন মঞ্চে কিছুক্ষণ অবস্থান করার পরেই দিল্লির উদ্দেশ্যে রওয়ানা দিয়েছে। তার দাবি তাকে দিল্লি ডেকে পাঠানো হয়েছে। কেন্দ্রীয় সরকারের তরফে তাঁকে বলা হয়েছে যে অনশনের সিদ্ধান্ত এখনি না নিয়ে দিল্লি এসে দেখা করার জন্য। তাই সেই এক ফোনেই ছুটে গেছেন তিনি।

অনশন ছেড়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে প্রদ্যুৎ কিশোর দেববর্মন বলেন, দিল্লী থেকে ডাক এসেছে। কেন্দ্রীয় সরকারের তলব পেয়েই আজ দিল্লির উদ্দেশ্যে রওয়না দিয়েছেন তিনি।

তাঁর দাবি, কেন্দ্রীয় সরকারের শীর্ষ নেতৃত্বরা তাঁকে আমরণ অনশন প্রত্যাহার করে দিল্লী গিয়ে আলোচনায় মিলিত হবার জন্য আবেদন জানিয়েছেন। কিন্তু কেন্দ্রীয় সরকার তাঁদের দাবি মনে লিখিত প্রতিশ্রুতি দিলেই আমরণ অনশন প্রত্যাহার করা হবে। তা না হলে দিল্লী থেকে আসে পুনরায় আমরণ অনশন বসবেন তিনি।

এদিন তিনি আরও বলেন , তাঁদের দাবি পূরণ না হলে জনজাতিদের সাংবিধানিক অধিকার আদায়ের লক্ষ্যে লড়াই জারি থাকবে।

# আজ সপ্তম উত্তর পূর্বাঞ্চল যুব উৎসবের সমাপ্তি ঃ টিংকু রায়



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারি।।** আজ (বৃহস্পতিবার) সপ্তম উত্তর পূর্বাঞ্চল যুব উৎসবের সমাপ্তি এবং পুরস্কার বিরতণী অনুষ্ঠান আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে অনুষ্ঠিত হবে। আজ মহাকরণে এক সাংবাদিক সম্মেলনে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায় এসংবাদ জানান। তিনি জানান, গত ২৬ ফেবয়ারি উত্তর পূর্বাঞ্চল যুব উৎসবের উদ্বোধন হয় আগরতলা পূর্বাশা প্রাঙ্গনে। আগামীকাল সমাপনী পর্বে পুরস্কার বিতরণ ছাড়াও বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। প্রখ্যাত সঙ্গীত শিল্পী শানু (শান্তনু মুখার্জি)ও অনুষ্ঠান পরিবেশন করবেন। এছাড়াও রাজ্যের এবং বহিঃরাজ্যের শিল্পীগণ বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করবেন।

ক্রীড়ামন্ত্রী জানান, অনুষ্ঠান হবে সবার জন্য উন্মক্ত। শহরে যানজট এড়ানোর জন্য থাকবে নির্দিষ্ট পার্কিং-এর ব্যবস্থা। রাজ্যের দক্ষিণ ত্রিপুরা থেকে যেসব দর্শকরা অনুষ্ঠান দেখতে আসবেন তাদের জন্য উমাকান্ত এবং নাগেরজলা বাসস্ট্যাণ্ডে যানবাহন রাখার সুবিধা থাকবে। উত্তর ত্রিপুরা থেকে যারা আসবেন তাদের যানবাহন জেল রোড সংলগ ক্ষুদিরাম বসু স্কুল মাঠে রাখার ব্যবস্থা থাকবে। খোয়াই, কমলপুর, কৈলাশহর ও ধলাই থেকে আসা মানুষ রাধানগর বাসস্ট্যাণ্ডে যানবাহন রাখতে পারবেন। ক্রীড়া মন্ত্রী আগামীকালের এই উৎসবকে সফল করতে সবার সহযোগিতা কামনা করেন। সাংবাদিক সম্মেলনে এছাড়াও উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সচিব ড. পি কে চক্রবর্তী, ক্রীড়া দপ্তরের অধিকর্তা এস বি নাথ।

## একজন বাংলাদেশী সহ দুই দালাল বিএসএফের হাতে

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ২৮ ফেব্রুয়ারি ।।** একজন বাংলাদেশী সহ দুই দালাল বিএসএফের হাতে আটক হয়েছে। র্পবতী সময়ে তাঁদের ধর্মনগর থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে।

রাজ্যের বিভিন্ন জায়গায় নকল কাগজপত্র নিয়ে দিনের পর দিন কাজ করে গেলেও বাংলাদেশ যাওয়ার পথে ১৩৯ নং ব্যাটালিয়নের জওয়ানদের হাতে ধরা পড়ল বাংলাদেশের বিশ্বনাথের নিবাসী সিলেট এলাকার মোঃ আব্দুল করিম আজাদ।

ঘটনার বিবরণে জানা গিয়েছে, বৈঠানবাড়ি এলাকার অর্জুনার পাশ দিয়ে ভোররাতে বাইক নিয়ে যাওয়ার সময় ১৩৯ নং ব্যাটালিয়নের বিএসএফের জওয়ানদের সন্দেহ হলে তারা বাইকটিকে তাড়া করে। তাড়া করে সন্দেহজনক ভাবে তল্লাশিতে তাদের কাছে ভারতীয় আধার কার্ড প্যান কার্ড ইত্যাদি থাকলেও কিছু সংখ্যক বাংলাদেশী জিনিস পাওয়া যায় তা থেকে বিএসএফের সন্দেহ হলে জিজ্ঞাসা বাদে মোহাম্মদ আব্দুল করিম জানায় সে ২০১৯ সাল থেকে ভারতের ব্যাঙ্গালোরে এসে কাজ করে চলেছে।

ব্যাঙ্গালোরে এক দালালকে ৪০ হাজার টাকা দিয়ে সে নকল আধার কার্ড, প্যান কার্ড, বার্থ সার্টিফিকেট, ড্রাইভিং লাইসেন্স, শিক্ষাগতার সার্টিফিকেট সব বানিয়ে নিয়েছে। এই নিয়ে সে তিনবার বাংলাদেশ যাচ্ছিল।

প্রথমবার বাংলাদেশের জাকির, শাকিল তারা তাকে বাংলাদেশ থেকে ☛ ৬ এর পাতায় দেখুন

## মহিলাদের স্বশক্তিকরণের জন্য সরকার অগ্রাধিকার দিয়ে কাজ করছে ঃ অর্থমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারি।।** মহিলাদের স্বশক্তিকরণের জন্য রাজ্য সরকার অগ্রাধিকার দিয়ে কাজ করছে। মহিলাদের স্বরোজগারী এবং স্বাবলম্বী করে তুলতে রাজ্য সরকার বিভিন্ন পরিকল্পনা রূপায়ণ করছে। এই কাজে ব্যাপক সাফল্যও আসছে। আজ উদয়পুরের রাজর্ষি হলে গোমতী জেলাভিত্তিক সরস মেলার উদ্বোধন করে অর্থমী প্রণজিৎ সিংহরায় একথা বলেন। ৩দিন ব্যাপী জেলাভিত্তিক সরস মেলায় গোমতী জেলার ৮টি ব্লক থেকে ৪২টি স্টল খোলা হয়েছে। বিভিন্ন স্বসহায়ক দলের মহিলাগণ তাদের উৎপাদিত পণ্যসামগ্রী নিয়ে মেলায় অংশ নিয়েছেন।

সরস মেলার উদ্বোধন করে অর্থমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি লাখপতি দিদি বানানোর জন্য বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করে কাজ করছেন। রাজ্যেও ২ লক্ষ দিদিকে লাখপতি বানানোর জন্য রাজ্য সরকার কাজ করছে। ইতিমধ্যেই রাজ্যে ৮০ হাজারের বেশী দিদি লাখপতি হয়েছেন। অর্থমী বলেন, রাজ্য সরকার স্থানীয় জিনিস উৎপাদনের উপর বিশেষ গুরুত্ব দিয়েছে। স্বসহায়ক দলের মহিলারা বর্তমানে অর্গানিক আবিরও উৎপাদন করছেন, যা স্বাস্থ্যসম্মত। তিনি রাজ্য সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কাজের তথ্যও বক্তব্যে তুলে ধরেন।

অনুষ্ঠানে বিধায়ক রামপদ জমাতিয়া বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি মহিলাদের ক্ষমতায়ণের জন্য কাজ করছেন। মহিলারা শক্তিশালী হলে দেশও শক্তিশালী ☛ ৬ এর পাতায় দেখুন

## দেড় কোটি টাকার গাঁজা সহ আটক এক

**নিজস্ব প্রতিনিধি, সোনামুড়া, ২৮ ফেব্রুয়ারি ।।** গোপন খবরের ভিত্তিতে পুলিশ এবং বিএসএফ যৌথ অভিযানে নেমে দেড় কোটি টাকার শুকনো গাঁজা উদ্ধার করার পাশাপাশি একজনকে আটক করেছে পুলিশ। মঙ্গলবার গভীর রাতে যাত্রাপুর থানাধীন বাঁশপুকুর পঞ্চায়েত এলাকার অভিজিৎ পালের বাড়িতে হানা দেয় পুলিশ। এই অভিযানে নেতৃত্ব দেন যাত্রাপুর থানার ওসি সুব্রত দেবনাথ।

তিনি জানান, মঙ্গলবার এই বাড়ির বসত ঘরে কয়েক ড্রাম ভর্তি শুকনো গাজা, ঘরের পেছনে কয়েক বস্তা এবং বাড়ির পাশে পরিতক্ত জায়গায়ও কয়েকটি বস্তা এবং কয়েকটি ড্রামে ভর্তি করে গাঁজা উদ্ধার হয়েছে। সর্বমোট ৩৫৮ কেজি শুকনো গাঁজা উদ্ধার হয়েছে এদিন। ঘটনায় অভিজিৎ পালের বিরুদ্ধে ☛ ৬ এর পাতায় দেখুন

## ব্রাউন সুগার সহ আসামের দুই মাদক পাচারকারী আটক

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ২৮ ফেব্রুয়ারি ।।** গোপন খবরের ভিত্তিতে কৈলাসহরে ব্রাউন সুগার সহ আসামের দুই মাদক পাচারকারীকে আটক করেছে পুলিশ। আসাম থেকে দুই মাদক পাচারকারী একটি বাইকে চেপে ডিকে রোড ধরে ধর্মনগর থেকে কৈলাসহরের দিকে আসছে বলে খবর ছিল পুলিশের কাছে।

এই গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ ধর্মনগর কৈলাসহর সড়কের ভগবাননগর এলাকায় উৎপেতে বসে থাকে। ভগবাননগরে সন্দেহভাজন বাইকটি নাগালের মধ্যে আসতেই পুলিশ বাইকটি আটক করেছে।

সেই বাইকে তল্লাশি চাল্লিয়ে সাফল্যও পায় পুলিশ। বাইকটির মধ্যে তল্লাশি চালিয়ে দুটি সাবানের বাক্সের মধ্যে ২১.৬৫ গ্রাম ব্রাউন সুগার উদ্ধার করা হয়। আটক দুই মাদক পাচারকারীর নাম আব্দুল হাসিব ও জুবের আহমেদ। তাদের বাড়ি আসাম রাজ্যের করিমগঞ্জ জেলার ☛ ৬ এর পাতায় দেখুন


## বাংলাদেশের মুক্তিযুদ্ধে ত্রিপুরার অবদান স্মরন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারি ।।** বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে ত্রিপুরা সরকার ও ত্রিপুরার জনগণের অবদানের কথা অকুণ্ঠ চিত্তে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করলেন সাংবাদিক, শিল্পী, লেখকগণ। বাংলাদেশ জাতীয় প্রেস ক্লাবের আমন্ত্রণে তিন দিনের ঢাকা সফর করেন আগরতলা প্রেস ক্লাবের ১৩ সদস্য এক প্রতিনিধি দল। ঐ প্রতিনিধি দলের নেতৃত্ব দেন আগরতলা প্রেস ক্লাবের সভাপতি জয়ন্ত ভট্টাচার্য।

সফরের দ্বিতীয় দিনে আগরতলা প্রেস ক্লাবের প্রতিনিধি দলটি বঙ্গবন্ধুর জন্মস্থান টুঙ্গিপাড়া যান এবং তার সমাধিক্ষেত্রে ফুল দিয়ে শ্রদ্ধা জানান। সফরের তৃতীয় দিনে জাতীয় প্রেস ক্লাবের আয়োজনে "মহান মুক্তিযুদ্ধে ত্রিপুরা" শীর্ষক আলোচনায় বিভিন্ন বক্তা ত্রিপুরার অবদানের কথা শ্রদ্ধার সঙ্গে আলোচনা করেন।

বীর মুক্তিযোদ্ধা সাংবাদিক হারুন হাবিব বলেন, ত্রিপুরা বাংলাদেশের মুক্তিযুদ্ধের তীর্থস্থান। এই রাজ্যের সর্বস্তরের মানুষ প্রত্যক্ষ ও পরোক্ষভাবে বাংলাদেশের স্বাধীনতার জন্য অবদান রেখেছেন। আজকের দিনে তাদের সবাইকে গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করছি। প্রখ্যাত ইতিহাসবিদ মুনতাসির মামুন, শিল্পী হাসেম খান, জাতীয় প্রেসক্লাবের সভাপতি ফরিদা ইয়াসমিন ও সম্পাদক শ্যামল দত্ত সহ সকলেই ত্রিপুরা ও আগরতলার মুক্তি যুদ্ধে ভূমিকা স্মরণ করলেন। উঠে এলো ত্রিপুরা সহ ভারতের সঙ্গে বাংলাদেশের মানুষদের আত্মিক ও রক্তের সম্পর্কের কথা। এই সম্পর্ক ☛ ৬ এর পাতায় দেখুন

## আগরতলা-চুড়াইবাড়ি জাতীয় সড়ক প্রসস্থকরণের কাজ দ্রুত বাস্তবায়নে আশ্বাস


নিতিন গডকরী
NITIN GADKARI

মন্ত্রী
সড়ক পরিবহন এবং রাজমার্গ
ভারত সরকার
Minister
Road Transport and Highways
Government of India

Dear Shri Biplab Kumar Deb Ji,

I am having the matter looked into.

With regards,

Yours,
(Nitin Gadkari)

Shri Biplab Kumar Deb
Hon'ble Member of Parliament (Rajya Sabha),
No. 6, Talkatora Road,
New Delhi – 110001

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারি ।।** আগরতলা-চুড়াইবাড়ি (এনএইচ-৮) জাতীয় সড়ক প্রসস্থকরণের কাজ দ্রুত বাস্তবায়নের বিষয়ে সাংসদ বিপ্লব কুমার দেব কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহা-সড়ক মন্ত্রী নীতিন গড়করি-কে চিঠি দিয়ে এ-বিষয়ে হস্তক্ষেপের আর্জি জানিয়েছিলেন। চিঠির জবাবে নীতিন গড়করি জানিয়েছেন, বিষয়টি তিনি ☛ ৬ এর পাতায় দেখুন

## বিএসএফের মারে গুরুতর আহত কৃষক

**নিজস্ব প্রতিনিধি, সোনামুড়া, ২৮ ফেব্রুয়ারি।।** বিএসএফের মারে গুরুতর আহত হলো এক কৃষক। ঘটনাটি ঘটেছে সোনামুড়া থানাধীন সীমান্ত গ্রাম এনসি নগরে। এনিয়ে এলাকার মানুষের দাবি, কৃষক ইয়াসিন মিয়া প্রতিদিনের মতো নিজের সবজি খেতে সবজি তোলার জন্য যায়, এবং সবজি তুলে বাড়ি ফেরার পথে হঠাৎ করে এনসি নগরের ৪৩ নম্বর বাহিনীর কয়েকজন বিএসএফ জওয়ান তার উপরে চড়াও হয়।

তার চিৎকার শুনে ঘটনাস্থলে দৌড়ে আসে কৃষকের স্ত্রী এবং বিএসএফের হাত থেকে স্বামীকে বাঁচাতে গেলে তখন ইয়াসিন মিয়ার স্ত্রী ফাতেমা বেগম এর ওপর ও পড়ে বিএসএফের প্রহার। পরে উভয়ের আত্মচিৎকারে ☛ ৬ এর পাতায় দেখুন

ধর্মনগরে অপরাধ বাড়ছে

## গৃহকর্তাকে আহত করে সর্বস্ব নিয়ে গেল ডাকাতের দল

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ২৮ ফেব্রুয়ারি ।।** ধর্মনগর শহর সংলগ্ন কামেশ্বর গ্রাম পঞ্চায়েতের রাধারমন আশ্রম সংলগ্ন এলাকার জয়ন্ত দাসগুপ্তের বাড়িতে দুঃসাহসিক ডাকাতির ঘটনা ঘটে।এই দুঃসাহসীক ডাকাতির ঘটনায় গোটা উত্তর জেলায় তীব্র আতঙ্ক ছড়িয়ে পড়েছে। ধর্মনগরে অপরাধ বাড়ছে।

ঘটনার বিবরণে জানা যায়,জয়ন্ত দাশগুপ্তের মা সবিতা দাশগুপ্ত(৬৩) একটি ঘরে একা থাকেন এবং ছেলে জয়ন্ত অপর একটি ঘরে থাকে। রাত আনুমানিক দুইটা নাগাদ সবিতা দেবী টের পান হঠাৎ করে কে তার কানে হাত দিয়েছে। তখন তিনি চিৎকার দিলে মুখে কালো কাপড় বাধা একজন আওয়াজ না করতে বলে।

আর সবিতা দেবী কিছু বুঝে উঠার আগেই ডান দিকের গালে ধারালো অস্ত্র দিয়ে আঘাত করে এবং যদি আওয়াজ করে তাহলে তার ছেলেকে মেরে ফেলবে বলে হুমকি দিয়ে গলায় দা ঠেকিয়ে দেয় ঐ ডাকাতটি।এই বলে তার কানের সোনার দুল,গলার চেইন এবং হাতের আংটি নিয়ে নেয়। পাশাপাশি দা দিয়ে বাঁ হাতে ক্রমাগত কুপ মারতে থাকে। এদিকে ছেলে জয়ন্ত জানায়, ডাকাত চলে যাওয়ার পর তার মা তাকে ☛ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৭০ ▫ সংখ্যা ১৪১ ▫ ২৯ ফেব্রুয়ারি ২০২৪ ইং▫ ১৬ ফাল্গুন ▫ বৃহস্পতিবার ▫১৪৩০ বঙ্গাব্দ

## অখণ্ডতার প্রশ্নে জিরো টলারেন্স

ভারত ধর্মনিরপেক্ষ সার্বভৌম রাষ্ট্র। এখানে প্রতিটি মানুষের যেমন ব্যক্তি স্বাধীনতা রহিয়াছে ঠিক তেমনি ধর্মীয় স্বাধীনতা স্বীকৃত রহিয়াছে। অখণ্ড তাই ভারতবর্ষের অন্যতম মূল স্লোগান। এই স্লোগানকে বাস্তবায়িত করিতে হইবে। কিন্তু দেশের একাংশ জনগণ বিভিন্ন নামে বেনামে আভ্যন্তরীণ নিরাপত্তা ব্যবস্থা বিঘ্নিত করিয়া চলিয়াছে। এইসব বিষয়ে কেন্দ্রীয় সরকারের কঠোর মনোভাব গ্রহণ করিয়াছে।

কাশ্মীরের মুসলিম কনফারেন্সের দুটি শাখাকে নিষিদ্ধ করিল কেন্দ্র। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এক্স হ্যান্ডেলে এই ঘোষণা করেন। পাকিস্তানের মদতে ভারতবিরোধী কার্যকলাপ চালানোর অভিযোগ উঠিয়াছিল তাহাদের বিরুদ্ধে।

জানা গিয়াছে, মুসলিম কনফারেন্সের দুটি শাখা- জম্মু কাশ্মীর সুমজি এবং জম্মু কাশ্মীর ভাটকে নিষিদ্ধ করিয়াছে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক। শাহের কথায়, দেশের সার্বভৌমত্ব ও অখণ্ডতার বিরোধী কার্যকলাপ চালাইত এই দুই শাখার সদস্যরা। শুধু তাই নয়, কাশ্মীরের আমজনতাকে নির্বাচনে অংশ না নিতেও জোর করিত তাহারা। সেই জন্যই আগামী পাঁচ বছরের জন্য নিষিদ্ধ করা হইয়াছে এই দুই শাখাকে ।মুসলিম কনফারেন্সের দুই শাখাকে নিষিদ্ধ করিতে বিশেষ বিবৃতি জারি করিয়াছে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক। বলা হইয়াছে, তাহাদের কার্যকলাপে যদি রাশ না টানা যায় তাহা হইলে সংকটের মুখে পড়িবে দেশের নিরাপত্তা। পাকিস্তান থেকে আর্থিক সাহায্যও পাঠানো হইতেছে এই সংগঠনের সদস্যদের। সব মিলাইয়া, দেশের নিরাপত্তার স্বার্থেই দুটি শাখাকে নিষিদ্ধ করিবার সিদ্ধান্ত নিয়াছে কেন্দ্র ।নিজের এক্স হ্যান্ডেলেও এই খবর নিয়া টুইট করেন অমিত শাহ। লেখেন, "সন্ত্রাসবাদ ও বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি নিয়াছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। যাহারা নিয়মবিরোধী কাজ করিবে তাহাদের চরম ফল ভুগিতে হইবে।উল্লেখ্য, কাশ্মীরের জামাত-ই-ইসলামিকে আগেই নিষিদ্ধ করা হয়াছিল। এবার তাহাদের নিষেধাজ্ঞার মেয়াদও পাঁচ বছর বাড়াইয়া দেওয়া হয়েছে।

## পেট্রোল-ডিজেলের দাম স্থিতিশীল, অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ৮৪ ডলারের কাছাকাছি

নয়াদিল্লি, ২৮ ফেব্রুয়ারি (হি. স.) : আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম ওঠানামা অব্যাহত রয়েছে। ব্রেন্ট ক্রুডের দাম ৮৪ ডলারে পৌঁছেছে এবং ডব্লুটিআই ক্রুডের দাম ব্যারেল প্রতি ৭৯ ডলারে পৌঁছেছে। তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি বুধবার পেট্রোল এবং ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি।

ইন্ডিয়ান অয়েলের ওয়েবসাইট অনুসারে, দিল্লিতে পেট্রোলের দাম ৯৬.৭২ টাকা, ডিজেল ৮৯.৬২ টাকা, মুম্বইতে পেট্রোল ১০৬.৩১ টাকা, ডিজেল ৯৪.২৭ টাকা, কলকাতায় পেট্রোল ১০৬.০৩ টাকা, ডিজেল ৯২.৭৬ টাকা, চেন্নাইতে পেট্রোল ১০২.৬৩ টাকা, ডিজেল ৯৪.২৪ টাকা প্রতি লিটারে পাওয়া যাচ্ছে।

আন্তর্জাতিক বাজারে, সপ্তাহের তৃতীয় দিনে প্রথম দিকে, ব্র্যান্ডেড ক্রুড ০.৩০ ডলার বা ০.৩৬ শতাংশ হ্রাসের সাথে ব্যারেল প্রতি ৮৩.৩৫ ডলারে রয়েছে। একই সময়ে, ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট (ডব্লিউটিআই) ক্রুডও ব্যারেল প্রতি ০.২৯ বা ০.৩৭ শতাংশ কমে ৭৮.৫৮ ডলারে লেনদেন করছে।

## ফের শহরে কেন্দ্রীয় বাহিনী সঙ্গে নিয়ে ইডির তল্লাশি

কলকাতা, ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : বুধবার সকালে সল্টলেকের একটি বাড়িতে হানা দেয় এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। জানা গিয়েছে, সেটি এবিলিটি গেমস লিমিটেড কোম্পানির এমডি সুরজ চোখানির বাড়ি। এর সঙ্গে তাঁর সেক্টর ফাইভের অফিসেও তল্লাশি চালায় ইডি। পাশাপাশি শহরের আরও কয়েকটি জায়গায় তল্লাশি অভিযান চালাচ্ছে ইডি। তবে ঠিক কী কারণে এই তল্লাশি অভিযান, তা জানা যায়নি ।

এদিন সকালে কেন্দ্রীয় বাহিনীর জওয়ানদের সঙ্গে নিয়ে তল্লাশি অভিযানে নামেন ইডির আধিকারিকরা। সল্টলেকের এ ই ব্লকের ৪৩০ নম্বর বাড়িতে পৌঁছে যায় ইডি। এটি ব্যবসায়ী সুরজ চোখানির বাড়ি। সল্টলেক সেক্টর ফাইভে তাঁর অফিসেও পৌঁছন ইডি আধিকারিকরা।

এবিলিটি গেমস লিমিটেড কোম্পানির এমডি সুরজ চোখানির গেমিং অ্যাপ-সহ একাধিক ব্যবসা রয়েছে বলে খবর। করোনাকালে করোনা কিটের ব্যবসাও ছিল বলে জানা গিয়েছে।

## জম্মু ও কাশ্মীরের পুঞ্চে আবারও দেখা মিলল পাকিস্তানি ড্রোন, গুলি করতেই উধাও

পুঞ্চ, ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : জম্মু ও কাশ্মীরের পুঞ্চ জেলায় ফের একটি পাকিস্তানি ড্রোনের দেখা পাওয়া গিয়েছে। নিরাপত্তা বাহিনীর জওয়ানরা নিয়ন্ত্রণ রেখার কাছে একটি পাকিস্তানি ড্রোনকে উড়তে দেখেন। তারপরেই জওয়ানরা ড্রোনকে লক্ষ্য করে গুলি চালাতে শুরু করেন, এরপর ড্রোনটি পাকিস্তানের দিকে ফিরে যায়। বুধবার এই সংক্রান্ত তথ্য প্রদান করেন এক আধিকারিক। তিনি এদিন জানান, পুঞ্চ জেলার নিয়ন্ত্রণ রেখায় পাহারায় নিযুক্ত জওয়ানরা পাকিস্তানি ড্রোনটি দেখতে পায়। এরপর জওয়ানরা পাকিস্তানি ড্রোনকে লক্ষ্য করে প্রায় দু রাউন্ড গুলি চালায় ।ওই আধিকারিক আরও জানিয়েছেন, ড্রোনটি মেন্ধর এবং কৃষ্ণা ঘাঁটি উপত্যকা সেক্টরে কিছু দূর এগিয়ে ভারতীয় পোস্টে কিছুক্ষণ ঘোরাঘুরি করার পরে পাকিস্তান-অধিকৃত কাশ্মীরে (পিওকে) ফিরে যায়। তিনি বলেন, ড্রোন থেকে কোনও অস্ত্র বা মাদকদ্রব্য ফেলা হয়েছে কিনা সেটা নিশ্চিত করতেই তল্লাশি অভিযান চালানো হয়।

## রাষ্ট্রীয় বিজ্ঞান দিবসে বিজ্ঞানীদের অভিনন্দন জ্ঞাপন বিজেপির

নয়াদিল্লি, ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : ভারতীয় জনতা পার্টি (বিজেপি)-এর পক্ষ থেকে রাষ্ট্রীয় বিজ্ঞান দিবসে সমস্ত বিজ্ঞানীদের শুভেচ্ছা জানানো হয়েছে। বুধবার বিজেপি নিজস্ব এক্স হ্যান্ডেলে ভারতের মহান বিজ্ঞানী সিভি রমনের ছবি সহ শুভেচ্ছা বার্তা শেয়ার করেছে।ভারতীয় জনতা পার্টি (বিজেপি) বুধবার এক্স-এ লিখেছে, 'রাষ্ট্রীয় বিজ্ঞান দিবসে সকল বিজ্ঞানী এবং বিজ্ঞানপ্রেমীদের শুভেচ্ছা।' উল্লেখ্য, প্রতি বছর ২৮ ফেব্রুয়ারি দেশে রাষ্ট্রীয় বিজ্ঞান দিবস হিসেবে পালিত হয়। এই বছর মজবুত ভবিষ্যতের জন্য বিজ্ঞানকে থিম হিসেবে নির্বাচন করে দিনটি পালিত হচ্ছে। ১৯৭১ সালের এই দিনেই দেশের মহান বিজ্ঞানী সিভি রমন, রমন এফেক্ট আবিষ্কার করেছিলেন।সন্দেশখালির ফেরার তৃণমূল নেতা শেখ শাহাজাহান কোথায় রয়েছে, রাজ্য কি সেটা জানে? তাই কি অন্তর্বর্তকালীন স্থগিতাদেশের রায় সংশোধন করার আর্জি? বুধবার শাহজাহান মামলায় এমনই পর্যবেক্ষণ করলেন কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম।একই সঙ্গে এদিন আদালত জানিয়েছে, শেখ শাহজাহানকে গ্রেফতার করতে কোনও বাধা নেই। ইডি, সিবিআই বা রাজ্য পুলিশ যে কেউ গ্রেফতার করতে পারবে ফেরার এই তৃণমূল নেতাকে।

# কৃত্রিম বুদ্ধিমত্তা কি মানুষের মেধাকে হারিয়ে দেবে?

**অসীম সুর চৌধুরী**

কয়েকমাস আগে সবাইকে চমকে দিয়ে ব্রিটিশ-ক্যানেডিয়ান কম্পিউটার বিজ্ঞানী ড. জেফ্রি হিন্টন পৃথিবী বিখ্যাত গুগল কোম্পানি থেকে তাঁর পদত্যাগের কথা ঘোষণা করেন। কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে গবেষণার ক্ষেত্রে যে ক'জন মুষ্টিমেয় বিজ্ঞানীর অবদান সর্বাধিক তিনি হলেন তাঁদের মধ্যে একজন। পঁচাত্তর বছর বয়সি ড. হিন্টন শুধু পদত্যাগ করেই ক্ষান্ত হননি বরং কৃত্রিম বুদ্ধিমত্তার ভবিষ্যৎ বিপদের কথা বলে সকলকে সতর্ক করে দিয়েছেন। এক সাক্ষাৎকারে তিনি বলেছেন যে, এই মুহূর্তে মানুষের বুদ্ধিই এগিয়ে কিন্তু কিছুদিনের মধ্যেই কৃত্রিম বুদ্ধিমত্তা তাকে মাত করে দেবে। আর খারাপ লোকেরা যদি একে বাজে উদ্দেশ্যে ব্যবহার করে তবে আগামীদিনে তা ভয়ঙ্কর পরিস্থিতি সৃষ্টি করতে পারে।

ড. হিন্টনে মৌলিক গবেষণা 'চ্যাট জিপিটি'র মতো উন্নত কৃত্রিম বুদ্ধিমত্তা তৈরিতে পথ দেখিয়েছে। এই উৎকৃষ্ট কাজের জন্য ২০১৮ সালের 'ট্যুরি' পুরস্কার লাভ করেন তিনি। এহেন ড. হিন্টনের সতর্কবার্তায় সারা পৃথিবীতে হৈ চৈ হতে বাধ্য। অবশ্য বেশ কিছুদিন আগে থেকেই কিছু নাম ব্যক্তি ও প্রতিষ্ঠান কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে। তবে অন্য মতও আছে। অনেকের মতে, এত আশঙ্কার কিছু নেই। সব মিলিয়ে একটা মিশ্র প্রতিক্রিয়া দেখা যাচ্ছে। কিন্তু এই কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যাপারটা কী? আর চ্যাট জিটিপি-ই বা কী? একে নিয়ে কেনই বা এত উদ্বেগ? এটা নিয়েই আজেকর আলোচনা।

**কৃত্রিম বুদ্ধিমত্তা কীঃ**- এমন অনেক কাজ আছে যেগুলো কম্পিউটার আমাদের থেকে অনেক তাড়াতাড়ি করতে পারে। এতে বুদ্ধির খুব একটা প্রয়োগ হয় না। যেমন খুব বড় গুণ-ভাগ কষা বা আয়-ব্যয়ের হিসাব করা। কিন্তু এমন কিছু সাধারণ কাজ আছে যা মানুষের ।চট করে করতে বা বলতে পারে, কম্পিউটার সেখানে নিরুত্তর। কোনটা গরু আর কোনটা বিড়াল বা কোনটা কাক, দেখলেই আমরা বলে দিতে পারে। আবার রবিঠাকুর ও শরৎচন্দ্রের স্বাক্ষরের মধ্যে পার্থক্য বুঝতে পারি। এই ধরনের কাজগুলোকেই বুদ্ধিমত্তা বলা হয়। কম্পিউটারকে দিয়ে মানুষের বুদ্ধিমত্তার কাজগুলো যে প্রযুক্তির সাহায্যে আয়ও করানো হয় তার নামই কৃত্রিম বুদ্ধিমত্রা বা আর্টিফিসিয়াল ইনটেলিজেন্স, সংক্ষেপে এ আই। মোদ্দা কথা, এআই হচ্ছে কম্পিউটার দ্বারা প্রদর্শিত বুদ্ধি। এই পদ্ধতিতে মানুষের বুদ্ধিমত্তা ও চিন্তাশক্তিকে কম্পিউটার দ্বারা অনুকরণ করার চেষ্টা হয়ে থাকে। এই ক্ষেত্রে 'মেসিন লানিং' ও 'ডিপ লানিং' এর মতো বিশেষ ধরনের ভাষাগুলো কম্পিউটারকে মানুষের মতো ভাবতে সাহায্য করে । মেসিন তখন বুদ্ধিমত্তা দেখায়। এআই মানুষের যুক্তি, সমস্যা ও পরিকল্পনাগুলো উপলব্ধি করে তার সমাধান বাতলাতে পারে।

**এআই -এর উত্তরণ ঃ**- কৃত্রিম বুদ্ধিমত্তার অন্যতম জনকত হিসাবে যার নাম উচ্চারিত হয় তিনি হলেন আমেরিকান বিজ্ঞানী জন ম্যাকার্থি। তাঁর অন্যান্য সহযোগীরা ছিলেন হার্বাট এ সায়মম, মার্ভিন মিনস্কি, অ্যালেন নিউয়েল প্রমুখ বিজ্ঞানীরা। ১৯৫৬ সালে আমেরিকার ডারমাউথ কলেজের এক সম্মেলনে ড. ম্যাকার্থি প্রথম 'আর্টিফিসিয়াল ইনটেলিজন্স' কথাটা ব্যবহার করেন। সেই থেকে গুটি গুটি পায়ে এগিয়ে চলা কৃত্রিম বুদ্ধিমত্তা আজকের 'চ্যাট জিপিটি'তে এসে পৌঁছেছে।

কয়েক দশক ধরেই আমরা ধাপে ধাপে কৃত্রিম বুদ্ধিমত্তার উত্তরণ দেখতে পাচ্ছি। আমাদের দৈনিনিদন জীবনে এর প্রভাব আস্তে আস্তে বেড়ে চলেছে। গুগল ম্যাপের সাহায্য নিয়ে কোনও অজানা ঠিকানা খুঁজে পাচ্ছি। অনেকই-কামর্স সংস্থার ওয়েবসাইটে ঢুকলে এদের অ্যাসিস্ট্যান্ট আপনার কাছে সমস্যা জানতে চাইবে। আপনি কিছু লিখলেই সবই কৃত্রিম বুদ্ধিমত্তার নিদর্শন। এছাড়া এআই-এর কেরামতি দাবার বিশ্বচ্যাম্পিয়ানকে হারিয়ে দিয়েছে, ড্রাইভার ছাড়া গাড়ি চালিয়েছে, রোগীর পুরনো ইতিহাস ঘেঁটে বর্তমানের রোগ সারিয়েছে। তাই আমাদের প্রতিদিনের জীবনে এআই প্রভাব বিস্তার করে চলেছে। সাম্প্রতিকালে কৃত্রিম বুদ্ধিমত্তার সবচেয়ে শক্তিশালী প্রয়োগ হচ্ছে 'চ্যাট জিপিটি'। ২০২২ সালের ৩০ নভেম্বর উদ্বোধন হওয়ার সঙ্গে সঙ্গে এই চ্যাট-জিপিটি সারা পৃথিবীতে বেশ হৈ চৈ ফেলে দিয়েছে। আগমনের মাত্র দু'মাসের মধ্যেই প্রায় ১০ কোটি মানুষ এটা বব্যহার করতে শুরু করেছে।

**চ্যাটি-জিপিটি কী? ঃ**- চ্যাট জেনারেটিভ প্রি-টেরেইনড ট্রান্সফর্মার বা সংক্ষেপে চ্যাট-জিপিটি হচ্ছে কৃত্রিম বুদ্ধিমত্তার একটা 'চ্যাটবট' অর্থাৎ আলাপচারিতা করার মাধ্যম। এখানে আমাদের নানারকম প্রশ্নের জবাব নিয়ে সে হাজির। আমরা যেভাবে যে ফরম্যাটে চাইব, সে সেই ভাবেই উত্তর দেবে। বিশাল তথ্যভাণ্ডার রয়েছে এর কাছে। গুগল বা মাইক্রোসফট এজের মতো সার্চ ইঞ্জিনগুলোর কাছে কোনও অনুসন্ধান করতে গেলে তারা এই সম্বন্ধীয় লিঙ্কগুলো আমাদের কাছে হাজির করে। কিন্তু চ্যাট-জিপিটি সরাসরি উত্তর দিয়ে দেয় যার সিংহভাগই সঠিক। এই কারণে এর জনপ্রিয়তা দিন দিন বেড়ে চলেছে।


**কারা বানালো ঃ**- আমেরিকার সানফ্রান্সিসকোর একটা সংস্থা 'ওপেন এআই', যার কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে নিরন্তর গবেষণা করছে তারাই চ্যাট-জিপিটির উদ্ভাবক। মাত্র আট বছর আগে তৈরি হওয়া এই সংস্থার অন্যতম প্রতিষ্ঠাতা ছিলেন আমেরিকার ধনকুবের ইলম ম্যাস্ক। তিন বছর পরে অবশ্য মাস্ক এই কোম্পানি ত্যাগ করেন। এই কোম্পানির মূল লক্ষ্য হল নিরাপদ ও সুবিধাজনক কৃত্রিম বুদ্ধিমত্তা তৈরি করা। এর আগে এরা জিপিটি-৩ নামে একটা অ্যাপ বানিয়েছিল যা কিনা প্রায় মানুষের মতো নানা রচনা ও প্রবন্ধ লিখতে পারত। এরূপ এদের 'ডেল-ই' নামের অ্যাপ দেখা চ্যাট-জিপিটি তো দুনিয়াকে মাত করে দিয়েছে। ওপেন এআই -এর এইসব কর্মকাণ্ড দেখে পৃথিবীবিখ্যাত 'মাইক্রোসফট' কোম্পানি প্রায় কয়েকশো কোটি টাকা এখানে বিনিয়োগ করেছে।

**কী কী সুবিধা হবে ঃ**-চ্যাট-জিপিটি অনেক ক্ষেত্রে মানুষকে টেক্কা দিয়ে তার থেকে অনেক কম সময় ও ভালোভাবে কাজ সম্পন্ন করতে পারে। কয়েকটা উল্লেখযোগ্য ক্ষেত্র হল- **কাস্টমার পরিষেবা** -সকল ধরনের প্রশ্নোত্তর ও সমস্যার সমাধান এরা মানুষের থেকে তাড়াতাড়ি করতে পারবে। **লেখালেখি** - কোনও গল্প, কবিতা বা প্রবন্ধ লেখা, সারাংশ বানানো কিংবা অনুবাদ করা, সব ব্যাপারেই চ্যাট-জিপিটি সিদ্ধহস্ত। **সহকারী**- কোনও ব্যক্তিগত কাজ বা সময় কাটানোর জন্য ভার্চুয়াল সহকারী হিসাবে এরা দারুণ কাজ করে। কোনও বিষয়ে পরামর্শ দিতেও এরা পিছপাও হয় না। **স্বাস্থ্যসেবা** -এই ক্ষেত্রতে চ্যাট-জিপিটি বিরাট অবদান রাখতে পারবে। লাখ লাভ মানুষের তথ্য বিশ্লেষণ করে অতি অল্প সময়ের মধ্যে চিকিৎসকের থেকেও আরও বেশি কার্যকরী ওযুধ রোগীকে দিতে পারবে।

**উদ্বেগ কেন বাড়ছে** -চ্যাট-জিপিটির হাত ধরে কৃত্রিম বুদ্ধিমত্তার এই উত্তরণে যেমন অনেক মানুষ উৎসাহিত, তেমনি অনেকের মধ্যে শঙ্কা ও উদ্বেগ দেখা দিয়েছে। এই বছর (২০০৩) মার্চ মাসে বিশ্বের কিছু নামি ব্যক্তি ও প্রতিষ্ঠান একটা খোলা চিঠি প্রকাশ করেছেন। তাতে কৃত্রিম বুদ্ধিমত্তার গবেষণা বন্ধ রাখার আহ্বান জানানো হয়েছে। ওই চিঠিতে সই করেছেন টেসলা ও টুইটারের মালিক ইলন মাস্ক, অ্যাপল কোম্পানির অন্যতম প্রতিষ্ঠাতা স্টিভ ওজনিয়াক এবং আরও কিছু সম্মানীয় ব্যক্তি ও প্রতিষ্ঠান। তাঁরা সতর্ক করেছেন যে, কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে যে প্রতিযোগিতা চলছে তা একদিন নিয়ন্ত্রণের বাইরে চলে যাবে। তখন এআই মানুষের বুদ্ধির সঙ্গে লড়াই চালাবে এবং সমাজ ও মানবতার জন্য গুরুতর হুমকি হয়ে উঠতে পারে। এছাড়া নানা ভুয়ো খবর প্রচার করে আমাদের সমাজকে কলুষিত করতে পারে। তাঁদের আশঙ্কা, এআইয়ের জন্য প্রচুর মানুষ চাকরি হারাবেনয আন্তর্জাতিক ব্যাঙ্ক 'গোল্ডম্যান স্যাক্স' তার সাম্প্রতিক রিপোর্ট এই আশঙ্কাকে আরও শক্তিশালী করেছে। তাদের প্রতিবেদন বলছে ভবিষ্যতে কৃত্রিম বুদ্ধিমত্তার কারণে প্রায় ৩০ কোটি মানুষ চাকরি হারাবেন বা চাকরি পাওয়া থেকে বঞ্চিত হবেন।

অন্যতমও আছে - তবে অনেক বিশেষজ্ঞ আবার এআই নিয়ে এই আশঙ্কাকে খুব একটা পাত্তা দিচ্ছেন না। 'ওপেন এআই' এর সিইও স্যাম অল্টম্যান তাঁদের মধ্যে একজন। ভবিষ্যতে অনেকের চাকরি ছাঁটাই হতে পারে একথা স্বীকার করেও মি অল্টম্যান বলেছেন যে এআই ছাপাখানার মতো শিল্পে পরিণত হতে পারে এবং ভবিষ্যতের অর্থনীতিতে কৃত্রিম বুদ্ধিমত্তার বড় ধরনের প্রভাব থাকবে। আমেরিকার সেনেটর জন হাওলে বলেছেন যে এআই একটা বৈপ্লবিক প্রযুক্তি যাকে পারমাণবিক বোমা আবিষ্কারের সঙ্গে তুলনা করা যায়। আবার অনেক বিশেষজ্ঞ বলছেন যে, নতুন প্রযুক্তি আসা মানেই খারাপ তা বলা যাবে না। যখন কম্পিউটার প্রথম প্রবেশ করে তখন অনেকের আশঙ্কা ছিল যে অফিস, ব্যাঙ্ক ইত্যাদি জায়গায় প্রচুর কাজ চলে যাবে। বাস্তবে কিছু হয়ত গেছে কিন্তু তার জায়গায় অনেক নতুন নতুন চাকরির ক্ষেত্র তৈরি হয়েছে।

**চ্যাটবটি তৈরির প্রতিযোগিতা**- এআই ভিত্তিক চ্যাটবট অর্থাৎ আলাপচারিতার অ্যাপ তৈরি করার প্রতিযোগিতায় বিশ্বের তাবড় তাবড় কোম্পানিগুলি ঝাঁপিয়ে পড়েছে। মাইক্রোসফট-ওপেন এআই এর চ্যাট-জিপিটির পাশাপাশি গুগল কোম্পানির 'বার্ড' নামক চ্যাটবটিও পরীক্ষামূলকভাবে চলছে। চিনা প্রযুক্তি কোম্পানি 'বাইদু'ও এক ধরনে চ্যাটবট আনবে বলে ঘোষণা করেছে। আর এক চিনা ই-কমার্স দৈত্য আলিবাবাও শীঘ্রই তাদের নিজস্ব চ্যাটবট চালু করবে। ফেসবুক-হোয়াটসঅ্যাপের মালিক মেটা ইতিমধ্যেই তাদের নিজেদের চ্যাটবট চালু করেছে যার নাম 'ব্লেন্ডার বট'।



কিন্তু কৃত্রিম বুদ্ধিমত্তা দিয়ে তৈরি এই চ্যাটবট নিয়ে গুগল, মাইক্রোসফট, আলিবাবা, মেটা ইত্যাদি বড় বড় কোম্পানিগুলি এত উৎসাহিত কেন? কারণ এআই হচ্ছে আগামী দিনের প্রযুক্তি। তখন মানুষের দৈনন্দিন জীবনে কৃত্রিম বুদ্ধিমত্তার বিরাট প্রভাব থাকবে। বেশিরভাগ অনলাইনভিত্তিক পরিষেবা মানুষের বদলে এআই এর হাতে চলে যাবে। কোম্পানিগুলির বিরাট ব্যবসা ও বিরাট মুনাফা দুটোই হবে। কিন্তু কৃত্রিম বুদ্ধিমত্তার এই বাড়াবাড়ন্তে অনেক উন্নত দেশও প্রমাদ গুণছে। ভবিষ্যতে এদের ক্ষতিকর প্রভাব সমাজে যাতে না পড়ে সেই জন্য বিভিন্ন দেশ ইতিমধ্যে আইন বানাতে শুরু করে দিয়েছে। প্রথম ইউরোপীয় দেশ হিসাবে ইতালি চ্যাট-জিপিটি বন্ধ করে দিয়েছে। চিন ও আমেরিকা এক বছর আগেই এই ধরনের প্রযুক্তি নিয়ন্ত্রণ করার আইন পাশ করেছে। ইউরোপীয়ান ইউনিয়নও বসে নেই। তারা ও একটা কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ন্ত্রণের আইনের খসড়া বানিয়েছে। ব্রিটেনও এআই নিয়ন্ত্রণের দিকনির্দেশনা তৈরি করেছে। কিন্তু এখন দেখার যে ভবিষ্যতে কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ন্ত্রণে থাকবে, না আমাদের বুদ্ধিকেও ছাপিয়ে যাবে।

**(সৌজন্যে-দৈ :স্টেটসম্যান)**

# সবার জন্য বিজ্ঞানচেতনা

আশির দশকের গোড়ায় যাঁদের কৈশোর কেটেছে, তাঁদের মধ্যে অনেকেই মনে করতে পারবেন দূরদর্শনের কোয়েস্ট অনুষ্ঠানটিকে। বিজ্ঞানের সূত্রগুলো সাধারণ দৈনন্দিন জিনিসপত্রের সাহায্যে পরীক্ষানিরীক্ষা করে শেখা কত সহজে সম্ভব, এই অনুষ্ঠানটি আমাদের শিখিয়েছিল। শিখিয়েছিলেন সদ্যপ্রয়াত সমর বাগচী (১৯৩৩-২০২৩) প্রথাগত প্রাতিষ্ঠানিক শিক্ষক না হয়েও বিজ্ঞানকে ভালবেসে, প্রকৃতিকে ভালবেসে, মানুষকে ভালবেসে তিনি হয়ে উঠেছিলেন শিক্ষকেরও শিক্ষক।

বিজ্ঞানচেতনার প্রসারকে তিনি নিজের জীবনের অঙ্গ করেছিলেন। হয়তো চলেছেন কোথাও বিজ্ঞানের কর্মশালায় প্রদর্শনী করতে। পাশে বসা সহযাত্রী কিশোর বা কিশোরীটিকে যেচে আলাপ করে বুঝিয়ে দিলেন গতিজাড্যের কথা, সম্বল নিজের গলায় ঝোলানো চশমাটি। আবার পাড়ার দোকানে কিছু কিনতে গিয়ে দোকানির ১০০ গ্রামের বাটখারাটি নিয়ে এক নিউটন বলের ধারণা দিলেন ওই দোকানে খাতা কিনতে আসা কোনও ছাত্রকে। ওঁর একটি বড় ব্যাগ ছিল, উনি বলতেন "কাকের বাসা"। কী ছিল না তাতে! যাবতীয় ফেলে দেওয়া বস্তু, শিশিবোতল, প্লাস্টিকের নানা ভাঙাচোরা জিনিস, গ্রামের মেলায় কেনা খেলনা সব ঠাঁই পেত সে কাকের বাসায়। সমরবাবু এই সব ফেলে দেওয়া আপাততুচ্ছ জিনিসে দেখতেন বিজ্ঞানের বিস্ময়। বিশেষত আমাদের দেশজ খেলনার মধ্যে লুকিয়ে থাকা বিজ্ঞানের সাধারণ সূত্রগুলি নতুন প্রজন্মের সামনে তুলে ধরায় তাঁর ছিল অনাবিল আনন্দ। জন্ম বিহারের পূর্ণিয়ায়। স্কুলের লেখাপড়া দুমকা ও মুঙ্গেরে। ম্যাট্রিকের সময় পিতৃবিয়োগ, তার পর থেকে কলকাতায় বসবাস। স্কটিশ চার্চ কলেজে বি এসসি পড়ার সময়ে তাঁর মধ্যে যে পরিবর্তন তিনি অনুভব করেন, সেই স্মৃতি তিনি বার বার বিভিন্ন প্রসঙ্গে উল্লেখ করতেন। বলতেন পদার্থবিদ্যার অধ্যাপক ডি পি রায়চৌধুরীর কথা। তাঁর ক্লাসে বৈজ্ঞানিক পরীক্ষার মাধ্যমে পাঠদান তাঁর মনে চিরস্থায়ী হয়েছিল। বাংলা সাহিত্যের অধ্যাপকের অনর্গল আবৃত্তি তাঁকে অনুপ্রাণিত করে; যে কোনও আড্ডায়, কর্মশালায় প্রিয় কবি অরুণ মিত্র, জীবনানন্দ দাশ, ইয়েটস ও রবীন্দ্রনাথের কবিতাগুলি তিনি স্মৃতি থেকে বলতেন তাঁর বক্তব্যের সমর্থনে। আর তিনি বলতেন তাঁর এক বামপন্থী আত্মীয়ের কথা, যাঁর সাহচর্যে তাঁর বিভিন্ন বিষয়ে বই পড়ার অভ্যাস গড়ে ওঠে।

বি এসসির পর তিনি ধানবাদ স্কুল অব মাইন্সে ভর্তি হন। কিন্তু, সেই পেশায় যাওয়া হল না শেষ পর্যন্ত। ফুটবল খেলতে গিয়ে শিরদাঁড়ায় চোট পেলেন, অস্ত্রোপচার হল। খনির চাকরিতে শারীরিক সক্ষমতা বাধা হয়ে দাঁড়াল। হঠাত কাগজে কলকাতার বিড়লা ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড টেকনোলজিক্যাল মিউজিয়মের বিজ্ঞাপন দেখে আবেদন পাঠান। সেই চাকরি তাঁর জন্য এক নতুন দিগন্ত খুলে দেয়। ক্রমে তিনি এই প্রতিষ্ঠানের নির্দেশক পদে উন্নীত হন। এই সংস্থাকে শুধুমাত্র এক কারিগরি শিল্পের সংগ্রহশালায় আটকে না রেখে, মুখ্যমন্ত্রী বিধানচন্দ্র রায়ের ভাবনা অনুযায়ী তিনি একে এক শিক্ষামূলক প্রতিষ্ঠানে পরিণত করেন। ওঁর প্রচেষ্টায় এখানে ছাত্রছাত্রীদের অবাধ বিচরণ, খুশিমতো পরীক্ষার মাধ্যমে কৌতূহল নিরসন ও আপন সৃষ্টিভাবনাকে প্রয়োগ করার সুযোগ। ক্রমে সর্বভারতীয় স্তরে বিজ্ঞান সচেতনতা প্রসারের আন্দোলন গড়ে ওঠে ওঁর মতো আরও কিছু উদ্যোগী মানুষের সহযোগিতায়। শুধু বাংলায় নয়, দেশের সব প্রান্তেই বিজ্ঞান আন্দোলন গড়ে তোলা, বিজ্ঞান মেলার আয়োজন, কলকাতার আদলে কারিগরি বিজ্ঞান সংগ্রহশালা গড়ে তোলা এবং সর্বোপরি যে কেউ বিজ্ঞান সচেতনতা প্রসারের সামান্য চেষ্টা করলেই তাঁর পাশে দাঁড়ানো এই সব কর্মকাণ্ডের পিছনে গত চল্লিশ বছরে এই একটি সদাহাস্যময় অক্লান্ত মানুষকে পাওয়া নিশ্চিত। দূরদর্শনের কোয়েস্ট অনুষ্ঠানের পরিকল্পনা ও পরিবেশনায় অগ্রণী ভূমিকা নেন তিনি। সারা দেশ জুড়ে এই অনুষ্ঠানের বিপুল জনপ্রিয়তা ও অভিনবত্ব তাঁকে বিজ্ঞান জনপ্রিয়করণে রাষ্ট্রীয় পুরস্কারে ভূষিত করে। সেই সম্মান তাঁকে আরও দায়িত্বসচেতন, কর্মোদ্যোগী করেছিল। জীবনসায়াহ্নেও বার বার বলতেন, "অনেক কাজ পড়ে আছে হে, আমি এ ভাবে শুয়ে থাকলে শেষ করব কবে?" যা জানতেন, উজাড় করে দিতেন; যা জানতেন না, তাও নিজে পরিশ্রম করে খুঁজে বার করে যার প্রয়োজন তাঁকে উদ্যোগ নিয়ে জানিয়ে আসতেন। তাঁর সান্নিধ্যে এসেছেন, এমন প্রত্যেকেরই এ রকম অভিজ্ঞতা হয়েছে। শিশুকিশোরদের মধ্যে যাতে অন্য প্রাণীদের প্রতি সম্মান ও ভালবাসা জাগে, তার জন্য তৈরি করেছিলেন পোষ্যদের নিয়ে ক্লাব। অনাথ শিশুদের মধ্যেও আনন্দের মধ্যে দিয়ে শিক্ষার আলো ছড়িয়ে দেওয়ার প্রয়াসে সক্রিয় হন। পাহাড়ে বেড়াতে গিয়ে সন্ধেবেলা অনন্ত আকাশের চালচিত্রে চিনিয়ে দেন অসংখ্য নক্ষত্র, যেন তারা সব তাঁর ঘরের পাশের প্রতিবেশী। আবার সঙ্গীতের আসরেও তাঁর উপস্থিতি, সে নিয়েও তিনি সরস আলোচনায় মেতে উঠতেন।

পরিবেশ রক্ষায় পথে নেমে হেঁটেছিলেন মেধা পটকরের পাশে; পঁচাশি বছর বয়সে পৌঁছেও মানবাধিকার রক্ষায় মিছিলে পা মেলান সবার সঙ্গে। বার বার বলতেন, "আমাদের পরবর্তী প্রজন্মের হাতে এ কোন পৃথিবী তুলে দিয়ে যাব আমরা?" পরিবেশের কথায়, মানুষের কথায়, সমাজ প্রসঙ্গে বার বার তাঁর কণ্ঠে বেজে উঠত তাঁর অন্তরের বিশ্বাস তাঁর প্রিয় কবি অরুণ মিত্র ও জীবনানন্দের ভাষ্যে। গান্ধী ও রবীন্দ্রনাথে ছিলেন সম্পূর্ণ নিমজ্জিত, সম্পৃক্ত। লিখেছেন প্রচুর, যার বেশিটাই ছড়িয়ে রয়েছে বিভিন্ন ছোট-বড় পত্রপত্রিকায়। কত জনকে কত রকম ভাবে উতাহ দিয়েছেন, তার ইয়ত্তা নেই। বিজ্ঞানকে পেশা করা হোক বা না হোক, দৈনন্দিন জীবনচর্যায় বিজ্ঞানোচিত আচরণ এই পৃথিবীকে বাসযোগ্য করে তুলবে, এই ভাবনার শরিক হোক প্রত্যেকে, এটাই ছিল এই আমৃত্যু যুবকের স্বপ্ন।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# মর্যাদাপূর্ণ সেবক-রংপো নতুন রেল লাইন প্রকল্পে অন্য একটি ফলক দ্বিতীয় দীর্ঘতম টানেল নং টি-০১-এর সাফল্য অর্জন




মালিগাঁও, ২৮ ফেব্রুয়ারি, ২০২৪: ২৭ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখে এক গুরুত্বপূর্ণ মাইলস্টোন হিসেবে পশ্চিমবঙ্গের দার্জিলিং জেলায় অবস্থিত সেবক-রংপো রেল প্রোজেক্ট (এসআরআরপি)-এর টানেল নং টি-০১ (৪২২৪ মিটার)-এর অ্যাডিট-এ এক সাফল্য অর্জন করা হয়েছে। এই টানেলের সাফল্যের ফলে এই প্রকল্পের সমস্ত অ্যাডিট টানেল খননের কার্যকলাপ সফলভাবে সম্পন্ন করা হয়েছে।পশ্চিমবঙ্গের দার্জিলিং জেলার কোরোন্যাশন ব্রিজের নিকটে অবস্থিত ৮৫৫ মিটার দৈর্ঘের ইভাকুয়েশন টানেলের পাশাপাশি মূল টানেল টি-০১ এর দৈর্ঘ ৪২২৪ মিটার। মূল টানেলটি দুর্বল ও প্রত্যাহ্বানমূলক ভূ-তাত্ত্বিক অবস্থা এবং তরুণ হিমালয়ের ভূকম্পীয় অবস্থার মধ্য দিয়ে প্রসারিত হয়েছে। এসআরআরপি-এর অন্যান্য সমস্ত টানেলের মতো মাটির ভারের দুর্বলতা প্রতিরোধ করতে, সর্বশেষ ও সবচেয়ে আধুনিক ও পরিশীলিত টানেলিং টেকনোলজি তথা নিউ অস্ট্রিয়ান টানেলিং মেথড (এনএটিএম) ব্যবহার করা হয়েছে। সেবক-রংপো নতুন রেল সংযোগী প্রকল্পটি প্রায় ৪৫ কি.মি. লম্বা, যা সেবক (পশ্চিমবঙ্গ) ও রংপোকে (সিকিম) সংযুক্ত করবে এবং ১৪টি টানেল, ১৩টি মেজর ব্রিজ, ০৯টি মাইনর ব্রিজ ও ৫টি স্টেশন অন্তর্ভুক্ত করা হয়েছে। দীর্ঘতম টানেলটি (টি-১০) ৫.৩ কিমি এবং দীর্ঘতম ব্রিজটি (ব্রিজ-১৭) ৪২৫ মিটার লম্বা। সমগ্র প্রকল্পটির প্রায় ৩৮.৬৫ কি.মি. বিন্যাস টানেলের মাধ্যমে অতিক্রম হয়েছে। টানেল নির্মাণের ৯১.৫% কাজ ইতিমধ্যেই সম্পূর্ণ হয়েছে। বর্তমানে টানেল টি-১৪ ও টি-০৯-এর ফাইনাল লাইনিং সম্পূর্ণ করা হয়েছে এবং টানেল টি-০২, টি-০৩, টি-০৫, টি-০৬, টি-০৭, টি-১০, টি-১১ ও টি-১২-এর কাজ অগ্রগতি লাভ করেছে। আজকের তারিখ পর্যন্ত মোট ১০.৮৯ কিমি লাইনিং সম্পূর্ণ হয়েছে। সবগুলি সেকশনের দিন-রাত ২৪ ঘণ্টাই কাজ চালানো হচ্ছে। এটি ভারতের অন্যতম একটি মর্যাদাপূর্ণ নির্মীয়মাণ জাতীয় প্রকল্প এবং প্রকল্পটি সম্পূর্ণ হয়ে গেলে প্রথমবারের জন্য সিকিম রেলওয়ের মাধ্যমে সংযুক্ত হয়ে যাবে। এই রেল নেটওয়ার্কটি সম্পূর্ণ হওয়ার পর সিকিমের সাথে একটি বিকল্পমূলক সংযোগ প্রদান করবে। প্রকল্পটি সম্পূর্ণ করতে বর্তমানে টানেল, ব্রিজ ও স্টেশন ইয়ার্ড নির্মাণ সম্পর্কিত সমস্ত কার্যকলাপ যুদ্ধকালীন পরিস্থিতিতে চালানো হচ্ছে।

## নানাবিধ রেল ও সড়ক প্রকল্প উৎসর্গ করলেন প্রধানমন্ত্রী

# "থূতুকুডিতে তামিলনাড়ু প্রগতির এক নতুন অধ্যায় লিখতে শুরু করেছে"

নয়াদিল্লি, ২৮ ফেব্রুয়ারি, ২০২৪।। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ তামিলনাড়ুর থুথুকুড়িতে ১৭,৩০০ কোটি টাকার বেশি একগুচ্ছ উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন। তিনি ভি.ও.চিদম্বরনার বন্দরের আউটার হারবার কন্টেনার টার্মিনালের শিলান্যাস করেছেন। এই অনুষ্ঠানে ভারতের প্রথম দেশীয় প্রযুক্তিতে নির্মিত পরিবেশ-বান্ধব হাইড্রোজেন জ্বালানি চালিত জলযান, বিভিন্ন রেল ও সড়ক প্রকল্প জাতির উদ্দেশে উৎসর্গ করেছেন শ্রী মোদী। এছাড়াও, ১০টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে ৭৫টি লাইটহাউজে পর্যটন সংক্রান্ত ব্যবস্থাপনার সূচনা করেছেন তিনি। অনুষ্ঠানে যে রেল প্রকল্পগুলি জাতির উদ্দেশে উৎসর্গ করা হয়েছে, সেগুলি হল : বাঞ্চি মানিয়াচ্ছি-নাগেরকয়েল রেললাইনে দ্বিতীয় লাইন, বাঞ্চি মানিয়াচ্ছি-তিরুনেলভেলি শাখা এবং মেলাপ্পালায়াম-আরালভয়মোলি শাখায় দ্বিতীয় লাইন। এছাড়াও, ৪,৫৮৬ কোটি টাকার একগুচ্ছ সড়ক প্রকল্পও জাতির উদ্দেশে উৎসর্গ করা হয়েছে।

প্রধানমন্ত্রী এই অনুষ্ঠানে বলেন, থুথুকুড়িতে তামিলনাড়ুর উন্নয়নের নতুন এক অধ্যায় রচিত হয়েছে। উন্নত ভারতের সড়ক মানচিত্রে একগুচ্ছ প্রকল্পের শিলান্যাস ও উদ্বোধন করা হল। প্রত্যেকে আজ 'এক ভারত শ্রেষ্ঠ ভারত' ভাবনাকে প্রত্যক্ষ করতে পারছেন। যদিও অনুষ্ঠানটি থুথুকুড়িতে হচ্ছে, কিন্তু দেশজুড়ে বিভিন্ন স্থানে আগামীদিনে উন্নয়নযাত্রা অনুভূত হবে।

প্রধানমন্ত্রী 'বিকশিত ভারত' বাস্তবায়নে তামিলনাড়ুর ভূমিকার কথা উল্লেখ করেন। তিনি বলেন, দু'বছর আগে চিদম্বরনার বন্দরের সম্প্রসারণের জন্য বেশ কয়েকটি প্রকল্পের সূচনা ক্রা হয়, যাতে এই বন্দর জাহাজ চলাচলের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ কেন্দ্র হয়ে ওঠে। "সেই গ্যারান্টি আজ বাস্তবায়িত হল।" ভি.ও.চিদম্বরনার বন্দরের আউটার হারবার কন্টেনার টার্মিনালের শিলান্যাস প্রসঙ্গে তিনি বলেন, এই প্রকল্প বাস্তবায়নে ৭ হাজার কোটি টাকা বিনিয়োগ করা হবে। আজ ৯০০ কোটি টাকার বিভিন্ন প্রকল্প জাতির উদ্দেশে উৎসর্গ করা হয়েছে। এছাড়াও, ১৩টি বন্দরের জন্য ২,৫০০ কোটি টাকার একগুচ্ছ প্রকল্পের কাজের সূচনা হয়েছে। এই প্রকল্পগুলি তামিলনাড়ুর উন্নয়নে সহায়ক হবে এবং রাজ্যে বিভিন্ন ক্ষেত্রে কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে।

শ্রী মোদী বলেন, আজ যে উন্নয়নমূলক প্রকল্পগুলির সূচনা হয়েছে তার কাজ বর্তমান সরকারের সময়কালেই বাস্তবায়িত হয়েছে। পূর্বতন সরকারগুলি এই প্রকল্পগুলির বিষয়ে গুরুত্ব দেয়নি। "আমি তামিলনাড়ুকে সেবা করার জন্য এবং তার ভবিষ্যৎ পরিবর্তনের জন্য এসেছি।"

'হরিৎ নৌকা উদ্যোগ'-এর আওতায় ভারতে দেশীয় প্রযুক্তিতে নির্মিত প্রথম পরিবেশ-বান্ধব জ্বালানি, হাইড্রোজেন-চালিত জলযান তার যাত্রা শুরু করল। এটি কাশীর জন্য তামিলনাড়ুর জনসাধারণের উপহার। কাশী তামিল সঙ্গমম-এ তামিলনাড়ুর জনগণের উৎসাহ-উদ্দীপনা তাঁর নজরে এসেছে। ভি.ও.চিদম্বরনার বন্দরকে দেশের প্রথম পরিবেশ-বান্ধব হাইড্রোজেন জ্বালানির বন্দর হিসেবে গড়ে তুলতে বেশ কয়েকটি প্রকল্পের উদ্বোধন করেন তিনি। এই প্রকল্পগুলির মধ্যে রয়েছে : সামুদ্রিক জলকে লবণমুক্ত করার কেন্দ্র, হাইড্রোজেন উৎপাদন কেন্দ্র এবং বাঙ্কারের বিশেষ সুবিধা। "আজ সারা বিশ্ব যে বিকল্প পথের সন্ধান করছে, তামিলনাড়ু তাকে সহযোগিতা করবে।"

প্রধানমন্ত্রী আজ এই অনুষ্ঠানে যে রেল ও সড়ক প্রকল্পগুলির শিলান্যাস ও উদ্বোধন করেছেন, সে বিষয়ে বিস্তারিত জানিয়েছেন। সংশ্লিষ্ট প্রকল্পগুলি বাস্তবায়নের ফলে দক্ষিণ তামিলনাড়ু এবং কেরালার মধ্যে যোগাযোগ ব্যবস্থার উন্নতি হবে। এর ফলে, তিরুনেলভেলি ও নাগেরকয়েলে যানজট দূর হবে। তামিলনাড়ুতে ৪ হাজার কোটি টাকার বেশি অর্থ ব্যয়ে চারটি সড়ক প্রকল্পের আধুনিকীকরণের কাজ হবে। এর ফলে, রাজ্যে যোগাযোগ ব্যবস্থার মানোন্নয়ন ঘটবে, এক স্থান থেকে অন্য স্থানে কম সময়ে যাওয়া যাবে। ফলস্বরূপ, ব্যবসা-বাণিজ্য ও পর্যটন শিল্পের প্রসার ঘটবে।

শ্রী মোদী বলেন, আজ দেশে সম্পূর্ণ সরকারি উদ্যোগে বিভিন্ন প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। তামিলনাড়ুতে যোগাযোগ ব্যবস্থার উন্নতির জন্য এবং বিভিন্ন সুযোগ তৈরি করার জন্য সড়ক, মহাসড়ক এবং জলপথ দপ্তর একযোগে কাজ করছে। বহুপাক্ষিক ব্যবস্থাপনার মাধ্যমে রাজ্যের উন্নয়নে গতি আনা হচ্ছে।

প্রধানমন্ত্রী এই প্রসঙ্গে দেশের গুরুত্বপূর্ণ লাইটহাউজগুলিকে পর্যটন কেন্দ্রে পরিণত করার জন্য তাঁর পরামর্শের কথা উল্লেখ করেন। বেতার অনুষ্ঠান 'মন কি বাত'-এর একটি পর্বে তিনি এই প্রসঙ্গ উত্থাপন করেন। ১০টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ৭৫টি লাইটহাউজে পর্যটন ব্যবস্থাপনা উৎসর্গ করা হল। "একসঙ্গে ৭৫টি জায়গায় উন্নয়নমূলক কাজের সূচনা হয়েছে, এটিই নতুন ভারত"। এই ৭৫টি জায়গা আগামীদিনে গুরুত্বপূর্ণ পর্যটন কেন্দ্র হয়ে উঠবে বলে তিনি আশা প্রকাশ করেন।

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন উদ্যোগের কথা উল্লেখ করে শ্রী মোদী জানান, গত ১০ বছরে তামিলনাড়ুতে ১,৩০০ কিলোমিটার রেল প্রকল্পের কাজ হয়েছে। ২ হাজার কিলোমিটার রেলপথের বৈদ্যুতিকীকরণের কাজ শেষ হয়েছে। রেলপথের ওপর উড়ালপুল এবং বিভিন্ন জায়গায় আন্ডারপাস তৈরি করা হয়েছে। বেশ কয়েকটি রেল স্টেশনের মানোন্নয়ন ঘটানো হয়েছে। বর্তমানে এই রাজ্যে পাঁচটি বন্দে ভারত এক্সপ্রেস চলাচল করে। ফলে, যাত্রীরা আন্তর্জাতিক মানের পরিষেবা পাচ্ছেন। কেন্দ্রীয় সরকার তামিলনাড়ুর বিভিন্ন সড়ক প্রকল্পের জন্য ১.৫ লক্ষ কোটি টাকা বিনিয়োগ করছে। "দেশে যোগাযোগ ব্যবস্থার উন্নতি ঘটিয়ে কেন্দ্রীয় সরকার সহজ জীবনযাত্রার মানোন্নয়ন ঘটাতে উদ্যোগী হয়েছে।"

জলপথ পরিবহণ এবং সমুদ্রপথে পরিবহণের ক্ষেত্রে দেশের বিরাট সম্ভাবনার প্রসঙ্গ উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, এই ক্ষেত্রগুলি 'বিকশিত ভারত' গড়ে তোলার জন্য প্রয়োজনীয় ভিত তৈরি করবে। দক্ষিণ ভারতের বিভিন্ন অঞ্চলের সঙ্গে তামিলনাড়ুও এর সুফল পাবে। তামিলনাড়ুতে ১২টি ছোট বন্দর সহ তিনটি বৃহৎ সমুদ্র বন্দর রয়েছে। "সামুদ্রিক ক্ষেত্রের উন্নয়নের অর্থ তামিলনাড়ুর মতো রাজ্যগুলির উন্নয়ন নিশ্চিত হওয়া।" গত এক দশকে ভি.ও.চিদম্বরনার বন্দরে ৩৫ শতাংশের বেশি জাহাজ চলাচল করছে। গত বছর এই বন্দরে ৩ কোটি ৮০ লক্ষ টন পণ্য ওঠানো-নামানো হয়েছে। এই বন্দরের বার্ষিক উন্নয়ন ১১ শতাংশ। 'সাগরমালা' প্রকল্পের মতো বিভিন্ন প্রকল্পের সুবিধা পাওয়া যাচ্ছে। "দেশের অন্যান্য বন্দরেও এই ধরনের উন্নয়ন আগামীদিনে নিশ্চিত হবে।"

প্রধানমন্ত্রী বলেন, জলপথ এবং সামুদ্রিক পরিবহণে ভারত নতুন রেকর্ড গড়ছে। পণ্য পরিবহণের ক্ষেত্রে দেশ ৩৮ ধাপ উঠে এসেছে। গত এক দশকে বন্দরগুলির পণ্য পরিবহণের ক্ষমতা দ্বিগুণ হয়েছে। এই সময়কালে জাতীয় জলপথের পরিমাণ আটগুণ বৃদ্ধি পেয়েছে। সমুদ্রপথে যাত্রী পরিবহণ চারগুণ বেড়েছে। এর সুফল তামিলনাড়ু এবং আমাদের যুব সম্প্রদায়ের কাছে পৌঁছচ্ছে। "আমি নিশ্চিত, তামিলনাড়ু উন্নয়নের পথ ধরে আরও এগিয়ে যাবে। আপনারা আমাদের তৃতীয়বার সেবা করার সুযোগ দিলে, আরও উৎসাহ ও উদ্দীপনা নিয়ে সেই দায়িত্ব পালনের গ্যারান্টি আমি দিচ্ছি।"

তাঁর বর্তমান সফরকালে তামিলনাড়ুর বিভিন্ন অঞ্চলের মানুষের ভালোবাসা ও আশীর্বাদ প্রাপ্তির প্রসঙ্গ উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, কেন্দ্রীয় সরকার বিভিন্ন ক্ষেত্রে রাজ্যের প্রতি দায়বদ্ধ। রাজ্যের মানুষের থেকে যে ভালোবাসা তিনি পেয়েছেন, তা এই রাজ্যের উন্নয়নের মাধ্যমে প্রতিফলিত হবে।

তাঁর ভাষণের শেষে প্রধানমন্ত্রী সকলকে মোবাইল ফোনের আলো জ্বালাতে অনুরোধ করেন। এর মধ্য দিয়ে তামিলনাড়ু এবং কেন্দ্রীয় সরকার 'উন্নয়ন উৎসব' উদযাপন করবে।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে রাজ্যের রাজ্যপাল শ্রী আর এন রবি, কেন্দ্রীয় বন্দর, জাহাজ চলাচল ও জলপথ মন্ত্রী শ্রী সর্বানন্দ সোনোয়াল এবং কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ডঃ এল মুরুগন উপস্থিত ছিলেন।

প্রেক্ষাপট :

প্রধানমন্ত্রী থুথুকুড়িতে একটি জনসভায় ভি.ও. চিদাম্বরনার বন্দরে একটি আউটার হারবার কন্টেনার টার্মিনালের শিলান্যাস করেন। পূর্ব উপকূলের জন্য ভি.ও. চিদাম্বরনার বন্দরকে ট্রান্সশিপমেন্ট হাব হিসেবে গড়ে তোলার লক্ষ্যে এই কন্টেনার টার্মিনাল নির্মাণ একটি পদক্ষেপ। এই প্রকল্পের লক্ষ্য ভারতের সুদীর্ঘ উপকূল এবং সহায়ক ভৌগোলিক অঞ্চলকে সারা বিশ্বের কাছে তুলে ধরা। এই বড় পরিকাঠামো প্রকল্পটি কর্মসংস্থান তৈরি করবে এবং এই অঞ্চলের অর্থনৈতিক বৃদ্ধি ঘটাবে।

দেশের প্রথম পরিবেশ-বান্ধব হাইড্রোজেন বন্দর হিসেবে ভি.ও. চিদাম্বরনার পোর্টকে গড়ে তুলতে অন্যান্য একাধিক প্রকল্পের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী। এই প্রকল্পগুলির মধ্যে আছে নোনতা জল পরিশোধন কেন্দ্র, হাইড্রোজেন উৎপাদন এবং সংরক্ষণ কেন্দ্র। প্রধানমন্ত্রী হরিৎ নৌকা উদ্যোগের অধীনে ভারতের প্রথম দেশীয় প্রযুক্তিতে তৈরি গ্রীন হাইড্রোজেন ফুয়েল সেল ইনল্যান্ড ওয়াটারওয়ে এই জাহাজের সূচনা করেন। এই জাহাজটি তৈরি করা হয়েছে কোচিন শিপইয়ার্ডে এবং এটা পরিবেশ-বান্ধব জ্বালানী এবং দেশের শূন্য কার্বন নিঃসরণের দায়বদ্ধতার লক্ষ্যে একটি উল্লেখযোগ্য পদক্ষেপ। প্রধানমন্ত্রী তাঁর অনুষ্ঠানে ১০ টি রাজ্য / কেন্দ্রশাসিত অঞ্চলের ৭৫ টি লাইট হাউসে পর্যটন ব্যবস্থা জাতির উদ্দেশে উৎসর্গ করেন।

প্রধানমন্ত্রী তামিলনাড়ুর ৪ টি সড়ক প্রকল্প জাতির উদ্দেশে উৎসর্গ করেন। এগুলি তৈরি হয়েছে প্রায় ৪,৫৮৬ কোটি টাকা খরচে। এই প্রকল্পগুলির মধ্যে আছে ৮৪৪ নম্বর জাতীয় সড়কে জিত্তনদহল্লি-ধর্মপুরী শাখাকে চার লেন করা; ৮১ নম্বর জাতীয় সড়কের মীনসুরত্তী-চিদাম্বরম শাখাকে দু-লেন করা এবং ৮৩ নম্বর জাতীয় সড়কে নাগাপত্তিনম—থাঞ্জাভুর শাখাকে দু-লেন করা। এই প্রকল্পগুলির লক্ষ্য যোগাযোগের উন্নতি করা, যাতায়াতের সময় কমানো, আর্থ সামাজিক বৃদ্ধি এবং এই অঞ্চলের তীর্থ যাত্রার সুবিধা করা।

## কমনওয়েলথ দাবায় সোনা জিতলেন বাংলার মিত্রাভ

কলকাতা, ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : মালয়েশিয়ার মালেকায় কমনওয়েলথ দাবা চ্যাম্পিয়নশিপে সোনা জিতলেন গ্র্যান্ডমাস্টার মিত্রাভ গুহ। প্রতিযোগিতার ওপেন বিভাগে ৯ পয়েন্টের মধ্যে সাড়ে ৭ পয়েন্ট পেয়ে চ্যাম্পিয়ন হলেন এই বাঙালি।

বুধবার মালেকা থেকে হোয়াটসঅ্যাপ কলে তিনি বলেছেন, "যে কোনও আন্তর্জাতিক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হওয়াটা আত্মবিশ্বাস বাড়ায়। আমারও আত্মবিশ্বাস বেড়েছে। আমি দারুণ খুশি। আশা করছি ভবিষ্যতে এই জয় আমাকে এগিয়ে যেতে উদ্বুদ্ধ করবে।" গতবার শ্রীলঙ্কায় রানার্স হয়েছিলেন মিত্রাভ। তিনি বলেন, "কমনওয়েলথ চ্যাম্পিয়নশিপে শেষবার রুপো পেয়েছিলাম। এবার প্রথম থেকেই লক্ষ্য ছিল চ্যাম্পিয়ন হওয়া। সেই লক্ষ্য পূরণ হয়েছে। আগামী ৪ মার্চ থেকে মহারাষ্ট্রের নাসিকে শুরু হচ্ছে জাতীয় ব্লিৎজ। সেই প্রতিযোগিতায় ভালো সাফল্য চান এই গ্র্যান্ডমাস্টার।

## এত কাজ করেন, তাও তাঁর নামেই মিথ্যে ছড়ানো হচ্ছে, ক্ষোভ মমতার

বাঁকুড়া, ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : টিভি চ্যানেল এবং ইউটিউবের মাধ্যমে তাঁর নামেই মিথ্যে ছড়ানো হচ্ছে। বুধবার বাঁকুড়ার খাতরায় সভা করেন মমতা বন্দ্যোপাধ্যায়। সেখান থেকেই বিরোধীদের নিশানা করেন তিনি।তাঁর নামে মিথ্যা প্রচার করা হয় বলে দাবি করেন মমতা। তাঁর কথায়, 'যত মিথ্যে কথা, ভাঁওতা, টিভি চ্যানেল, সোশ্যাল মিডিয়া, ইউটিউবের মাধ্যমে অপপ্রচার করা হয়। যারা কাজ করে, তাদের বিরুদ্ধেই এই অপপ্রচার চলে।"তিনি বলেন, "আমি এত কাজ করি। কিন্তু আমাকে শুধু গালাগালি দেয়। আমি বলি, তোমরা আমাকে যা ইচ্ছে গালাগালি দাও, আমার কিছু যায় আসে না। মানুষ যতদিন আমার সঙ্গে থাকবেন, আমি থোড়াই কেয়ার করি। তোমাদের গালাগালিকে।'মমতা বলেন, যেটা ভুল, সেটা ভুলই। ভুলকে কখনও প্রশ্রয় দেন না তিনি। জ্ঞানত কখনও প্রশ্রয় দেননি, আগামী দিনেও দেবেন না। অজান্তে যদি কিছু ঘটে থাকে, তাতেও প্রশ্রয় নেই তাঁর। সব রকম সাহায্য করতে এগিয়ে যাবেন। যারা সব ঘেঁটে দিতে চাইছে, তাদের কথা কানে তোলা উচিত নয়, শান্তি বজায় রাখতে হবে বলে এদিন বার্তা দেন মমতা।'

## দিল্লির তথ্যসন্ধানী দলকে সন্দেশখালি যাওয়ার অনুমতি দিল হাই কোর্ট

কলকাতা, ২৮ ফেব্রুয়ারি, (হি.স.): দিল্লি থেকে আসা তথ্যসন্ধানী দল বা ফ্যাক্ট ফাইন্ডিং কমিটিকে সন্দেশখালিতে যাওয়ার অনুমতি দিল কলকাতা হাই কোর্ট।

গত রবিবার ওই দলের প্রতিনিধিরা সন্দেশখালিতে যাওয়ার চেষ্টা করেছিলেন। পুলিশ মাঝপথে তাঁদের বাধা দেয়। এর পর রাজ্যপালের সঙ্গে সাক্ষাৎ করেন দলের প্রতিনিধিরা। সন্দেশখালিতে যাওয়ার অনুমতি চেয়ে তাঁরা হাই কোর্টের দ্বারস্থ হন। বুধবার সেই অনুমতি দিয়েছে হাই কোর্টের বিচারপতি কৌশিক চন্দের ডিভিশন বেঞ্চ।আদালত জানিয়েছে, আগামী ৩ মার্চ সন্দেশখালিতে যেতে পারবেন তথ্যসন্ধানী দলের সদস্যেরা। তবে সন্দেশখালির সর্বত্র তাঁরা যেতে পারবেন না। যে সব এলাকায় ১৪৪ ধারা জারি করা হয়নি, সেখানেই ঢুকতে পারবেন তাঁরা। ১৪৪ ধারা জারি আছে যেখানে, সেখানে তথ্যসন্ধানী দল যেতে পারবে না।রাজভবন সূত্রে খবর, তথ্যসন্ধানী দলের সঙ্গে সাক্ষাতের পরেই রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমারের কাছ থেকে রিপোর্ট তলব করেছেন রাজ্যপাল। তার পর হাই কোর্ট থেকেও তথ্যসন্ধানী দলটিকে সন্দেশখালিতে যাওয়ার অনুমতি দেওয়া হল। আদালতে তথ্যসন্ধানী দলের হয়ে মামলাটি লড়ছেন আইনজীবী তরুণজ্যোতি তিওয়ারি।

## হিমাচল বিধানসভায় ২০২৪ অর্থ বিল পাস, অনুপস্থিতিতে বিরোধী দল বিজেপির

শিমলা, ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : হিমাচল প্রদেশ বিধানসভায় বুধবার বিরোধীদের অনুপস্থিতিতে অর্থ বিল, ২০২৪ পাস হয়েছে। এর ফলে বিধানসভা অধিবেশনের মাধ্যমে বোঝা যাচ্ছে যে সুখবিন্দর সিং সুখু সরকারের পতনের আশঙ্কা আপাতত নেই বললেই চলে। বুধবার দুপুরে মধ্যাহ্নভোজের পর বিধানসভার কার্যক্রম শুরু হয়। যদিও এদিন বিজেপির বহিষ্কৃত ১৫ জন বিধায়ক বিধানসভায় আসেননি। বিধানসভার কার্যক্রম শুরু হওয়ার সঙ্গে সঙ্গেই বিজেপি বিধায়কদের বহিষ্কারের প্রসঙ্গ তোলেন প্রবীণ বিজেপি বিধায়ক সাতপাল সত্তি।হিমাচল প্রদেশের মুখ্যমন্ত্রী সুখবিন্দর সিং সুখু এদিন বিধানসভায় বলেছেন, বিজেপি বিধায়কদের বহিষ্কারের সময় যে হৈ-হট্টগোল হয়েছিল তার জন্য তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া উচিত। তিনি আরও বলেন, বিজেপি টাকা দিয়ে রাজ্যসভা নির্বাচনে জিতেছে, যারা নিয়ম ভঙ্গ করেছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া উচিত বলেও এদিন তোপ দাগেন সুখু। এই বিষয়ে বিধানসভার অধ্যক্ষ কুলদীপ সিং পাঠানিয়া বলেছেন, যে ১৫ জন বিজেপি বিধায়ককে বহিষ্কার করা হয়েছে, তাঁরা বিধানসভার ঐতিহ্য ভেঙেছেন, যা দুঃখজনক।

## এআই ও আইওটি নিয়ে বিশেষ আলোচনা, পূর্ব ভারতে শুরু প্রথম প্রাইভেট ক্লাউড কম্পিউটিং ল্যাব

কলকাতা, ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : কম্পিউটিং পরিকাঠামোর আগামী দিনগুলিকে আরও সম্ভাবনাময় করে তুলতে বুধবার পূর্ব ভারতের প্রথম প্রাইভেট ক্লাউড কম্পিউটিং ল্যাব-এর উন্মোচন করল ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্টের ইনোভেশন অন্ট্রাপ্রনারশিপ ডেভেলপমেন্টাল সেল।

এই ক্লাউড কম্পিউটিং ল্যাব-এর উন্মোচনের পাশাপাশি বুধবার আয়োজিত হয় একটি আলোচনা সভাও, যার বিষয়বস্তু ছিল ক্লাউড কম্পিউটিং, ইন্টারনেট অফ থিংস (আইওটি), এবং আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স (এআই) ট্রেন্ডস।

আলোচনা সভায় উঠে আসে ক্লাউড কম্পিউটিং, এআই, এবং ইন্টারনেট অফ থিংস (আইওটি) এর ভবিষ্যতের বিভিন্ন দৃষ্টিকোণও। উপস্থিত ছিলেন এই বিষয়ের পারদর্শী কিছু বিশিষ্ট ব্যক্তিত্বও। তাঁদের মধ্যে উল্লেখযোগ্য ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট-এর ডিরেক্টর ডঃ সত্যজিৎ চক্রবর্তী; আইওটি ও অ্যাডভান্সড ইন্ডাস্ট্রিজের প্রধান দেবজিৎ মুখার্জি; এসটিপিআই কলকাতার অ্যাডিশনাল ডিরেক্টর দেবাশিস সতপথি; টাটা কনসালটেন্সি সার্ভিসেস-এর মুখ্য বিজ্ঞানী অভিযান ভট্টাচার্য; ওয়েবেল-এর ওএসডি জিহান খান, এবং আইবিএম-এর কৃত্রিম বুদ্ধিমত্তা বিভাগের জিএম ড. সন্মিত্র সরকার। তাঁদের বক্তব্যের মধ্যে দিয়ে তাঁরা এই প্রযুক্তিগুলির অভিন্নতা এবং বিভিন্ন ক্ষেত্রে সেগুলির সম্ভাবনার ওপর আলোকপাত করেন।

## বিজেপি গুঞ্জন ছড়াচ্ছে, ইস্তফা দেওয়া প্রসঙ্গে মন্তব্য সুখবিন্দর সুখুর

শিমলা, ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : ইস্তফা দিচ্ছেন না মুখ্যমন্ত্রী সুখবিন্দর সিং সুখু। বুধবার হিমাচল প্রদেশের মুখ্যমন্ত্রী নিজেই একথা জানিয়েছেন। তিনি সাংবাদিকদের মুখোমুখি হয়ে বলেছেন, 'আমাকে কেউ ইস্তফা দিতে বলেননি, আমি নিজেও ইস্তফা দিইনি। আমরা সংখ্যাগরিষ্ঠতা প্রমাণ করব। আমরা জিতব, হিমাচলের জয় হবে।' সুখু আরও বলেছেন, 'একজন বিধায়ক (যিনি রাজ্যসভা নির্বাচনে বিজেপি প্রার্থীকে ভোট দিয়েছিলেন) বলেছেন, তিনি দলের সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছেন, তাঁকে যেন ক্ষমা করে দেওয়া হয়, রাজ্যের মানুষ তাঁদের উত্তর দেবে।' বিক্রমাদিত্য সিংয়ের পদত্যাগের বিষয়ে মুখ্যমন্ত্রী বলেছেন, 'আমি বিক্রমাদিত্য সিংয়ের সঙ্গে কথা বলেছি এবং তিনি আমার ছোট ভাই। তাঁর পদত্যাগ গ্রহণ করার কোনও প্রশ্নই নেই। তাঁর কিছু অভিযোগ রয়েছে যা সমাধান করা হবে।'বিক্রমাদিত্যকে এদিন প্রশ্ন করা হয়, তিনি কী বিজেপিতে যোগ দেবেন? এই প্রশ্ন শুনে বিক্রমাদিত্য বলেছেন, 'না, তেমন কিছু নয়। আমি যাই বলি কেন, তা সব সময়ই তথ্য ও পরিস্থিতিগত প্রমাণের ভিত্তিতে হয়। রাজ্যে মুখ্যমন্ত্রী সুখবিন্দর সিং সুখুর নেতৃত্বাধীন কংগ্রেস সরকার রয়েছে, আজ অর্থ বিল পাস হয়েছে।'

## চালসায় চিতাবাঘের হানায় জখম চা শ্রমিক

চালসা, ২৮ ফেব্রুয়ারি (হি. স.) : জলপাইগুড়ির মেটেলি ব্লকের ইনডং চা বাগানে চিতাবাঘের হানায় জখম হলেন এক চা শ্রমিক। বুধবার সকালে ঘটনাটি ঘটে। জানা গেছে, জখম শ্রমিকের নাম আলব্রাট মুন্ডা (৫০)। প্রতিদিনের মতো এদিন সকালে চা বাগানের এ-৭ সেকশনে স্প্রে করার কাজ করছিলেন ওই শ্রমিক। সেই সময় চা গাছের ঝোপের আড়াল থেকে অতর্কিতে আক্রমণ করে চিতাবাঘটি।

গুরুতর জখম অবস্থায় শ্রমিককে উদ্ধার করে প্রথমে বাগানের হাসপাতালে নিয়ে যান অন্যান্য শ্রমিকরা। পরে তাঁকে মঙ্গলবাড়ি গ্রামীণ হাসপাতাল থেকে মালবাজার সুপারস্পেশালিটি হাসপাতালে ভর্তি করা হয়। খবর পেয়ে চালসায় পৌঁছন খুনিয়া স্কোয়াডের কর্মীরা। বন দফতরের তরফে জখম ব্যক্তির চিকিৎসার খরচ দেওয়া হবে বলে জানানো হয়েছে।

## আদিবাসীদের মন পাওয়ার চেষ্টায় ফের আশ্বাস মুখ্যমন্ত্রীর

বাঁকুড়া, ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : আদিবাসীদের মন পাওয়ার চেষ্টায় পুরুলিয়ার মত বাঁকুড়াতেও বুধবার তাঁদের আশ্বাস দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।


মমতা প্রকাশ্য সভায় বলেন, "সারি এবং সারনা ধর্মকে স্বীকৃতি না দিলে আমরা বড় আন্দোলন করব। কেন্দ্রকে চিঠি লিখেছি। কুর্মী সম্প্রদায় কোথায় থাকে তার একটা সমীক্ষা করছি। আদিবাসী শংসা পত্র নিয়েও সমস্যা দূর হবে দুয়ারে সরকারে অভিযোগ করলে।"

মুখ্যমন্ত্রী বলেন, "বিজেপি শাসিত রাজ্যে আদিবাসীদের উপর অত্যাচার হয়। আমরা আদিবাসীদের উপর অত্যাচার হতে দেব না। আমরা আদিবাসীদের জন্য বিশেষ আইন করেছি। আমরা আদিবাসীদের জমি দখল করতে দেব না।"

বাঁকুড়ার খাতড়ায় প্রশাসনিক সভা করেন মুখ্যমন্ত্রী। এই সভা থেকে কয়েক হাজার কোটি টাকার জনকল্যাণমূলক প্রকল্পের উদ্বোধন এবং শিলান্যাস করেন তিনি। এর আগে মঙ্গলবার পুরুলিয়া প্রশাসনিক সভা করেছিলেন মমতা। তার পর দিনই করলেন বাঁকুড়ার সভা। জঙ্গলমহলের তিন জেলার চারটি লোকসভা কেন্দ্র বর্তমানে বিজেপির দখলে। আসন্ন নির্বাচনে তাদের কাছ থেকে আসনগুলি ছিনিয়ে নিতে চায় তৃণমূল। লোকসভা নির্বাচনের আগে মমতার এই সফর রাজনৈতিক ভাবেও বিশেষ গুরুত্বপূর্ণ বলে মনে করা হচ্ছে।

# হরেকরকম
হরেকরকম হরেকরকম

## রক্ত দিন, সুস্থ থাকুন



পৃথিবীর সর্বশ্রেষ্ঠ ও নিঃস্বার্থ উপহার হলো রক্তদান। রক্তদান মহৎ একটি উদ্যোগ। অন্যকে রক্ত দেওয়ার মাধ্যমে যেমন তার জীবন বাঁচানো যায়, ঠিক তেমনই রক্তদান করলে নিজের শরীরেরও উপকার হয়।

অনেকেই ভেবে থাকেন, রক্তদান করলে শারীরিক বিভিন্ন সমস্যায় ভুগতে হবে। ধারণাটি ঠিক নয়। কারণ রক্তদানের অনেক উপকারিতা আছে।

পরিসংখ্যান অনুযায়ী, দেশে বছরে ৮-৯ লাখ ব্যাগ রক্তের চাহিদা থাকলেও রক্ত সংগ্রহ হয় ৬-৬.৫ লাখ ব্যাগ। ঘাটতি থাকে তিন লাখ ব্যাগের বেশি।

এ ছাড়া সংগ্রহকৃত রক্তের মাত্র ৩০ শতাংশ আসে স্বেচ্ছায় রক্তদাতাদের থেকে। বিশেষজ্ঞদের মতে, এক ব্যাগ রক্ত দিতে সময় লাগে মাত্র ১০-১২ মিনিট। এই অল্প সময়ে চাইলেই একজনের প্রাণ বাঁচানো সম্ভব।

কারা রক্ত দিতে পারবেন? ১৮ থেকে ৪৫ বছর বয়সের মধ্যে শারীরিকভাবে সুস্থ নারী ও পুরুষ রক্ত দিতে সক্ষম। এক্ষেত্রে পুরুষের ওজন থাকতে হবে অন্তত ৪৮ কেজি এবং নারীর অন্তত ৪৫ কেজি।

রক্তদাতাকে অবশ্যই ভাইরাসজনিত রোগ, শ্বাসযন্ত্রের রোগ এবং চর্মরোগ মুক্ত থাকতে হবে। সাধারণত ৯০ দিন পর পর, অর্থাৎ তিন মাস পর পর রক্ত দেওয়া যায়।

রক্ত দেওয়ার পর যা হয়

রক্ত দেওয়ার পর কিছুটা মাথা ঘোরাতে পারে। বিশেষজ্ঞদের মতে, এ সময় হাঁটাহাঁটি না করে অন্তত ১-২ ঘণ্টা বিশ্রাম নেওয়া উচিত। রক্তদাতা যদি ঘামতে থাকেন এবং অস্থির হন, তবে তাকে স্যালাইন খাওয়াতে হয়।

সাধারণত প্রাপ্ত বয়স্ক সুস্থ মানুষ প্রতিবার ৪৫০ মিলিলিটার রক্ত দেওয়া হয়। রক্ত দেওয়ার পর লোহিত রক্তকণিকার মাত্রা স্বাভাবিক অবস্থায় ফিরে যেতে অন্তত এক থেকে দেড় মাস সময় লাগতে পারে। পাশাপাশি রক্ত বাড়ে এমন খাবার খাওয়ার পরামর্শ দেন চিকিৎসকরা। নিয়মিত রক্তদানের মাধ্যমে শরীর যেভাবে উকৃত হয় নিয়মিত রক্তদান করলে ক্যানসারে আক্রান্ত হওয়ার ঝুঁকি কমে। বছরে তিনবার রক্ত দিলে শরীরে নতুন লোহিত কণিকা তৈরির হার বেড়ে যায়। এতে অস্থিমজ্জা সক্রিয় থাকে। দ্রুত রক্তস্বল্পতা পূরণ হয়। রক্তে কোলেস্টরেলের মাত্রা কমে যায়। এর ফলে রক্তচাপ নিয়ন্ত্রণে থাকে। ফলে হৃদরোগ ও হার্ট অ্যাটাকের ঝুঁকি কমে যায়।

শরীরে হেপাটাইটিস-বি, হেপাটাইটিস-সি, জন্ডিস, ম্যালেরিয়া, সিফিলিস, এইচআইভি বা এইডসের মতো বড় রোগ সম্পর্কে জানা যায়।

রক্তদাতার শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ে।

## কেশচর্চাতেও কিন্তু অ্যালো ভেরা মুখ্য হয়ে উঠতে পারে

ঘরোয়া টোটকায় যে কত সমস্যার সমাধান লুকিয়ে থাকে তার হিসাব নেই। বিশেষ করে রূপচর্চার ক্ষেত্রে ঘরোয়া টোটকার কোনও বিকল্প নেই। সৌন্দর্যে শান দিতে অনেকেই বাজারচলতি প্রসাধনী ব্যবহার করেন। তবে সেগুলি আদৌ কতটা কার্যকরী তা নিয়ে সন্দেহ আছে। তবে ঘরোয়া কোনও উপকরণ ব্যবহার করলে কিছু না কিছু সুফল মিলবেই।

চুলের বৃদ্ধি সকলের একইরকম নয়। কারও চুল খুব তাড়াতাড়ি লম্বা হয়। কারও আবার চুল বড়ই হতে চায় না। লম্বা চুলের স্বপ্ন কমবেশি সকলেরই থাকে। কিন্তু চাইলে তা পাওয়া সহজ নয়। অনেকেই চুল লম্বা করতে বিভিন্ন প্রসাধনী ব্যবহার করেন। দীর্ঘ দিন ধরে ব্যবহার করেও কোনও ফল পাওয়া যায় না। তবে একঢাল চুল পেতে ভরসা রাখতে পারেন ভেষজ কয়েকটি উপকরণে।

১) মেথি: মেথি শুধু শরীরের নয়, একইসঙ্গে যত্ন নেয় চুলেরও। বিশেষ করে চুল লম্বা করতে মেথির জুড়ি মেলা ভার। মেথিতে রয়েছে প্রোটিন এবং নিকোটিন অ্যাসিড, যা লম্বা চুলের অন্যতম রহস্য। মেথি খেলে তো উপকার পাবেনই। সেই সঙ্গে মেথির প্যাক বানিয়েও চুলে লাগাতে পারেন। উপকার পাবেন।

২) জবা ফুল: জবা ফুলে রয়েছে ভরপুর প্রোটিন, অ্যান্টিঅক্সিড্যান্ট, যা চুলের ঔজ্জ্বল্য বাড়িয়ে তোলে, সেই সঙ্গে চুল লম্বা করতেও জবা ফুল কিন্তু উপকারী। মাথায় মাখতে পারেন জবা ফুলের তেল। অথবা হেয়ার মাস্কও বানিয়ে নিতে পারেন। উপকার পাবেন।

৩)অ্যালো ভেরা: রূপচর্চায় অ্যালোভেরার ভূমিকা অসীম। চুল থেকে ত্বক, অ্যালো ভেরা যত্ন নেয় সবেরই। ত্বকের দেখাশোনায় অ্যালো ভেরার ভূমিকা অপরিসীম। কেশচর্চাতেও কিন্তু অ্যালো ভেরা মুখ্য হয়ে উঠতে পারে। চুলের বৃদ্ধিতে অ্যালো ভেরা দারুণ উপকারী। মাথার ত্বকের মরা কোষ দূর করতে অ্যালো ভেরা জেল ব্যবহার করতে পারেন।



## ৫ খাবার: মারাত্মক কিছু রোগের ঝুঁকি এড়াতে কাঁচা না খাওয়াই ভাল



ভিতর থেকে ফিট থাকতে চাইলে খাওয়াদাওয়ায় স্বাস্থ্যকর রুটিন মেনে চলা জরুরি। সেই সঙ্গে বাইরের খাবার যত সম্ভব কম খাওয়া যায়, ততই ভাল। কারণ অস্বাস্থ্যকর খাদ্যাভ্যাস নানা রোগবালাই ডেকে আনে। শরীরের যত্ন নিতে মরসুমি ফল ও অনেক শাকসব্জি কাঁচা খাওয়ার পরামর্শ দিয়ে থাকেন চিকিতকেরা। রান্না করে খাওয়ার চেয়ে কয়েকটি খাবার কাঁচা খেলে বেশি সুফল পাওয়া যায়, তা ঠিক। তবে সব খাবারের ক্ষেত্রে এই নিয়ম প্রযোজ্য নয়। দীর্ঘ দিন ধরে কাঁচা শাকসব্জি আর ফল খেয়েই থাকার কারণে কিছু দিন আগেই মৃত্যু হয়েছে জানা সামসোনোভাস নামে এক সমাজমাধ্যম প্রভাবীর। দিনের পর দিন ভেগান ডায়েট মেনে চলার কারণে ক্লান্তি আর অপুষ্টি থেকে মৃত্যু হয় তাঁর। ফলে কাঁচা খাবার যত কম খাওয়া যায় ততই ভাল। কিছু খাবার রয়েছে, যেগুলি কাঁচা খাওয়া একেবারেই ঠিক নয়। কোন খাবারগুলি কাঁচা খাবেন না? ১) আলু: টোম্যাটোর মতো আলুতেও গ্লিকোলক্যালিওডসের পরিমাণ অনেক বেশি। অনেকেই আছেন কাঁচা আলুর রস খান। আলুর রস মনঃসংযোগ বৃদ্ধি করে। কিন্তু শরীরে যদি গ্লিকোলক্যালিওডসের পরিমাণ বাড়তে থাকে, তা হলে গ্যাস-অম্বল, পেট ফাঁপার মতো সমস্যা মাথাচাড়া দিয়ে ওঠে। ভাজা, সেদ্ধ, মাছের ঝোলে, বিরিয়ানিতে আলু খান, তবে কাঁচা খাবেন না।

২) কাঁচা ছোলা: সকালে খালিপেটে কাঁচা ছোলা অনেকেই খান। আবার মুড়িমাখা, আলুকাবলিতেও কাঁচা ছোলা না পড়লে ঠিক স্বাদ হয় না। অঙ্কুরিত কাঁচা ছোলা এমনিতে ভীষণ উপকারী। তবে কাঁচা খেলে মুশকিলে পড়তে পারেন। অঙ্কুরিত কাঁচা ছোলায় প্যাথোজেনিক ব্যাক্টেরিয়া থাকে। যা পেটের গোলমালেরে অন্যতম কারণ।

৩)ডিম: নিয়মিত কঠোর শরীরচর্চা করেন এমন অনেকেই পেশিবহুল চেহারা পেতে কাঁচা ডিম খান। এতে পেশি হয়তো দৃঢ়, সবল হয়, তবে কাঁচা ডিম খাওয়ার ঝুঁকিও আছে। কাঁচা ডিমে থাকে সালমোনেলা ব্যাক্টেরিয়া, যা শরীরে প্রবেশ করে স্বাস্থ্যহানি ঘটায়।

৪)সসেজ: সন্ধের জলখাবারে সসেজ অত্যন্ত জনপ্রিয় একটি খাবার। স্বাস্থ্যকরও। কিন্তু অনেকে ভাজার আগেই কাঁচা সসেজ খেয়ে নেন। এই অভ্যাস শরীরের জন্য অত্যন্ত ক্ষতিকর। কাঁচা সসেজে রয়েছে ''লিস্টেরিয়া'' নামক ব্যাক্টেরিয়া। যা শরীরের অন্দরে বিভিন্ন সমস্যা সৃষ্টি করে। তাই ভাল করে না ভেজে সসেজ খাওয়া একেবারেই ঠিক নয়।

৫) কাঠবাদাম: সাধারণত বেশির ভাগ মানুষ যে কাঠবাদাম খান সেগুলির স্বাদ মিষ্টি। স্বাস্থ্যকরও। তবে একই রকম দেখতে আরও একটি বাদাম রয়েছে। যার স্বাদ তেতো। ইংরেজিতে একে "বিটার আমন্ড" বলে। এই বাদামে থাকে বিষাক্ত হাইড্রোসায়ানিক অ্যাসিড। কাঁচা খেলে বিভিন্ন শারীরিক সমস্যার সৃষ্টি হমতে পারে।

## অন্য চার্জারে ফোন চার্জ দিলে যে ক্ষতি হয়



মাঝে মধ্যে আমরা বাইরে গেলে মোবাইলের চার্জ শেষ হয়ে যায়। কিন্তু তার কারণে অনেকে ঝামেলায় পড়েন। অনেকে আবার অন্য মোবাইলের চার্জার দিয়ে মোবাইল চার্জ করান।

কিন্তু এই পদ্ধতিটা ঠিক কি না জেনে নিন-

অনেক সময় আমরা শুনে থাকি যে, অন্য কোনও মডেলের মোবাইলের চার্জার দিয়ে চার্জ করলে তা নষ্ট হয়ে যায়। সাধারণত, ফোন কেনার সময় ফোনের সঙ্গে চার্জারও থাকে।

এতে বোঝা যায় যে আপনার ফোনের সঙ্গে যে চার্জারটি দেওয়া হয়, তা বিশেষভাবে আপনার ফোনের ব্যাটারি চার্জ করার জন্য ডিজাইন করা হয়েছে। এটি আপনার ফোনের জন্য সঠিক আকার, সঠিক ভোল্টেজ এবং এটি সঠিক ধরনের সংযোগকারীর প্লাগে সঙ্গে দেওয়া হয়।

অন্যদিকে, ভোল্টেজ খুব কম হলে, এটি আপনার ফোন খুব ধীরে ধীরে চার্জ হবে। ভুল ভোল্টেজসহ চার্জার ব্যবহার করলে আপনার ফোনের ব্যাটারি অতিরিক্ত গরম হতে পারে, ফলে মোবাইলের সমস্যা তৈরি হতে পারে।

আলাদা চার্জার ব্যবহার করলে বিভিন্ন সমস্যা হতে পারে। যেমন, অন্য চার্জারের ভোল্টেজ খুব বেশি হলে তা আপনার ফোনের ব্যাটারির ক্ষতি করতে পারে।

ফলে এই সমস্যা থেকে রেহাই পেতে অবশ্যই মোবাইল চার্জার সঙ্গে রাখুন। যদি আপনার আগের চার্জার খারাপ হয়ে গেলে দোকান থেকে একই মডেলের নতুন চার্জার কিনে নিন।

## ঘরোয়া কিছু জিনিস দিয়েই ফেরানো যায় ত্বকের ঔজ্জ্বল্য

কাজের চাপ আর খানিকটা আলসেমির জন্য অনেকেই নিয়ম করে ত্বকের পরিচর্যা করেন না। মুখে কোনও রকমে ক্রিম মেখেই অফিসের জন্য ছুট দেন। সালোঁয় যাওয়ারও অবকাশ নেই। কোথাও যাওয়ার সময় কিংবা কোনও অনুষ্ঠান থাকলে মুখে চটজলদি জেল্লা আনতে হরেক রকম প্রসাধনী ব্যবহার করেও লাভ হয় না। চটজলদি জেল্লা আনতে কী করবেন? ঘরোয়া কিছু জিনিস দিয়েই ফেরানো যায় ত্বকের ঔজ্জ্বল্য। কোন কোন ফেসপ্যাক ব্যবহার করতে পারেন, রইল হদিস। ১) মধু, দই আর গোলাপ জলের ফেসপ্যাক: এক চামচ দই, এক চামচ মধু ও এক চামচ গোলাপ জল দিয়ে একটি ফেসপ্যাক তৈরি করে নিন। রাতে এই প্যাক মুখে মেখে মিনিট পনেরো রাখুন। তার পর জল দিয়ে ধুয়ে ফেলুন। দেখবেন, ত্বক বেশ জেল্লাদার দেখাচ্ছে। সকালে উঠেও এই প্যাক মুখে লাগিয়ে নিতে পারেন।

ঘরোয়া কিছু জিনিস দিয়েই ফেরানো যায় ত্বকের ঔজ্জ্বল্য। ২) কাঠবাদাম ও ওট: ১০টি খোসা ছাড়ানো বাদাম বেটে নিয়ে তার সঙ্গে এক চামচ ওট, সামান্য দই মিশিয়ে নিন। ত্বকের প্রকৃতি শুষ্ক হলে এক চা চামচ মধু মেশান আর ত্বকের প্রকৃতি তৈলাক্ত হলে এক চামচ গোলাপ জল মিশিয়ে একটি প্যাক তৈরি করে নিন। প্যাকটি মুখে লাগিয়ে মিনিট দশেক রাখুন। শুকিয়ে গেলে জল দিয়ে ধুয়ে তুলে নিন। বাদামে থাকা ভিটামিন ই ত্বককে জেল্লাদার করবে আর ওট স্ক্রাবিংয়ের কাজ করবে। ৩) শসা ও মধুর প্যাক: অর্ধেকটা শসা মিক্সিতে বেটে তার সঙ্গে এক চামচ মধু মিশিয়ে মিশ্রণটি মুখে লাগান। মিনিট দশেক পর জল দিয়ে ধুয়ে ফেলুন। চটজলদি জেল্লা আনতে এই প্যাক ব্যবহার করতেই পারেন।




## ডায়াবেটিকদের বুঝেশুনে খাওয়াদাওয়া করা অত্যন্ত জরুরি

নিয়ম মেনে খাওয়াদাওয়া আর শরীরচর্চা যদি করা যায়, তা হলে ডায়াবিটিস নিয়ে ভয় পাওয়ার কিছু নেই। ডায়াবেটিকদের বুঝেশুনে খাওয়াদাওয়া করা অত্যন্ত জরুরি। অনেকেই বুঝতে পারেন না, ডায়াবিটিস হলে ডিম খাওয়া যায় কি না। উচ্চ রক্তচাপ, থাইরয়েড, কোলেস্টেরলের ক্ষেত্রে ডিম খাওয়া নিয়ে কিছু নিষেধাজ্ঞা রয়েছে। তবে চিকিতকেদের মতে, ডায়াবিটিসের সঙ্গে ডিমের কোনও বিরোধ নেই।

ডিমে রয়েছে ৬.৩ গ্রাম প্রোটিন, ৭৮ ক্যালোরি, ২৪ মাইক্রোগ্রামস ফোলেট, ২৮ গ্রাম ক্যালশিয়াম। এ ছাড়াও আয়রন, জিঙ্কের পরিমাণও কম নয়। ডায়াবেটিকদের সুস্থ থাকতে এই উপাদানগুলি শরীরে পর্যাপ্ত পরিমাণে থাকা জরুরি। ডায়াবিটিস থাকলে কার্বোহাইড্রেট বেশি না খাওয়াই ভাল। আর ডিমে কার্বোহাইড্রেটের পরিমাণ একেবারে কম। ''লো কার্ব'' ডায়েটে থাকলে ডিম হতে পারে আদর্শ খাবার। ডায়াবেটিকদের ডায়েটে ডিম থাকলে কোনও অসুবিধা হওয়ার কথা নয়।

রক্তে শর্করার মাত্রা বেড়ে যাওয়ার ভয়ে অনেকেই ডিম খেতে চান না। ডিম খেলে শর্করার মাত্রা বেড়ে যাওয়ার ধারণা ভুল। তবে ডিম কী ভাবে খাচ্ছেন সেটা গুরুত্বপূর্ণ। ডিম খাওয়ায় ছাড় আছে মানেই রোজ রোজ ভাজা, অমলেট খেলে হবে না। ডায়াবেটিকরা ডিম সেদ্ধ করে খেলে বেশি উপকার পাবেন। এ ছাড়া ডিম দিয়ে স্যালাড বানিয়েও নিতে পারেন। তবে ডিম খেলে শর্করার মাত্রা বাড়বে না ঠিকই। কিন্তু ডায়াবিটিস থাকলে কোলেস্টেরল হওয়ারও একটা আশঙ্কা থাকে। ডিম কিন্তু সেই ঝুঁকি আরও বাড়িয়ে দিতে পারে। ''আমেরিকান ডায়াবিটিস অ্যাসোসিয়েশন''-এর একটি গবেষণা জানাচ্ছে, ডায়াবেটিকরা রোজ একটি করে ডিম খেতে পারেন। তবে এর কোনও নির্দিষ্ট নিয়ম নেই। রোজ খেতেই হবে এমন কোনও মানে নেই। খেলে কোনও অসুবিধা হবে না। ডিম খাওয়ার অন্যতম সুবিধা হল এতে কার্বোহাইড্রেট নেই। বরং ভরপুর প্রোটিন রয়েছে। প্রোটিনের ঘাটতি মেটাতে ডিম অন্যতম ভরসা হতে পারে। তবে দিনে একের বেশি ডিম না খাওয়াই ভাল। তাতে আবার অন্য সমস্যা দেখা দিতে পারে। তাই ডিম খাওয়ার পরিমাণে রাশ টানতে হবে। ডায়াবিটিস থাকলে সব সময় চিকিৎসক কিংবা পুষ্টিবিদের পরামর্শ মেনেই খাওয়াদাওয়া করতে হয়। ডিম খাওয়ার সিদ্ধান্ত নিজে না নিয়ে চিকিতকের কাছ থেকে জেনে নেওয়াই ভাল।

## ঘড়ি ধরে সকালের খাবার খেলে কমবে শর্করার মাত্রা



ইদানীং কমবয়সেই ডায়াবিটিস ধরা পড়ছে অনেকের। আধুনিক জীবনযাপন অনেকাংশে এর জন্য দায়ী। বাইরের খাবার খাওয়া, কেক, পেস্ট্রির প্রতি ঝোঁক ডায়াবিটিসের মতো সমস্যা ডেকে আনছে। রক্তে শর্করার মাত্রা বেড়ে তা যেন বিপদসীমা ছাড়িয়ে না যায়, সে বিষয়ে সব সময় সচেতন থাকা জরুরি। তার জন্য রুটিন মেনে খাওয়াদাওয়া করা জরুরি।

ডায়াবিটিসের ক্ষেত্রে জীবনকে নিয়মে না বাঁধলে সুস্থ থাকা সম্ভব নয়। শরীরচর্চা তো জরুরি বটেই। সেই সঙ্গে ইচ্ছেমতো খাবার খাওয়ার প্রবণতাও কমাতে হবে। তবে শুধু বুঝেশুনে খাবার খেলেই হবে না। সময়েও খেতে হবে। ডায়াবিটিসের ক্ষেত্রে ঘড়ি ধরে খাবার খেতে হবে। তবেই সুস্থ থাকা সম্ভব।কী খাচ্ছেন সেটা যেমন গুরুত্বপূর্ণ, তেমনি কখন খাচ্ছেন সেটা আরও বেশি গুরুত্বপূর্ণ। সময়মতো না খেলে রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণে রাখা অসম্ভব। ব্যস্ততম জীবনে খাবার খাওয়ার সময়ই পাওয়া যায় না। সেখানে ঘড়ি ধরে খাওয়াদাওয়া করা অনেক দূরের বিষয়। আর সময়মতো না খাওয়ার ফলেই নানা রোগের ঝুঁকি থেকে যায়। ডায়াবিটিস তার মধ্যে অন্যতম। তাই সুস্থ থাকতে ওষুধ খাওয়ার পাশাপাশি নির্দিষ্ট সময়ে খাবারও খেতে হবে। অফিসের বিপুল ব্যস্ততা সামলে দুপুরের খাবার সময় মতো খাওয়া সম্ভব নয়। অনেকেরই বাড়ি ফিরতে ফিরতে দেরি হয়ে যায়। ফলে রাতের খাবারও সময়ে খাওয়া হয় না। এক মাত্র সকালের খাবার ঠিকঠাক সময়ে খাওয়ার সুযোগ থাকে। এমনিতে দিনের সবচেয়ে গুরুত্বপূর্ণ হল সকালের জলখাবার। সারা দিন শরীর কেমন থাকবে তা নির্ভর করে সকালের খাবারের উপরে। সকালের দিকে রক্তে শর্করার মাত্রা বেশি থাকে। বেশি ক্ষণ এমনিতেও খালি পেটে থাকা ঠিক নয়। ডায়াবেটিক রোগীরা যদি সকাল ৯ টার মধ্যে জলখাবার খেয়ে নিতে পারেন, তা হলে ভাল। সকালের বিপাক হারও বেশি থাকে। ফলে ভারী খাবার খেলেও হজম করতে অসুবিধা হবে না। পেটও অনেক ক্ষণ ভর্তি থাকবে। দুপুরেও তাড়াতাড়ি খিদে পাবে। তবে প্রোটিনসমৃদ্ধ খাবার বেশি করে খেতে হবে। কার্বোহাইড্রেট কম খেতে হবে।

## টোম্যাটো ছাড়াই বানিয়ে ফেলুন মাছের তিনটি পদ

টোম্যাটোর দাম দিন দিন চিন্তা বৃদ্ধি করছে সাধারণের। গগনচুম্বী দামের জেরে খাবার পাতে ক্রমশ কমছে টোম্যাটো। এ বার পাইকারি বাজারের আশঙ্কা, আগামী দিনে ৩০০ টাকা ছুঁতে পারে "লাল সোনা"র দাম। এমন লাগামছাড়া দাম বৃদ্ধির কারণ হিসাবে টোম্যাটো উতাদনকারী রাজ্যগুলিতে অতি বৃষ্টির দোহাই দেওয়া হচ্ছে। বাজারে গেলেও ২৫০ গ্রামের বেশি টোম্যাটো কিনছেন না অনেকেই। খুব প্রয়োজন ছাড়া মধ্যবিত্তের বাড়িতে রান্নায় টোম্যাটোর ব্যবহারও হচ্ছে না। মাছ ছাড়া অনেক বাঙালিরই দুপুরের ভোজ সম্পূর্ণ হয় না। আর মাছের ঝোল মানেই স্বাদ বৃদ্ধি করতে টোম্যাটো দিতেই হবে। রইল এমন তিনটি মাছের পদ যা টোম্যাটো ছাড়াই বানিয়ে ফেলা যায়।

ধনেপাতা ভেটকি: ভেটকি মাছের টুকরোগুলি নুন, গোলমরিচ, লেবুর রস দিয়ে মাখিয়ে ঘণ্টা দুয়েক ফ্রিজে রেখে দিন। এর পরে কড়াইতে মাখন গরম করে মাছগুলি হালকা ভেজে তুলে রাখুন। মিক্সিতে কাঁচালঙ্কা, ধনে পাতা, পুদিনা পাতা আর লেবুর রস একসঙ্গে মিশিয়ে ভাল করে পেস্ট বানিয়ে নিন। মাছ ভেজে রাখার কড়াইতে আর একটু মাখন নিয়ে তাতে রসুন বাটা দিয়ে দিন। রসুন হালকা লাল হয়ে এলে বেটে রাখা মিশ্রণটি কড়াইতে দিয়ে দিন। ভাল করে কষুন। মশলা থেকে তেল ছাড়তে শুরু করলে অল্প করে জল দিয়ে দিন। স্বাদ অনুযায়ী নুন চিনি দিয়ে দিয়ে ঝোল ফুটে এলে ভেজে রাখা মাছগুলি দিয়ে হালকা হাতে নাড়াচাড়া করে ঢেকে দিন। মিনিট খানেক পর কড়াইয়ের ঢাকনা খুলে এক চামচ মাখন আর ভাল করে ফেটিয়ে রাখা ফ্রেশ ক্রিম দিয়ে দিন। ঝোল মাখোমাখো হয়ে এলে গ্যাসের আঁচ বন্ধ করে দিন। গরম ভাতের সঙ্গে পরিবেশন করুন জিভে জল আনা হরিয়ালি ভেটকি। রুই মাছের টক: রুই মাছ নুন আর হলুদ দিয়ে মাখিয়ে ভেজে নিন। এ বার একটি পাত্রে তেঁতুলের ক্বাথ বার করে নিয়ে ওর সঙ্গে নুন, চিনি, সর্ষে বাটা, হলুদ গুঁড়ো, লঙ্কা গুঁড়ো ভাল করে মিশিয়ে নিন। এ বার কড়াইতে তেল গরম করে সর্ষে আর শুকনো লঙ্কা ফোড়ন দিন। এ বার তেতুলের মিশ্রণটি ঢেলে দিয়ে ভাল করে কষিয়ে জল ঢেলে দিন। ঝোল ফুটে উঠলে মাছগুলি দিয়ে দিন। এ বার পাঁচ ফোড়ন শুকনো তাওয়ায় ভেজে নিয়ে সেই গুঁড়ো মশলা মাছের ঝোলে ছড়িয়ে দিন। তৈরি হয়ে যাবে টক-ঝাল-মিষ্টি স্বাদে রুই মাছের টক। মনমোহিনী চিংড়ি: পেঁয়াজ, আদা, রসুন, লঙ্কা ও নারকেল কোরা মিক্সিতে ঘুরিয়ে নিন। নুন-হলুদ মাখিয়ে চিংড়ি মাছের দু'পিঠ হালকা করে ভেজে নিন। এ বার এ বার সেই তেলেই গোটা গরমমশলা ফোড়ন দিন। এর মধ্যে বাটা মশলা দিয়ে ভাল করে কষিয়ে নিন। মিনিট পাঁচেক পরে নুন, হলুদ, লঙ্কা গুঁড়ো আর দই দিয়ে আরও কষিয়ে অল্প জল মিশিয়ে দিলেই হবে। মশলা কষা হয়ে গেলে নারকেলের দুধ দিতে হবে। দুধটা ফুটে উঠলে চিংড়ি মাছ দিয়ে দিন। পাঁচ মিনিট পরে ঢাকনা খুলে উপরে গরম মশলা গুড়ো ছড়িয়ে দিলেই তৈরি হয়ে যাবে মনমোহিনী চিংড়ি।

# ২০৪৭ সালের মধ্যে উন্নয়নের লক্ষ্যমাত্রা পূরণে ভারত উচ্চ প্রবৃদ্ধির পথে রয়েছে: মন্ত্রী হরদীপ এস পুরী

নতুন দিল্লি, ২৮ ফেব্রুয়ারি ২০২৪, পিআইবি।। এমন এক সময়ে যখন উন্নত অর্থনীতিগুলি মহামারীর বিধ্বংসী প্রভাব থেকে ঘুরে দাঁড়াতে লড়াই করছে, তখন ভারত আরও স্থিতিস্থাপক হয়ে উঠেছে। পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস এবং আবাসন ও নগর বিষয়ক মন্ত্রী শ্রী হরদীপ সিং পুরী একথা বলেছেন। আজ বেঙ্গালুরুতে রিভা ইউনিভার্সিটি সেন্টার অফ এক্সেলেন্স ফর জিওপলিটিক্স অ্যান্ড ইন্টারন্যাশনাল স্টাডিজের উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দেওয়ার সময় তিনি বলেন, ভারত ইতিমধ্যেই বিশ্বের পঞ্চম বৃহত্তম অর্থনীতি হয়ে উঠেছে এবং শীঘ্রই আমরা তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে পরিণত হব।

চলতি অর্থবছরের প্রথম তিন ত্রৈমাসিকে ৭.৩ঁ বৃদ্ধির হার নিয়ে ভারত দেখাচ্ছে যে ২০৪৭ সালের মধ্যে তার উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য দেশ একটি উচ্চ প্রবৃদ্ধির পথে রয়েছে।

বিশ্বব্যাপী ভারতের ক্রমবর্ধমান মর্যাদার কথা উল্লেখ করে মন্ত্রী বলেন, দেশীয় আর্থ-সামাজিক সাফল্য এবং কল্যাণমূলক সংস্কারগুলি আমাদের ক্রমবর্ধমান আন্তর্জাতিক মর্যাদার পিছনে রয়েছে। গত দশ বছরে প্রশাসনে এক আমূল পরিবর্তন হয়েছে। তিনি বলেন, ২০১৪ সালের আগে নীতি পঙ্গুত্বের দিন থেকে আমরা এখন রূপান্তরমুখী নীতির যুগ দেখতে পাচ্ছি যা নাগরিকদের সরাসরি উপকৃত করবে।

গত ১০ বছরে দেশের সাফল্যের কথা উল্লেখ করে শ্রী পুরী বলেন, ২০১৪ সাল থেকে ২৫ কোটিরও বেশি মানুষ বহুমাত্রিক দারিদ্র্য থেকে বেরিয়ে এসেছেন। তিনি বলেন, আয়ুষ্মান ভারত মিশনের মতো কর্মসূচি এবং স্বচ্ছ ভারত মিশন ও অম্রুতের মতো কর্মসূচিগুলির সাফল্যের মধ্য দিয়ে গত ১০ বছরে স্বাস্থ্য খাতে পকেট থেকে ব্যয় ২৫ শতাংশ হ্রাস পেয়েছে। ২০১৪ সাল থেকে ১০.৫৭ কোটি গ্রামীণ পরিবারে কলের জলের সংযোগ দেওয়া হয়েছে এবং স্বচ্ছ ভারত মিশনের আওতায় ১১ কোটিরও বেশি বাড়িতে শৌচাগার নির্মাণ করা হয়েছে। তিনি বলেন, প্রধানমন্ত্রী আবাস যোজনার আওতায় এ পর্যন্ত ২ কোটি ৫১ লক্ষ গ্রামীণ বাসস্থান এবং ৮০ লক্ষেরও বেশি শহরাঞ্চলীয় বাসস্থান নির্মাণ করা হয়েছে। সাম্প্রতিকতম বাজেটে এই কর্মসূচির মেয়াদ বাড়ানো হয়েছে এবং গ্রামীণ এলাকায় আরও ২ কোটি গৃহ নির্মাণে মঞ্জুরী দেওয়া হবে। প্রধানমন্ত্রী মুদ্রা যোজনা, প্রধানমন্ত্রী স্বনিধি যোজনা এবং প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনার আওতায় দেশের সাফল্যের কথাও মন্ত্রী উল্লেখ করেন তিনি। নেট আমদানিকারক থেকে ভারত বিশ্বের দ্বিতীয় বৃহত্তম মোবাইল প্রস্তুতকারক হয়ে উঠেছে, দেশীয়ভাবে আরও বেশি মূল্য সংযোজন করা হচ্ছে।

মন্ত্রী বলেছেন, ভারত জনসংখ্যার রূপান্তরের দ্বারপ্রান্তে রয়েছে যখন বেশিরভাগ উন্নত দেশগুলি বয়স্ক শ্রমশক্তির ঝুঁকির মুখোমুখি হচ্ছে। অনুষ্ঠানে উপস্থিত ছাত্রছাত্রীদের উদ্দেশে তিনি বলেন, ভারতের ডেমোগ্রাফিক ডিভিডেন্ড আমাদের অতুলনীয় মেধা ও শিল্পোদ্যোগী প্রতিভাকে তুলে ধরবে।

শ্রী পুরী বলেন, ভারতের নম্র শক্তি — সমস্ত গণতন্ত্রের জননী হিসাবে এবং বিশ্বের বৃহত্তম এবং বহুত্ববাদী --- তার ঐকমত্য গঠন এবং পারস্পরিক সুবিধার নীতির সাথে আরও তীক্ষ্ণ নজরে এসেছে। তিনি বলেন, বিশ্বব্যাপী কর্মপ্রচেষ্টা বিশ্বজনের কল্যাণে হতে পারে, এই বিশ্বাসে উদ্বুদ্ধ হয়ে ভারত ''বসুধৈব কুটুম্বকম'' দর্শনের মাধ্যমে একটি নতুন বিশ্ব দৃষ্টিভঙ্গি নিয়ে এসেছে। মন্ত্রী হরদীপ সিং পুরী আজ বেঙ্গালুরুতে আরইভিএ ইউনিভার্সিটি সেন্টার অফ এক্সিলেন্স ফর জিওপলিটিক্স অ্যান্ড ইন্টারন্যাশনাল স্টাডিজের উদ্বোধন করেন। মন্ত্রী বলেন, 'জিওপলিটিক্স অ্যান্ড ইন্টারন্যাশনাল স্টাডিজের জন্য এই সেন্টার অফ এক্সিলেন্স রিভা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য একটি মূল্যবান সংযোজন হিসাবে প্রমাণিত হবে।

মন্ত্রীর মতে, একবিংশ শতাব্দীর বিশ্ব প্রেক্ষাপটে ভারতের অবস্থানকে বোঝা এবং তাকে এগিয়ে নিয়ে যাওয়া জরুরি। তিনি বলেন, 'আমি আশা করি এই কেন্দ্রটি বৌদ্ধিক কৌতূহল জাগ্রত করার জন্য এবং পণ্ডিত, পেশাদার, সিদ্ধান্ত গ্রহণকারী এবং উদীয়মান নেতাদের মধ্যে ভূ-রাজনীতি এবং আন্তর্জাতিক অধ্যয়ন সম্পর্কে চিন্তা-উদ্দীপক আলোচনার জন্য একটি প্ল্যাটফর্ম হিসাবে কাজ করবে।

# নয়াদিল্লিতে ভারত-মার্কিন উর্ধতন কর্মকর্তাদের হোমল্যান্ড সিকিউরিটি বিষয়ক আলোচনা

নয়াদিল্লি ২৮ ফেব্রুয়ারি ২০২৪ (পিআইবি)।। ভারত-মার্কিন উর্ধতন কর্মকর্তাদের হোমল্যান্ড সিকিউরিটি ডায়ালগ (এইচএসডি) আজ নয়াদিল্লিতে অনুষ্ঠিত হয়েছে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের স্বরাষ্ট্র সচিব শ্রী অজয় ভাল্লা এবং মার্কিন যুক্তরাষ্ট্রের হোমল্যান্ড সিকিউরিটি দপ্তরের ভারপ্রাপ্ত উপসচিব শ্রীমতী ক্রিস্টি ক্যানেগালো সে দেশের প্রতিনিধিদলের নেতৃত্ব দেন।

আলোচনা চলাকালীন, উভয় পক্ষই সন্ত্রাসবাদ মোকাবেলা ও সুরক্ষা ডোমেনগুলিতে চলমান সহযোগিতা পর্যালোচনা করেছে, যা ভারত-মার্কিন কৌশলগত অংশীদারিত্বের মূল স্তম্ভ হিসাবে কাজ করেছে।

এই প্রসঙ্গে তাঁরা সন্ত্রাসবাদ ও সহিংস চরমপন্থা, মাদক পাচার, সংগঠিত অপরাধ মোকাবিলা এবং পরিবহন নিরাপত্তা নিশ্চিত করতে দ্বিপাক্ষিক প্রচেষ্টা জোরদার করতে কী কী পদক্ষেপ নেওয়া যেতে পারে তা নিয়ে আলোচনা করেন।

নিরাপদ ও বৈধ অভিবাসন, অবৈধ অভিবাসন, মানবপাচার, মানি লন্ডারিং, সাইবার অপরাধ এবং সন্ত্রাসে অর্থায়নসহ অবৈধ কর্মকাণ্ডের জন্য সাইবার ডোমেইনের অপব্যবহার রোধে পদক্ষেপ গ্রহণের মাধ্যমে দুই দেশের জনগণের মধ্যকার সচ্ছ সম্পর্ক আরও জোরদারে তারা তাদের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। উভয় পক্ষ হোমল্যান্ড সিকিউরিটি ডায়ালগের আওতায় তথ্য বিনিময়, সক্ষমতা বৃদ্ধি, কারিগরি সহায়তা এবং নিয়মিত সভার মাধ্যমে সংশ্লিষ্ট আইন প্রয়োগকারী সংস্থার মধ্যে পারস্পরিক উপকারী সহযোগিতা সংহত করার উপর গভীর আগ্রহ পুনর্ব্যক্ত করেন।

চুক্তি স্বাক্ষরের মাধ্যমে সংলাপটি শেষ হয়েছে যা দ্বিপাক্ষিক সুরক্ষা সহযোগিতাকে আরও গভীর করবে:

যুক্তরাষ্ট্রের ফেডারেল ল এনফোর্সমেন্ট ট্রেনিং সেন্টার এবং ভারতের সর্দার বল্লভভাই প্যাটেল ন্যাশনাল পুলিশ অ্যাকাডেমির মধ্যে আইন বলবৎকরণের প্রশিক্ষণের জন্য সহযোগিতা স্মারক এর অন্যতম চুক্তি।

উভয় পক্ষই পারস্পরিক সুবিধাজনক তারিখে ওয়াশিংটন ডিসিতে সিনিয়র অফিসিয়ালদের হোমল্যান্ড সিকিউরিটি ডায়ালগের পরবর্তী রাউন্ডের আলোচনার আয়োজনের জন্য সম্মত হয়েছে।

# "একটার সঙ্গে আরেকটার তুলনা করে দাঙ্গা বাঁধিয়ে দিয়ে ভুল করবেন না", হুঁশিয়ারি মমতার

বাঁকুড়া, ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : "সিঙ্গুর হল সিঙ্গুর, নন্দীগ্রাম হল নন্দীগ্রাম, এক এক জায়গার আলাদা আলাদা চেহারা মনে রাখবেন। একটার সঙ্গে আরেকটার তুলনা করে দাঙ্গা বাঁধিয়ে দিয়ে ভুল করবেন না। আমি কোথাও রক্ত ঝড়ুক চাই না।"

জঙ্গলমহলের জেলাগুলিতে পর পর প্রশাসনিক সফর করছেন মমতা বন্দ্যোপাধ্যায়। মঙ্গলবার গিয়েছিলেন পুরুলিয়ায়। বুধবার প্রশাসনিক সভা করছেন বাঁকুড়াতে। সেখানেই তিনি এই কথা বলেন। মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, "৭ লক্ষ ৪১ হাজার বাড়িতে জল পৌঁছে দেওয়ার লক্ষ্যমাত্রা স্থির হয়েছে। ৪ লক্ষ বাড়িতে ইতিমধ্যেই জল পৌঁছেছে। কয়েক হাজার কোটি টাকার পানীয় জল প্রকল্প করা হয়েছে। সেটা হলে ১৭ লক্ষ মানুষ জলের সুবিধা পাবেন। একাদশ শ্রেণী থেকে স্মার্টফোন দেওয়া হবে। লক্ষ্মীর ভান্ডারের টাকা ৫০০ টাকা থেকে বেড়ে ১০০০ টাকা করা হয়েছে। আবার জানিয়ে দিলেন তিনি।

মুখ্যমন্ত্রী বলেন, যারা যারা বড় কথা বলে "বেড়াচ্ছে, খুলব ভান্ডার? ভান্ডারে কিন্তু অনেক কিছু জমা আছে। ভান্ডার যখন খুলব তখন বুঝতে পারবেন কোনটা ভুল কোনটা ঠিক। আমি জ্ঞানত কোনও ভুলকে প্রশ্রয় দিই না। যখন জানতে পারি সবরকম সাহায্য করি"। সভায় আসার আগে মুখ্যমন্ত্রী বাঁকুড়ার হস্তশিল্পীদের পোড়ামাটি, ডোকরা, বালুচরী, স্বর্ণচরীর কাজ দেখে আসেন।

## কেন্দ্রীয় বঞ্চনার বিরুদ্ধে বাংলায় উঠুক গর্জন, স্লোগান দিলেন মমতা

বাঁকুড়া, ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : "ওরা বলছে ইউনিভার্সাল সিভিল কোড করতে হবে। মাংস খাওয়া যাবে না। মাছ খাওয়া যাবে না। কী পোশাক পরবে মেয়েরা সব ওরা ঠিক করে দেবে"? বুধবার বাঁকুড়ার সভায় এই প্রশ্ন তোলেন মমতা বন্দ্যোপাধ্যায়।

কেন্দ্রকে তোপ দাগতে গিয়ে তিনি বলেন, "১০০ দিনের শ্রমিকের সংখ্যা ২১ লক্ষ নয়। মমতা জানালেন, ৫৯ লক্ষ শ্রমিককে কাজ করিয়ে টাকা দেয়নি ওরা।

বাঁকুড়ায় ২টো আসনে গতবারও জিতে গিয়েছে বিজেপি। তার পরে আর ওদের দেখেছেন? এবার আবার ভোটের আগে আসবে গ্যাস বেলুন ফোলাবে। ওই গ্যাসবেলুনে ফুটো করে দিতে হবে।

খলিস্তানি মন্তব্য নিয়ে বিজেপিকে নাম না করে আক্রমণ করে মমতা বলেন, " পাগড়ি দেখলেই খলিস্তানি আর মুসলমান দেখলেই পাকিস্তানি? আর তোমরা কী?"

## কোচবিহারে পানীয় জলের রিজার্ভার থেকে পড়ে মৃত্যু দুই শ্রমিকের

কোচবিহার, ২৮ ফেব্রুয়ারি (হি. স.) : কোচবিহারের চকচকা দাস পাড়া এলাকায় পানীয় জলের রিজার্ভার থেকে পড়ে মৃত্যু হল দুই শ্রমিকের। গুরুতর জখম হয়েছেন ঠিকাদার সংস্থার এক কর্মীও। বুধবার ঘটনাটি ঘটেছে।

জানা গেছে, এদিন পানীয় জলের ওই রিজার্ভার ঠিক করতে উঠেছিলেন তাঁরা। ১০০ ফুট উঁচু রিজার্ভারে উঠতে গিয়েই বিপত্তি ঘটে। পুরোনো নড়বড়ে লোহার সিঁড়ি ভেঙে নীচে পড়ে যান তাঁরা। ঘটনাস্থলেই প্রাণ হারান দুই ব্যক্তি। আরেকজনকে গুরুতর জখম অবস্থায় কোচবিহারের একটি বেসরকারি নার্সিংহোমে ভর্তি করা হয়। বর্তমানে তিনি সেখানেই চিকিৎসাধীন। মৃতদের নাম জিয়ারুল হোসেন ও মদন গুপ্ত। জখম হয়েছেন বাচ্চু বর্মন। চকচকা গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান শ্যামল কার্জি বলেন, 'যিনি কাজটি নিয়েছিলেন তার গাফিলতি রয়েছে। সিঁড়ি দিয়ে রিজার্ভারে ওঠার আগে একবার দেখে নেওয়া উচিত ছিল। সেটা করলে হয়তো দুটো মানুষের প্রাণ চলে যেত না।'

## বিহারের সীতামঢ়ীতেও পদ্ম ফুটবে: রাজনাথ সিং

পাটনা, ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : বিহারের সীতামঢ়ীতেও পদ্ম ফুটবে, বুধবার এই মন্তব্য করেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। তিনি এদিন দুপুরে দারভাঙ্গা বিমানবন্দর থেকে বিমানে করে বিহারের সীতামঢ়ীর পুনৌরা ধামে যান। সেখানে তিনি সাংবাদিকদের মুখোমুখি হয়ে একথা বলেন।

কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বুধবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে বলেন, বিহারের সীতামঢ়ীতেও পদ্ম ফুটবে। তিনি

# শাহজাহানের সঙ্গে শুভেন্দুর সম্পর্কের উল্লেখ করে প্রকাশ্য মন্তব্য কুণালের

কলকাতা, ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : "ওর সঙ্গেই তো ছবি আছে। যত দিন সিপিএমে ছিল, সিপিএমে ছিল। পরে শুভেন্দুরাই তো ওকে (তৃণমূলে) এনেছেন। শুভেন্দুদের সঙ্গে দহরম-মহরম। শুভেন্দু এখন বলে দিক ঠিক কোথায় রয়েছে।" শাহজাহানের সঙ্গে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর সম্পর্কের উল্লেখ করে বুধবার এই মন্তব্য করলেন তৃণমূলের রাজ্য সাধারণ সম্পাদক তথা মুখপাত্র কুণাল ঘোষ। শাসকদলের তরফে সোমবার ঘোষণা করা হয়েছে সাত দিনের মধ্যে পুলিশের হাতে গ্রেফতার হবেন তৃণমূল নেতা শাহজাহান শেখ। বুধবার রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর দাবি, ইতিমধ্যে পুলিশের 'নিরাপদ হেফাজতে' রয়েছেন সন্দেশখালির তৃণমূল নেতা। নন্দীগ্রামের বিজেপি বিধায়ক সমাজমাধ্যমে দাবি করেছেন, মঙ্গলবার রাত ১২টা থেকেই পুলিশি হেফাজতে আছেন শাহজাহান। তাঁর সঙ্গে 'চুক্তি' হয়ে গিয়েছে পুলিশের। এর পাল্টা তৃণমূলের রাজ্য সাধারণ সম্পাদক তথা মুখপাত্র কুণাল ঘোষের কটাক্ষ, "এতই যখন জ্ঞান, তা হলে শুভেন্দুই বলে দিন ঠিক কোথায় রাখা হয়েছে শাহজাহানকে।"

প্রসঙ্গত, সোমবার কুণাল এক্স হ্যান্ডলে লিখেছিলেন, শেখ শাজাহান গ্রেফতার নিয়ে অভিষেক সঠিক বলেছিলেন। আদালতের আইনি জটেই বিষয়টা আটকে ছিল। তার সুযোগে রাজনীতি করছিল বিরোধীরা। আজ হাইকোর্ট সেই জট খুলে পুলিশকে পদক্ষেপে অনুমোদন দেওয়ায় ধন্যবাদ। সাত দিনের মধ্যে শাজাহান গ্রেফতার হবে।"

# রাজনৈতিক সংঘর্ষে উত্তপ্ত মন্দিরবাজার; বিজেপির সমর্থকদের বাড়িতে বোমাবাজি, আহত দু'জন

দক্ষিণ ২৪ পরগনা, ২৮ ফেব্রুয়ারি (হি.স.): রাজনৈতিক সংঘর্ষে উত্তপ্ত হয়ে উঠল দক্ষিণ ২৪ পরগনার মন্দিরবাজার। বুধবার ভোরে তৃণমূল আশ্রিত দুষ্কৃতীরা বিজেপি সমর্থকদের বাড়ি লক্ষ্য করে বোমাবাজি করে বলে অভিযোগ। গুলিও চলে, বোমাবাজি ও গুলিতে আহত হয়েছেন দুই যুবক। স্থানীয় সূত্রের খবর, বিজেপি সমর্থিত নির্দল প্রার্থীদের বাড়ি লক্ষ্য করে বুধবার ভোর থেকেই বোমাবাজি শুরু করে তৃণমূল আশ্রিত দুষ্কৃতীরা। যদিও সমস্ত অভিযোগই অস্বীকার করেছে তৃণমূল কংগ্রেস। তাঁদের পাল্টা দাবি, বিজেপির গোষ্ঠীকোন্দলের জেরেই এই ঘটনা। গুলি এবং বোমাবাজিতে দুই যুবক আহত হয়েছেন বলে বিজেপির দাবি। আহত দুই যুবকের নাম এরাদ আলি মোল্লা এবং সায়রাজ মোল্লা। স্থানীয়দের অভিযোগ, গুলি চালায় তৃণমূল আশ্রিত দুষ্কৃতীরা। ঘটনায় সায়রাজ মোল্লা গুলিবিদ্ধ বলে জানা গিয়েছে। ইতিমধ্যেই এক জনকে গ্রেফতার করেছে পুলিশ। পাশাপাশি গ্রামে বিশাল পুলিশবাহিনী মোতায়েন করা হয়েছে।

# বেআইনি বালি খনন মামলায় অখিলেশকে সমন সিবিআই-এর, ২৯ ফেব্রুয়ারি হাজিরার নির্দেশ

নয়াদিল্লি ও লখনউ, ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : বেআইনি বালি খনন মামলায় উত্তর প্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা সমাজবাদী পার্টির সভাপতি অখিলেশ যাদবকে ডেকে পাঠাল সিবিআই। ২৯ ফেব্রুয়ারি, বৃহস্পতিবার অখিলেশকে ডেকে পাঠিয়েছে সিবিআই। সিবিআই সূত্রে জানা গিয়েছে, উত্তর প্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী অখিলেশ যাদবকে বালি খনন সংক্রান্ত হাইকোর্ট-রেফার করা মামলায় সিবিআই-এর দফতরে হাজির হতে বলা হয়েছে।

অখিলেশ যাদবকে ২৯ ফেব্রুয়ারি দিল্লিতে সিবিআই-এর সামনে সাক্ষী হিসেবে তদন্তে যোগ দিতে বলা হয়েছে। গুঞ্জন শোনা যাচ্ছিলই, এবার উত্তর প্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী অখিলেশ যাদবকে অবৈধ বালি খনির মামলায় ডেকে পাঠাল সিবিআই। এই সমনের প্রেক্ষিতে অখিলেশের কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

# তেলেঙ্গানার কুথবুল্লাপুরের একটি অ্যাপার্টমেন্টে আগুন, কোনও হতাহতের খবর নেই

হায়দরাবাদ, ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : তেলেঙ্গানার কুথবুল্লাপুরের একটি অ্যাপার্টমেন্টে ভয়াবহ আগুন লাগার ঘটনা ঘটেছে। মঙ্গলবার গভীর রাতে তেলেঙ্গানার মেদচাল মালকাজগিরি জেলার একটি আবাসনে আগুন লাগে। যদিও এই আগুনে হতাহতের কোনও খবর পাওয়া যায়নি। দমকল বিভাগ সূত্রে এই তথ্য জানা গিয়েছে। হায়দরাবাদ দমকল কন্টোল রুমের আধিকারিক জানিয়েছেন, এখন আগুন নিয়ন্ত্রণে এসেছে। যদিও কোনও হতাহতের ঘটনা ঘটেনি। আগুন লাগার কারণ সম্পর্কেও এখনও পর্যন্ত কোনও তথ্য প্রকাশ্যে আসেনি। এই মাসের প্রথমের দিকে তেলেঙ্গানার সিদ্দিপেট জেলার মুস্তাবাদ চৌরাস্তার কাছে বৈদ্যুতিক সাবস্টেশনেও আগুন লাগার একটি ঘটনা ঘটেছিল।

# সমৃদ্ধ ও উন্নত ভারত গড়তে কাজ করুন, শিক্ষার্থীদের পরামর্শ রাষ্ট্রপতি মুর্মুর

রাঁচি, ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বুধবার রাঁচিতে ঝাড়খণ্ড কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সমাবর্তন অনুষ্ঠানে অংশ নেন। রাষ্ট্রপতি ভারতীয় সংস্কৃতি, বিশেষ করে আদিবাসী সমাজের সংস্কৃতি সংরক্ষণ ও প্রচারের জন্য ঝাড়খণ্ড কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের প্রশংসা করেন। তিনি শিক্ষার্থীদের পরামর্শ দেন, পিছিয়ে পড়া অথবা বঞ্চিত অংশের মানুষজন সর্বদা যেন তাঁদের কাজ থেকে উপকৃত হন।

রাষ্ট্রপতি এদিন বলেছেন, 'ঝাড়খণ্ড কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসের কাছে সুবর্ণরেখা নদী বয়ে গিয়েছে। কথিত আছে সুবর্ণরেখা নদীর জল পান করলেই জ্ঞান লাভ হয়। এমন ভূমি ও নদীর সান্নিধ্যে শিক্ষা লাভ করা আপনাদের জন্য সৌভাগ্যের বিষয়। স্বর্ণপদক জয়ী মেয়েদের আমি বিশেষভাবে অভিনন্দন জানাই। প্রতিটি বাধা-বিপত্তি অতিক্রম করে আপনারা যে সাফল্য অর্জন করেছেন, তা আমাদের সমাজের জন্য এবং উজ্জ্বল ভবিষ্যতের স্বপ্ন দেখে এমন প্রতিটি মেয়েদের জন্য অনুপ্রেরণা।'

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আরও বলেছেন, 'আপনারা প্রতিজ্ঞা করুন, আপনারা যেখানেই কাজ করবেন, একটি সমৃদ্ধ ও উন্নত ভারত গড়তে কাজ করবেন আপনারা, এমন একটি সমাজ গড়তে কাজ করবেন যেখানে সম্প্রীতি থাকবে এবং যেখানে প্রতিটি মানুষের জীবন মর্যাদাপূর্ণ হবে।'

## শাহজাহানের গ্রেফতার নিয়ে পুলিশকে নিষ্কৃতি দিতে রাজি নন প্রধান বিচারপতি

কলকাতা, ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : "৪২টা এফআইআর দায়ের হওয়ার পরেও অভিযুক্তকে গ্রেফতার করা যায়নি, তার দায় পুলিশ ঝেড়ে ফেলতে পারে না।" বুধবার প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম এই মন্তব্যের সঙ্গে বলেন, "সিবিআই, ইডি এবং রাজ্য পুলিশ যে কেউ শাহজাহান শেখকে গ্রেফতার করতে পারে।" সোমবারই তৃণমূল নেতা শাহজাহানকে গ্রেফতারির ব্যাপারে রাজ্য পুলিশকে দায়িত্ব দিয়েছিল হাই কোর্ট। শুনানিতে প্রধান বিচারপতি মন্তব্য করেন, "স্পষ্ট ভাবে বলছি, পুলিশকে কোনও নির্দেশ দেওয়া হয়নি। ইডির মামলায় সিট গঠনের উপর স্থগিতাদেশ দেওয়া হয়েছিল। আমরা পুলিশকে বলিনি যে, শাহজাহান গ্রেফতার করা যাবে না।"

তার পরেই পুরনো নির্দেশ দেখিয়ে তৃণমূল দাবি করতে শুরু করে, আগের রায়ে পুলিশের হাত-পা বেঁধে দিয়েছিল আদালত। তাই শাহজাহানকে গ্রেফতার করা যায়নি। ৭ ফেব্রুয়ারির নির্দেশনামার ৮ নম্বর প্যারার পুনর্বিবেচনা চেয়ে রাজ্যের মামলায় বুধবার প্রধান বিচারপতি আবারও মন্তব্য করেন, "আমরা ওই দিন পুলিশকে তদন্ত করতে বারণ করেছিলাম। আমরা কোথাও বলিনি যে নতুন অভিযোগের প্রেক্ষিতে গ্রেফতার করা যাবে না। শুধু মাত্র তদন্তের ক্ষেত্রেই নির্দেশ দিয়েছিলাম।"

## আনন্দপুরে পুড়ে যাওয়া বস্তিবাসীদের পাশে সাহায্য নিয়ে ভারত সেবাশ্রম সংঘ

কলকাতা, ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : আনন্দপুরে অগ্নিদগ্ধ বস্তিবাসীদের জন্য আর্থিক সহ নানা সাহায্য নিয়ে সহযোগিতার হাত বাড়িয়ে দিল ভারত সেবাশ্রম সংঘ। সংঘের প্রধান সম্পাদক স্বামী বিশ্বাত্মানন্দ মহারাজের উদ্যোগে বুধবার ক্ষতিগ্রস্ত বস্তিবাসীদের হাতে তুলে দেওয়া হল নানা সামগ্রি।

রবিবার আকস্মিক এক ভয়াবহ অগ্নিকাণ্ডে ভস্মীভূত হয় কলকাতার ই এম বাইপাস সংলগ্ন ৫০টি''র বেশি ঝুপড়ি ঘর ও দোকান। ক্ষতিগ্রস্ত বস্তিবাসীদের ঠাঁই হয়েছে অস্থায়ী ক্যাম্পে। এবার তাদের কম্বল, চাদর, কাপড়, থালা, বাসন, হাঁড়ি, শুকনো খাবার ও নগদ টাকা দেওয়া হয়। ত্রাণ সামগ্রী তুলে দেন সংঘের সন্ন্যাসী স্বামী আত্মজ্ঞানন্দ, স্বামী সত্যমিত্রানন্দ, স্বামী ভেঙ্কোটাসানন্দ, স্বামী মহাদেবানন্দ এবং দক্ষিণ কলকাতার সাংসদ ও কলকাতা পুরসভার চেয়ারপার্সন মালা রায়।

মালা রায় বলেন, বস্তিবাসীদের সব ধরনের সহযোগিতা করা হচ্ছে। এর পাশাপাশি পুরসভার উদ্যোগে দ্রুত তাদের নতুন বাড়ি বানিয়ে দেওয়ার উদ্যোগ নেওয়া হচ্ছে।

# দেশই সর্বাগ্রে নীতিকে অনুসরণ করে বিজেপি : প্রধানমন্ত্রী

তিরুনেলভেলি, ২৮ ফেব্রুয়ারি (হি.স.): দেশই সর্বাগ্রে এই নীতিকে অনুসরণ করে বিজেপি। জোর দিয়ে বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বুধবার তামিলনাড়ুর তিরুনেলভেলিতে এক জনসভায় প্রধানমন্ত্রী মোদী বলেছেন, 'সমগ্র বিশ্বে সঙ্কটের সময় আটকে পড়া ভারতীয়দের নিরাপদে প্রত্যাবর্তনের জন্য আমাদের সরকার সমস্ত ধরনের প্রয়াস করেছে। আমরা নিরাপদে আমাদের পাইলট অভিনন্দদকে পাকিস্তান থেকে নিয়ে এসেছি। আমাদের সরকার আমাদের অনেক মৎস্যজীবীকে উদ্ধার করেছে এবং নিরাপদে ফিরিয়ে এনেছে। কাতারে মৃত্যুদণ্ডপ্রাপ্ত ভারতীয়দের ভারত সরকার নিরাপদে ফিরিয়ে এনেছে। কংগ্রেস অথবা আইএনডিআই সরকার থাকলে কি এটা সম্ভব হতো?'

প্রধানমন্ত্রী মোদী আরও বলেছেন, 'তামিলনাড়ুকে প্রযুক্তি এবং উদ্ভাবন দ্বারা সংজ্ঞায়িত করা হয়। এটাই তামিলনাড়ুকে বিজেপির কাছাকাছি নিয়ে আসে...কেবল বিজেপিই তামিলনাড়ুকে উজ্জ্বল ভবিষ্যতের দিকে নিয়ে যেতে পারে।

এখন ভারত বিশ্বের সবচেয়ে দ্রুত ক্রমবর্ধনশীল অর্থনীতি এবং আমরা সেই সমস্ত দেশের মধ্যে একটি যারা নবায়নযোগ্য শক্তির দিকে নিরলসভাবে কাজ করছে।'

মোদী বলেছেন, 'বিজেপি সরকারের অধীনে এই প্রথমবার দিল্লি থেকে তামিলনাড়ুর মধ্যে দূরত্ব অনেকটাই কমেছে। এখন গরিব, কৃষক, মহিলা এবং যুবকদের সঙ্গে সম্পর্কিত প্রতিটি প্রকল্পের সুবিধা ভারতের দক্ষিণ কোণে পৌঁছে যাচ্ছে।

বিজেপি সরকার কীভাবে কাজ করে তার সাক্ষী এখন তামিলনাড়ু নিজেই। পাঁচ বছর আগে তামিলনাড়ুর মাত্র ২১ লক্ষ গ্রামীণ বাড়িতে কলের জল ছিল, এখন জল জীবন মিশনের কারণে ১ কোটিরও বেশি গ্রামীণ বাড়িতে কলের জল রয়েছে।'

# কাশীপুরে বেপরোয়া ডাম্পারের ধাক্কা বাইকে, মৃত্যু দুই মহিলার

কাশীপুর, ২৮ ফেব্রুয়ারি (হি. স.) : দক্ষিণ ২৪ পরগনার কাশীপুরে পথ দুর্ঘটনায় মৃত্যু হল দুই মহিলার। বুধবার সকালে ঘটনাটি ঘটেছে। স্থানীয় সূত্রে খবর, একটি মালবোঝাই ডাম্পার ধাক্কা মারে বাইকে। সেই বাইকেই সওয়ার ছিলেন দুই মহিলা। বাইক চালক যুবকও গুরুতর আহত হয়েছেন। তাঁকে হাসপাতালে ভর্তি করানো হয়েছে। স্থানীয় বাসিন্দারা ঘাতক ডাম্পারটিতে ভাঙচুর চালান।উত্তর কাশীপুর থানার জামিরগাছিতে চলছে রাস্তা তৈরির কাজ। তার জন্য এলাকায় মালপত্র বহন করে ডাম্পারের আনাগোনাও চলছে। বুধবার সকালে তেমনই একটি মালবোঝাই ডাম্পার আসছিল। উল্টো দিকে, একটি বাইকে চেপে কলকাতার দিকে যাচ্ছিলেন এক যুবক এবং দুই মহিলা। জামিরগাছির কাছে ডাম্পারটি সরাসরি ধাক্কা মারে উল্টোদিক থেকে আসা বাইকে। ছিটকে পড়েন সওয়ার দুই মহিলা। ঘটনাস্থলেই মৃত্যু হয় দু'জনের। গুরুতর আহত অবস্থায় বাইক চালককে হাসপাতালে ভর্তি করানো হয়। ঘাতক ডাম্পারটিতে ভাঙচুর চালান স্থানীয় বাসিন্দারা। দুর্ঘটনার পর ঘটনাস্থলে পুলিশ পৌঁছলে এলাকার বাসিন্দারা পুলিশকে ঘিরে বিক্ষোভ দেখান। এর পরে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, রাস্তা নির্মাণের কাজের জন্য ইদানীং এলাকায় ডাম্পারের দাপাদাপি বৃদ্ধি পেয়েছে। বেপরোয়া গতিতে বড় বড় ডাম্পার এলাকায় চলাচল করে বলেও অভিযোগ তাঁদের। পুলিশ দুই মহিলার দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। ঘাতক ডাম্পারের চালকের খোঁজে তল্লাশি শুরু হয়েছে।

# জম্মু ও কাশ্মীরের গুলমার্গে হোটেলে ভয়াবহ আগুন, দমকলের তৎপরতায় এল নিয়ন্ত্রণে

শ্রীনগর, ২৮ ফেব্রুয়ারি (হি.স.): জম্মু ও কাশ্মীরের বারামুল্লা জেলার গুলমার্গে ভয়াবহ আগুন লাগল একটি হোটেলে। বুধবার সকালে হোটেলে দাউদাউ করে জ্বলতে থাকে আগুন, চারিদিক কালো ধোঁয়ায় ঢেকে যায়। অগ্নিকাণ্ডের খবর পাওয়া মাত্রই আগুন নেভাতে পৌঁছয় দমকলের বেশ কয়েকটি ইঞ্জিন। দমকল কর্মীদের দীর্ঘ সময়ের চেষ্টায় আগুন আয়ত্তে এসেছে।

গুলমার্গ মানেই পর্যটকদের অত্যন্ত প্রিয় স্থান, সারাবছরই এখানে পর্যটকদের আনাগোনা লেগেই থাকে। আর শীতকাল হলে তো কোনও কথাই নেই। বুধবার সকালে আচমকাই আগুন লাগে পাইন প্যালেস প্ল্যাটিনাম হোটেলে। দমকল কর্মীরা পৌঁছে আগুন নিভিয়ে ফেলেন, কীভাবে আগুন লাগল তা দমকল কর্মীরা খতিয়ে দেখছেন।

## কোপা আমেরিকার আগে দুটি প্রীতি ম্যাচ খেলবে ব্রাজিল, প্রতিপক্ষ জেনে নেওয়া যাক

রিওডিজেনেইরো, ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : কোপা আমেরিকার আগে ২টি প্রীতি ম্যাচ খেলবে ব্রাজিল। ইউএস সকার মঙ্গলবার (২৭ ফেব্রুয়ারি) রাতে জানিয়েছে, ৮ জুন মেক্সিকোর বিপক্ষে খেলবে ৫ বারের বিশ্ব চ্যাম্পিয়নরা। যা গত ডিসেম্বরে নির্ধারিত করেছিল ব্রাজিল ফুটবল কনফেডারেশন (সিবিএফ)। ১২ জুন ব্রাজিলের বিপক্ষে প্রীতি ম্যাচ খেলবে আমেরিকা। ফ্লোরিডা অঙ্গরাজ্যের অরলান্ডোতে হবে ম্যাচটি। এদিকে মঙ্গলবার ব্রাজিলের চিরপ্রতিদ্বন্দ্বী আর্জেন্টিনাও চূড়ান্ত করেছে জুনে তাদের বিপক্ষে খেলা দুই প্রতিপক্ষের নাম। ইকুয়েডর ও গুয়াতেমালার খেলবে মেসি-মারিয়াদের সঙ্গে। আগামী ২১ জুন শুরু হবে কোপা আমেরিকা। ব্রাজিল তাঁদের প্রথম ম্যাচে নামবে ২৫ জুন।




বুধবার রাজ্য তথ্য ও সংস্কৃতি দপ্তরে ত্রিপুরা ব্লাইন্ড অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে ডেপুটেশন প্রদান করা হয়।

# নাগাল্যান্ডে ২০২৪-২৫ অর্থবর্ষের বাজেট পেশ মুখ্যমন্ত্রী রিওর, নেই কর বৃদ্ধির প্রস্তাব

কোহিমা, ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : নাগাল্যান্ড বিধানসভায় ২০২৪-২৫ অর্থবর্ষের বাজেট পেশ করেছেন মুখ্যমন্ত্রী নেইফিউ রিও। বাজেটে করের কোনও বৃদ্ধির প্রস্তাব না রেখে সম্পূর্ণ অর্থায়িত সার্বজনীন জীবন বিমা প্রকল্প ঘোষণা করেছেন অর্থ দফতরের দায়িত্বপ্রাপ্ত মুখ্যমন্ত্রী নেইফিউ।

রাজ্য বিধানসভার চলমান অধিবেশনের দ্বিতীয় দিন বাজেট পেশ করে প্রদত্ত ভাষণে মুখ্যমন্ত্রী রিও বলেন, মোট প্রাপ্তির পরিমাণ ২৩,৯৭৮.০৫ কোটি টাকা এবং মোট ব্যয় ২৩,৭২৭.৮৮ কোটি টাকা। তিনি বলেন, বাজেট এস্টিমেট বিগত আর্থিক বছরের তুলনায় ৬৪৪.২২ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে। গত অর্থবর্ষে পরিমাণ ছিল ২৩,০৮৩.৬৬ কোটি টাকা। বাজেটকে জনগণকেন্দ্রিক এবং সাধারণ মানুষের কল্যাণে করমুক্ত বলে অভিহিত করেছেন মুখ্যমন্ত্রী নেইফিউ রিও। মুখ্যমন্ত্রী বলেন, একটি পরিবারের উপার্জনকারী ব্যক্তির অকালমৃত্যুর কারণে আর্থিক কষ্ট প্রশমিত করতে সম্পূর্ণ অর্থায়িত সর্বজনীন জীবনবিমা প্রকল্পের অর্থ বরাদ্দ করা হয়েছে বাজেটে। এটা মুখ্যমন্ত্রীর সর্বজনীন জীবনবিমা প্রকল্পের অধীনে সম্পূর্ণ অর্থায়ন করবে রাজ্য সরকার। এই প্রকল্পে ২ লক্ষ টাকার একটি জীবনবিমা দেওয়া হবে। উপরন্তু, উপার্জনকারী এবং তাঁর পরিবারের অন্য তিন সদস্যের জন্য প্রতি ক্ষেত্রে ২ লক্ষ টাকার দুর্ঘটনাজনিত বিমাও দেওয়া হবে। এতে দুর্ঘটনাজনিত বিমা উপাদান অক্ষমতা এবং মৃত্যু, উভয়ই কভার করবে, বলেন রিও।

এ ব্যাপারে মুখ্যমন্ত্রী আরও বলেন, দুর্ঘটনাজনিত মৃত্যুর ক্ষেত্রে বিমাকৃত অর্থ হলো প্রতি সুবিধাভোগী ২ লক্ষ টাকা, উভয় চোখে দৃষ্টি হারালে অপূরণীয় ক্ষতির ক্ষেত্রে ২ লক্ষ টাকা এবং দু-হাত বা পা ক্ষতির ক্ষেত্রে ১ লক্ষ টাকা প্রদান করা হবে। এই প্রকল্পটি নাগাল্যান্ডের প্রতিটি পরিবারকে অন্তর্ভুক্ত করবে এবং প্রিমিয়ামের খরচ পরিশোধের জন্য ১৫ কোটি টাকার বিধান রাখা হয়েছে, বলেন তিনি।

এছাড়া, এবারের বাজেটে প্রতিটি নির্বাচনী এলাকার জন্য স্থানীয় এলাকা উন্নয়ন তহবিল (এলএডিএফ)-এ ১ কোটি টাকা থেকে বাড়িয়ে ২ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

মুখ্যমন্ত্রী বলেন, 'পুঁজি পরিকাঠামোর জন্য আরও সংস্থান তৈরি করতে আমাদের সংস্থানগুলিকে বাড়ানোর জন্য ক্রমাগত ব্যবস্থা নেওয়া অপরিহার্য হয়ে উঠেছে। তাই বিভিন্ন রাজস্ব খাতে পদক্ষেপ নেওয়া হয়েছে বাজেটে।'

পূর্ব নাগাল্যান্ডের জনগণের সাথে সম্পর্কিত বিষয়গুলি সর্বোত্তম গুরুত্ব অব্যাহত রয়েছে বলে জোর দিয়ে মুখ্যমন্ত্রী নেইফিউ রিও বলেন, নাগাল্যান্ডের পূর্বাঞ্চলীয় এলাকাগুলির জন্য 'প্রাইম মিনিস্টার্স ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ ফর নর্থ ইস্ট রিজিওন' (পিএম ডেভআইএনই) -এর অধীনে ১৮০ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে। হিন্দুস্থান সমাচার / সমীপ / অরবিন্দ

## অসুস্থতার হাজারো অজুহাত সত্ত্বেও জামিন হল না বালুর

কলকাতা, ২৮ ফেব্রুয়ারি (হি.স.): জ্যোতিপ্রিয় মল্লিক অসুস্থ। তাঁর অসুস্থতার হরেক ফিরিস্তি দিয়েও তাঁর জামিনের ব্যাপারে খুব একটা সুবিধা হল না। অসুস্থতার কারণ দেখিয়ে তাঁর আইনজীবী মিলন মুখোপাধ্যায় বুধবার কলকাতার নগর দায়রা আদালতে জ্যোতিপ্রিয়ের জামিনের আবেদন করেন।

বুধবার আদালতের শুনানিতে ভার্চুয়াল মাধ্যমে উপস্থিত ছিলেন জ্যোতিপ্রিয়। তাঁর মাথায় সাদা ব্যান্ডেজ বাঁধা ছিল। এমনকি, আদালতে শুনানির সময়ে তাঁর কপাল থেকে রক্তপাতও হয়েছে। জ্যোতিপ্রিয়ের আইনজীবী জানান, তাঁর মক্কেল অসুস্থ। জেলে তাঁর মাথা ফেটে গিয়েছে। জেল হেফাজতে থাকাকালীন ধারাবাহিক ভাবে তাঁর ওজন কমছে। আদালতে এমনটাই দাবি করলেন তাঁর আইনজীবী। জেলে থাকাকালীন জ্যোতিপ্রিয়ের ওজন ২৫ কেজি কমে গিয়েছে। বর্তমানে তাঁর ওজন ৩৭ কেজি বলেও দাবি করেন আইনজীবী। আদালতে বালুর আইনজীবীর সওয়াল, গ্রেফতারির পর প্রথম দিন আদালতে হাজির হয়েই অসুস্থ হয়ে পড়েছিলেন জ্যোতিপ্রিয়। তাঁকে সে দিন হাসপাতালে ভর্তি করানো হয়েছিল। তাঁর শরীরের দু'টি কিডনি ঠিক মতো কাজ করে না। আইনজীবী জানিয়েছেন, একটি কিডনি ৭৪ শতাংশ এবং অন্যটি ২৬ শতাংশ কাজ করে। কোভিডের সময়ে জ্যোতিপ্রিয়কে দু'বার হাসপাতালে ভর্তি করানো হয়েছিল বলেও জানান তিনি। সে সময়ে আইসিইউতে চিকিৎসাধীন ছিলেন বালু।

জ্যোতিপ্রিয়ের আইনজীবী জানান, তাঁর মক্কেলের বাঁচার সম্ভাবনা কতটা, তা নিয়েই তাঁরা চিন্তিত। তিনি দীর্ঘ দিনের সুগারের রোগী। কিডনির সমস্যা রয়েছে। তাঁর শরীরে ক্রিয়েটিনিনের মাত্রা স্বাভাবিকের চেয়ে বেশি। তাই মেডিক্যাল গ্রাউন্ডে তাঁকে জামিন দেওয়া হোক। এই মামলার পরবর্তী শুনানি হবে আগামী মঙ্গলবার। সে দিন এ বিষয়ে ইডি তাদের বক্তব্য জানাবে।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## জম্মু-কাশ্মীরের সোপোর থেকে ১ সন্ত্রাসবাদীর সহযোগীকে গ্রেফতার নিরাপত্তা বাহিনীর

বারামুল্লা, ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : জম্মু-কাশ্মীরের সোপোর থেকে ১ সন্ত্রাসবাদীর সহযোগীকে গ্রেফতার করেছে নিরাপত্তা বাহিনী। তার কাছ থেকে একটি তাজা হাতবোমাও উদ্ধার করেছে পুলিশ। বুধবার পুলিশ এই তথ্য জানিয়েছে। বারামুল্লা জেলা থেকে লস্কর-ই-তৈবার ১ সন্ত্রাসবাদী সহযোগীকে গ্রেফতারের একদিন পর জঙ্গিদের ১ সহযোগীকে গ্রেফতার করা হয়। পুলিশ জানিয়েছে, ধৃত জঙ্গি সহযোগীর নাম হুসেন ভাট। সে সীমান্তের ওপারে জঙ্গিদের সঙ্গে ক্রমাগত যোগসাজোশ রাখতো। তার সম্পর্কে তথ্য পাওয়ার পরই সেনাবাহিনীর ২২ রাষ্ট্রীয় রাইফেলস, সিআরপিএফ ১৭৯ ব্যাটালিয়নের সঙ্গে যৌথভাবে সোপোর পুলিশের টিম অভিযান চালিয়ে তাকে পাকরাও করে। পুলিশ জানিয়েছে যে জিজ্ঞাসাবাদের সময় আরিফ হুসেন ভাট তার সন্ত্রাসবাদীদের সঙ্গে যোগাযোগের কথা স্বীকার করেছে। তার কাছ থেকে একটি হ্যান্ড গ্রেনেডও উদ্ধার করা হয়েছে।

## চারদিনের ওড়িশা সফর শুরু রাষ্ট্রপতি মুর্মুর

বারিপাদা, ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : ৪ দিনের ওডিশা সফর শুরু করেছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। বুধবার তিনি ওডিশার ময়ূরগঞ্জ জেলার মা কিচকেশ্বরী মন্দিরে প্রার্থনার মাধ্যমে ওড়িশায় তাঁর ৪ দিনের সফর শুরু করেছেন। সরকারি আধিকারিক সূত্রে এই তথ্য জানা গিয়েছে।

এদিন রাষ্ট্রপতির মেয়ে ইতিশ্রী মুর্মু, ওড়িশার রাজ্যপাল রঘুবর দাস এবং কেন্দ্রীয় মন্ত্রী বিশ্বেশ্বর টুডু সহ অন্যান্যদের সঙ্গে রাষ্ট্রপতি খিচিংয়ের অষ্টম শতাব্দীর মন্দির পরিদর্শন করেন। তিনি এই মন্দিরে উপস্থিত হয়ে কিচকেশ্বরী দেবীর "আরতি" করেন। কিচকেশ্বরী দেবীকে এই মন্দিরে প্রধান দেবতা চামুন্ডা বা কালীর রূপে পুজো করা হয়।

## ভোটার তালিকায় প্রায় ১৭ লক্ষ জাল নাম, কমিশনকে চিঠি বিজেপি-র

কলকাতা, ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : নির্বাচন কমিশনের পক্ষে গত ২৫ জানুয়ারি লোকসভা নির্বাচনের সংশোধিত ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে। সেই তালিকায় প্রায় ১৭ লাখ নাম 'ভুয়ো' বলে দাবি বিজেপির।

কোন কোন নামের ভোটার না থাকলেও তালিকায় রয়েছে সেই তালিকা বুধবার কমিশনের মুখ্য আধিকারিকের কাছে জমা দিয়েছে রাজ্য বিজেপি। এর মধ্যে এমন তালিকাও রয়েছে যেখানে একই ভোটারের নাম একাধিকবার তালিকায় রয়েছে। বিজেপির পক্ষে দাবি কর হয়েছে, দলের হিসাবে মোট 'ভুয়ো ভোটার'-এর সংখ্যা ১৬,৯১, ১৩২।

বুধবার ২৪টি ব্যাগে করে দলের দাবি করা 'ভুয়ো ভোটার'-দের তালিকা কমিশন দফতরে জমা দিয়েছে। সেই সঙ্গে কমিশনকে দেওয়া স্মারকলিপিতে বলা হয়েছে, ২০১৯ সালের লোকসভা নির্বাচনে বিজেপি তৃণমূলের থেকে ১৭ লাখ ভোট কম পেয়েছিল। আর 'ভুয়ো ভোটার'-এর সংখ্যাও সমান সমান।

বুধবার কমিশন দফতরে এই অভিযোগ জানাতে যান বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এবং দলের দুই নেতা জগন্নাথ চট্টোপাধ্যায় ও শিশির বাজোরিয়া। কমিশন দফতর থেকে বার হয়ে শুভেন্দুবাবু সাংবাদিকদের বলেন, "আমরা রাজ্যের ৪২টা লোকসভা এলাকার ভোটার তালিকায় কোন কোন নাম ভুয়ো তা জানিয়ে ১৪,২৬৭ পাতার তালিকা জমা দিয়েছি। একটি পেন ড্রাইভেও সব তথ্য জমা দেওয়া হয়েছে।" রাজ্য নির্বাচন কমিশনের ফুল বেঞ্চ এলে সেখানেও এই অভিযোগ জানানো হবে বলে জানিয়েছেন শুভেন্দুবাবু।

## বাস্তবায়নে আশ্বাস

● প্রথম পাতার পর

আন্তরিকভাবে দেখছেন। আজ সাংসদ বিপ্লব কুমার দেব নিজ সামাজিক মাধ্যমে এই বার্তা জানিয়েছেন। এদিন তিনি বলেন, কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহা-সড়ক মন্ত্রী নীতিন গড়করি আন্তরিক আশ্বাস দিয়েছেন। তিনি পূর্ণ আশাবাদী ত্রিপুরার মানুষের প্রত্যাশা শীঘ্রই পূর্ণতা পাবে।

## বিএসএফের হাতে

● প্রথম পাতার পর

ভারতে প্রবেশের ক্ষেত্রে টাকার বিনিময়ে সাহায্য করেছিল। এপার থেকে যাওয়ার সময় সান্টু ওরাং এবং পিন্টু ওরাং দুই ভাই এদের বাড়ি স্যাট লাং পাড়া ,ঢেপাছড়া এলাকায়। বিএসএফের জোয়ানরা মোহাম্মদ আব্দুল করিম, যে প্রকৃত বাংলাদেশী তাকে এবং দুই দালাল সান্টু ওরাঙ এবং পিন্টু ওরাং কে আটক করে ধর্মনগর থানার পুলিশের হাতে তুলে দেয়।

## সহ আটক এক

● প্রথম পাতার পর

এনডিপিএস ধারায় একটি মামলা নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ।

## করছে ঃ অর্থমন্ত্রী

● প্রথম পাতার পর

হবে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন গোমতী জেলার জেলাশাসক তড়িৎকান্তি চাকমা। সবাইকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য রাখেন উদয়পুর পুর পরিষদের চেয়ারপার্সন শীতলচন্দ্র মজমদার। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক অভিষেক দেবরায়, বিধায়ক জীতেন্দ্র মজমদার, গোমতী জেলার অতিরিক্ত জেলাশাসক সুমিত লোধ, মহকুমা শাসক জয়ন্ত ভট্টাচার্য প্রমুখ।

## শিলদা-র ক্যাম্পে মাওবাদী হামলার মামলায় ১৩ জনের যাবজ্জীবন কারাদণ্ড

পশ্চিম মেদিনীপুর, ২৮ ফেব্রুয়ারি (হি.স.): শিলদা ইএফআর ক্যাম্পে মাওবাদী হামলার মামলায় ২৩ জন আসামির মধ্যে ১৩ জনকে বুধবার যাবজ্জীবন তথা আমৃত্যু কারাদণ্ডের সাজা শোনাল আদালত। সেইসঙ্গে করা হয়েছে আর্থিক জরিমানাও।

বাকি ১০ জনকে বৃহস্পতিবার আদালতে হাজির করার নির্দেশ দেওয়া হয়েছে সাজা ঘোষণা করার জন্য। এর আগে গত মঙ্গলবার মোট ২৩ জনকেই দোষী সাব্যস্ত করেছেন আদালত।সাজা শোনার পর ক্ষোভে ফেটে পড়েন সাজাপ্রাপ্ত আসামীরা। মাওবাদী নেতা মনসারাম হেমরম ওরফে বিকাশ ও তার স্ত্রী মাওবাদী নেত্রী ঠাকুরমনি হেমরম ওরফে তারা বলেছেন, "বিচারের নামে প্রহসন করা হয়েছে। এটা রাষ্ট্র কর্তৃক রাজনৈতিক ষড়যন্ত্র।"

আদালত চত্বরেই বিক্ষোভে ফেটে পড়ে মানবাধিকার সংগঠন এপিডিআরও। এ বিচার তারা মানেন না বলে দাবি তুলে উচ্চ আদালতে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছেন।

এদিন মূলত আগে থেকেই জেলবন্দি আসামীদের ডাকা হয়েছিল। যদিও ১৩ জনের মধ্যে এই মামলাতে জামিন পাওয়া এক ব্যক্তি ইন্দ্রজিৎ কর্মকারও হাজির ছিলেন। প্রথমেই ষষ্ঠ অতিরিক্ত জেলা দায়রা বিচারক সালিম শাহী এক এক করে ১৩ জনের কাছ থেকে তাদের বক্তব্য জানতে চান। সেখানেই এক একজন তাদের পরিবারের বর্তমান করুন অবস্থার কথা বিচারকের সামনে তুলে ধরেন।

বেশীরভাগই ২০১০ সালের ১৫ ফেব্রুয়ারী ঘটনার পর পর গ্রেফতার হয়ে প্রায় ১৪ বছর ধরে জেলে আছেন। কেউ কেউ আছেন ১২ বছর। কেউই পরিবারের মুখ দেখতে পাননি। আসামিদের মধ্যে কানাই হাঁসদার কাতর আবেদন ছিল যে গ্রেফতারির পর স্ত্রী তাদের ছেড়ে চলে গিয়েছে। বাড়িতে বয়স্কা মা ও তার সন্তান আছে। তার সন্তানকে মানুষ করার কেউ নেই। তাকে যেন তার মা ও সন্তানের কাছে থাকার অনুমতি দেওয়া হয়।

## গুরুতর আহত কৃষক

● প্রথম পাতার পর

ঘটনাস্থলে ছুটে আসে এলাকাবাসী।

এই অবস্থা দেখে এলাকাবাসী বিএসএফের হাত থেকে ইয়াসিন মিয়াকে উদ্ধার করে সোনামুড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে আসে। সেখানে কর্তব্যরত চিকিৎসক প্রাথমিক চিকিৎসার পর তাকে জিবিতে স্থানান্তরিত করে দেয় উন্নত চিকিৎসার জন্য। আহত কৃষকের পক্ষ থেকে সোনামুড়া থানাতে একটি অভিযোগও দায়ের করা হয়।

বিএসএফ এর এই ধরনের আক্রমণে ক্ষুব্ধ এলাকাবাসী চাঞ্চল্য বিরাজ করছে সীমান্ত এলাকায়।

## ত্রিপুরার অবদান স্মরন

● প্রথম পাতার পর

কে কেউ ছিন্ন করতে পারবে না বলেও দৃঢ়তার সঙ্গে বললেন এক সুরে সকলে।

আগরতলা প্রেসক্লাবের সভাপতি জয়ন্ত ভট্টাচার্য সশ্রদ্ধ চিত্তে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কে স্মরণ করে বলেন, তিনি বাঙালি জাতিসত্তার স্থপতি এবং দুই দেশের সম্পর্কের দৃঢ় ভিত্তি তৈরি করেন। পরবর্তীকালে তাঁর সুযোগ্যা কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দুই দেশের মধ্যে সম্পর্ক আরো দৃঢ় হয়। আগরতলা প্রেসক্লাবের সহ-সভাপতি সৈয়দ সাজ্জাদ আলী ও সম্পাদক রমাকান্ত দে দুই দেশের মানুষের মধ্যে সম্পর্ককে আরও দৃঢ় করার আহ্বান জানান।

জাতীয় প্রেসক্লাবের সভাপতি ফরিদা ইয়াসমিন ও সম্পাদক শ্যামল দত্ত ত্রিপুরা রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী, অধ্যাপক ডাঃ মানিক সাহাকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানান। শ্রী দত্ত বলেন, গত কয়েক মাস আগে বাংলাদেশের সাংবাদিকদের ত্রিপুরার সফরের সময় মুখ্যমন্ত্রী নিজে উদ্যোগী হয়ে আমাদের চা পানের আমন্ত্রণ জানান। তিনি দু দেশের সম্পর্কের উত্তরোত্তর উন্নয়নের কথা বলেন। তাঁর আন্তরিকতায় আমরা মুগ্ধ। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী হাসান মাহমুদের আমন্ত্রণে আগরতলা প্রেসক্লাবের প্রতিনিধি দলটি তার বাসভবনে একটি চা চক্রে মিলিত হন। তিনি বলেন, """দুই দেশের সম্পর্ক গভীর ও আন্তরিক। প্রতিদিন এই সম্পর্ক আরো উন্নত হচ্ছে""""। আগরতলা প্রেস ক্লাবের পক্ষ থেকে বাংলাদেশের জাতীয় প্রেস ক্লাবের সুন্দর ব্যবস্থাপনা ও আন্তরিক আতিথেয়তার জন্য উষ্ণ অভিনন্দন জানানো হয়।

## মাদক পাচারকারী আটক

● প্রথম পাতার পর

রাতাবাড়তে। আটক ব্রাউন সুগারের মূল্য দেড় লক্ষ টাকা হবে বলে পুলিশ জানায়। আটক দুই মাদক পাচারকারীকে বৃহ স্পতিবার আদালতে তোলা হবে বলে সেকেন্ড ওসি মিকেলা ডারলং জানান।

## ডাকাতের দল

● প্রথম পাতার পর

ফোন করলে সে গিয়ে মাকে রক্তাক্ত অবস্থায় দেখে ধর্মনগর দমকল অফিসে খবর দেয়। পরে দমকল কর্মীদের সহযোগিতায় আহত অবস্থায় মাকে নিয়ে যায় ধর্মনগর জেলা হাসপাতালে।পুলিশ সুপারের ঘুম ভাঙে ১২ঘন্টার পর। তিনি সংবাদিক দের ডেকে বলেন ডাকাত দল প্রথমে দা দিয়ে সবিতা দেবীকে আঘাত করে। তিনি দাবি করেন খবর পেয়ে তিনি সহ ধর্মনগর থানার পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছেন। সাথে সানীয় থানায় একটি চুরির মামলা দায়ের করা হয়েছে। কিন্তূ এই চাঞ্চল্যকর ঘটনায় এখনো গ্রেপ্তারের কোনো খবর নেই।

## মণিপুরে এএসপির ওপর হামলার প্রতিবাদে অস্ত্র সমর্পণ কমান্ডোদের, দুর্বৃত্তদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে ফ্রি হ্যান্ডের দাবি

ইমফল, ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : ইমফল পশ্চিমের ওয়াংখেই এলাকায় অতিরিক্ত পুলিশ সুপার (এসসিপি) মইরাংথেম অমিত সিঙের ওপর হামলার প্রতিবাদে এবং সশস্ত্র দুর্বৃত্তদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে ফ্রি হ্যান্ডের দাবিতে অস্ত্র সমর্পণ করছেন কমান্ডোরা। গতকাল মঙ্গলবার সন্ধ্যারাত প্রায় ৬:৫০টায় ইমফল পশ্চিমের ওয়াংখেই এলাকায় অতিরিক্ত পুলিশ সুপার আইডব্লিউ মইরাংথেম অমিত সিঙের বাসভবনে আচমকা দু-শতাধিক সশস্ত্র দুর্বৃত্ত ঢুকে এলোপাতাড়ি গুলিবর্ষণের পাশাপাশি বাড়িতে ভাঙচুর চালায়। জবাবে পাল্টা গুলি বর্ষণ করতে থাকেন এএসপি-র বাসভবনে মোতায়িত জনাকয়েক নিরাপত্তারক্ষী। আত্মরক্ষায় পিস্তল উঁচিয়ে গুলি ছুঁড়তে থাকেন এএসপিও। তখন সুযোগ বুঝে দুর্বৃত্তের দল অতিরিক্ত পুলিশ সুপার মইরাংথেম অমিত এবং তাঁর দুই এসকর্ট রবিনাশ মইরাংথেম সিং (২৪) ও কাঙ্গুজাম ভীমসেন (২০)-কে বন্দুকের নল ঠেকিয়ে অপহরণ করে পালিয়ে গা ঢাকা দেয়। ইত্যবসরে খবর পেয়ে ঘটনস্থলে ছুটে যায় কমান্ডো ও অতিরিক্ত আধাসেনা বাহিনী।

ঘটনার কয়েক ঘণ্টা পর পার্বত্য ও উপত্যকা জেলার প্রান্তিক ঝুঁকিপূর্ণ কোয়াকেইথেল কনজেং লেইকাই-এর ঘন জঙ্গল থেকে অপহৃত তিনজনকেই গুলিবিদ্ধ অবস্থায় উদ্ধার করে আধাসেনা বাহিনী। আহত তিনজনকে তড়িৎগতিতে চিকিৎসার জন্য ইমফলের পরমপাতে অবস্থিত জওহরলাল নেহরু ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস (জেএনআইএমএস)-এ ভরতি করা হয়।

## ঝাড়খণ্ডের জামতারায় ভয়াবহ রেল দুর্ঘটনা, মৃত্যু ১২ জনের

জামতারা (ঝাড়খণ্ড), ২৮ ফেব্রুয়ারি (হি. স.) : ভয়াবহ রেলদুর্ঘটনা ঝাড়খণ্ডে। অন্ততপক্ষে ১২ জনের মৃত্যু হয়েছে বলে এখনও অবধি খবর। আহত বহু। জামতাড়া ও করমাতন্ডের মাঝে এই দুর্ঘটনা ঘটে। রেলপুলিশ ও স্থানীয় প্রশাসন ঘটনাস্থলে পৌঁছেছে। অন্ধকারের কারণে উদ্ধারকার্য ব্যাহত হচ্ছে।

জানা গেছে, অঙ্গা এক্সপ্রেসে আগুন লাগার খবর পেয়ে যাত্রীরা ট্রেন থেকে ঝাঁপ দেন। এইসময় সামনে থেকে আসা ঝাজা-আসানসোল ট্রেনটি যাত্রীদের ওপর দিয়ে চলে যায়। এই দুর্ঘটনায় এখনও অবধি ১২ জনের মৃত্যুর খবর আসছে এবং কয়েকজন আহত হয়েছে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছেছে রেল প্রশাসন, রেল পুলিশ ও স্থানীয় প্রশাসন। আহতদের হাসপাতালে নিয়ে যাওয়ার প্রস্তুতি চলছে।

## মণিপুরে ২০২৪-২৫ অর্থবর্ষের বাজেট পেশ মুখ্যমন্ত্রী বীরেন সিঙের

ইমফল, ২৮ ফেব্রুয়ারি (হি.স.) : মণিপুরে ২০২৪-২৫ অর্থবর্ষের বাজেট পেশ করেছেন মুখ্যমন্ত্রী বীরেন সিং। বাজেটে রাজ্যের সমন্বিত তহবিল থেকে মোট ৩৪,০৪০ কোটি টাকা ব্যয় প্রস্তাব রাখা হয়েছে। এছাড়া মোট রাজস্ব ব্যয় এস্টেমেট করা হয়েছে ২০,২৪৬ কোটি টাকা এবং মূলধন ব্যয় এস্টেমেট করা হয়েছে ৮,১৫৫ কোটি টাকা।


দ্বাদশতম মণিপুর বিধানসভার পঞ্চম অধিবেশন শুরু হয় রাজ্যপাল অনুসুইয়া উইকে ভাষণের মাধ্যমে। এর পর অর্থমন্ত্রীর দায়িত্বপ্রাপ্ত মুখ্যমন্ত্রী এন বীরেন সিং পেশ করেন ২০২৪-২৫ অর্থবর্ষের বাজেট।

মুখ্যমন্ত্রীর বাজেট ভাষণের উদ্ধৃতি দিয়ে রাজ্য তথ্য ও জনসংযোগ দফতরের এক প্রেসবার্তায় জানানো হয়েছে, রাজস্ব ঘাটতি অনুমান করা হয়েছে (-) ২,৩৪৪ কোটি টাকা। এটি গ্রস স্টেট ডমেস্টিক প্রডাক্ট (জিএসডিপি)-র (-) ৪.৪৫ শতাংশ। ২০২৪-২৫-এর মধ্যে জিএসডিপি-র শতাংশ হিসাবে মোট বকেয়া ঋণ ৩২ শতাংশ অনুমান করা হয়েছে। ২০২৪-২৫এর জন্য জিএসডিপি অনুমান করা হয়েছে ৫২,৭১১ কোটি টাকা। বিভিন্ন অর্জন এবং তাঁর সরকারের গৃহীত উদ্যোগগুলি তুলে ধরে মুখ্যমন্ত্রী বলেন, এ বছর রাজ্যের মুখোমুখি হওয়া সবচেয়ে চ্যালেঞ্জিং বছরগুলির মধ্যে একটি। তিনি বলেন, সরকার মণিপুরের আঞ্চলিক অখণ্ডতা রক্ষা, এর সমস্ত নাগরিকদের জীবন রক্ষা, অসামাজিক এবং দেশবিরোধী উপাদানগুলির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ এবং "আইনের শাসন" নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। সরকার নিশ্চিত করবে, গত কয়েক মাসের দুর্ভাগ্যজনক ঘটনায় যাঁরা ক্ষতিগ্রস্থ হয়েছেন তাঁদের প্রয়োজনীয় সমস্ত সহায়তা দেওয়া হবে, জোরের সঙ্গে বলেন মুখ্যমন্ত্রী।

## জামিন বিজেপি নেতা বিকাশ সিংহের, আইএসএফ নেত্রী আয়েশা বিবিরও

কলকাতা, ২৮ ফেব্রুয়ারি, (হি.স.): সন্দেশখালির বিজেপি নেতা বিকাশ সিংহের জামিন মঞ্জুর করল কলকাতা হাই কোর্ট। বুধবার, দু'হাজার টাকার বন্ডে বিকাশের জামিন মঞ্জুর করেছেন বিচারপতি কৌশিক চন্দ। অন্য দিকে, বসিরহাট মহকুমা আদালত জামিন দিয়েছে আইএসএফ নেত্রী আয়েশা বিবিকে। সন্দেশখালিতে গোলমাল পাকানোর অভিযোগে পুলিশ বিজেপি নেতা বিকাশ সিংহ, স্থানীয় প্রাক্তন বিধায়ক তথা সিপিএম নেতা নিরাপদ সর্দার এবং আইএসএফ নেত্রী আয়েশা বিবিকে গ্রেফতার করে। মঙ্গলবার, হাই কোর্ট জামিন দিয়েছিল নিরাপদকে। বুধবার, জামিন পেলেন বিকাশ এবং আয়েশা।

কলকাতা হাই কোর্টের বিচারপতি কৌশিক চন্দ বুধবার বিকাশকে দু'হাজার টাকার বন্ডে জামিন দেন। তাঁর পর্যবেক্ষণ, এফআইআরে এমন কিছুই নেই যার জন্য বিকাশকে জেলে রাখতে হবে। একই ভাবে, বসিরহাট মহকুমা আদালত থেকে জামিন পেয়েছেন আইএসএফ নেত্রী আয়েশাও। মঙ্গলবার, হাই কোর্ট বিস্ময় প্রকাশ করেছিল, কী করে অভিযোগ দায়েরের আগেই নিরাপদের বিরুদ্ধে এফআইআর হয়, তা নিয়ে। বিকাশের ক্ষেত্রেও তেমনই ঘটেছে বলে দাবি মামলাকারীর।



# কুঞ্জবনের দুটি ক্লাবের খেলায় ক্রিকেট মাঠে আম্পায়ার প্রহৃত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারি।। আগরতলা বেসিক ট্রেনিং মাঠে প্রহৃত আম্পায়ার বাপন হোসেন ও সত্যজিৎ কর। আগরতলা প্রিমিয়ার লিগ নামে প্রায় মাস ব্যাপী চলা টেনিস ক্রিকেট টুর্নামেন্টে তৃতীয় রাউন্ডের খেলা ছিল বুধবার। কুঞ্জবনের সন্নিকটবর্তী দুটি ক্লাব দলের মধ্যে খেলায় এই বিপত্তি। খেলা শেষে আম্পায়ারের সিদ্ধান্তে তীব্র অসন্তোষ ব্যক্ত করে স্পোটিং ক্লাবের ক্ষুব্ধ সমর্থকরা তাদের উপর তেড়ে যায়। লাথি কিল ঘুষির পাশাপাশি উইকেট তোলে মারমুখি মেজাজে হামলে পড়ে আম্পায়ারদের উপর। পরে আয়োজকদের হস্তক্ষেপে প্রাণে বাঁচেন দুই আম্পায়ার। উল্লেখ্য স্পোটিং ক্লাব দলের হয়ে বেশ কয়েকজন রাজ্য দলের হয়ে জাতীয় আসরে খেলা ক্রিকেটাররাও ছিলেন বলে সংবাদ সূত্রে খবর রয়েছে।

**PRESS NOTICE I PT-24/E! DI 1V/2023-24 Dt.26/02**

On behalf of the Governor of Tripura, The Executive Engineer, R D Dharmanagar Division, Dharmanagar, North Tripura invites percentage rate e-tender on two bid system from the eligible bidders up to 11.00 A.M. of 04/03/2024 for 01(One) no Election-related work. For details visit website https://tripuratenders.gov.in/ eprocure.gov.in and may contact at phone no. 9862984064 (M)/ email = id-gerddmndiv@gmail.com. Any subsequent corrigendum will be available in the website only,

ICA/C-4867/24
Executive Engineer
RD Dharmanagar Division

Your gracious presence is solicited at the
**Closing Ceremony**
of
7TH NORTH EAST
YOUTH
FESTIVAL
"Unlocking the potential of the Yuvashakti (power of the youth) in North East India"
'My Bharat-Viksit Bharat'
INVITATION
Thursday, 29th February, 2024 | 8:00 pm
Swami Vivekananda Maidan, Agartala

**Chief Guest**
Prof. (Dr.) Manik Saha,
Hon'ble Chief Minister, Govt. of Tripura.

**Guest of Honour**
Shri Tinku Roy,
Hon'ble Minister, Youth Affairs & Sports Department, Govt. of Tripura.

**Special Guest**
Dr. P. K. Chakravarty,
Secretary, Youth Affairs & Sports Department, Govt. of Tripura.
Ms. Vanita Sood,
Director, Ministry of Youth Affairs, Govt. of India.

**President**
Shri Satyabrata Nath,
Director, Youth Affairs & Sports Department, Govt. of Tripura.

Director
Youth Affairs & Sports Department
Government of Tripura
ICA/D-1848/24

**Short Notice Inviting Quotation (SNIQ)**

An SNIQ has been invited by the Medical Superintendent, AGMC & GBPHospital, Agartala, from reputed manufacturing firms/authorized distributors/suppliers/ dealers/retailers for Supply of Reagent Agarose gel electrophoresis Teaching kit with ETSI, GeNei TM, Nucleic acid Agarose gel electrophoresis Teaching kit with ETSI, GeNei, Standard Amino acid kit, Digital pH metre with sensor, of the AGMC & GBP Hospital, Agartala.
The last date of submission of quotations is up to ..24/ 0¥ pm on 03}2024.7! specifics of the SNIQ may be seen at the AGMC website www.agme.. ov.in and can also be collected in person from the office of the Medical Superintendent,AGMC & GBP Hospital, Agartala (S&P Section) on any working days from.)¢.02.2024 to between 11.00 am and 4:00 pm.

ICA/C-4863/24
Medical Superintendent!
AGMC & GBP Hospital, Agartala

**MEMORANDUM**

Due to unavoidable circumstances the work named "Mte. of road from Ichabazar Dukli road (near H/o Prabir Deb) to NH-08 (Bypass) (L=225.00 mtr) for the year 2024-25/SH: Patch soling, metalling, paver block etc." DNIT No. 36/ DNIT/EE-V/AGT/PWD/2023-24, Estimated Cost: Rs. 24,00,082.02 , invited vide e-PNIT No. 38 /EE-V/AGT/PWD(R&B)/23-24 Dated _21°' Feb ,2024 circulated vide this office Memo No.F.TECH-4/Pt-X/EE-V/2023-24/9288 -9356 Dated. Agt the 21st Feb , 2024 is hereby cancelled .

FOR AND ON BEHALF OF THE GOVERNOR OF TRIPURA
(Er. M Kapali)
Executive Engineer
Agartala Division No. V, PWD(R&B),
Agartala, West Tripura.
Dated. Agt the 26th Feb 2024.

ICA/C-4879/24

**PRESS NOTICE INVITING e-TENDER NO: 36/EE-JRN/PWD/2023-24 Dated: 22 -02-2024**

The Executive Engineer, Jirania Division, PWD(R&B) Jirania invites percentage rate e-tenders online for the works below:-

| SL NO | NAME OF THE WORK | ESTIMATED COST | EARNEST MONEY | TIME FOR COMPLETION | TENDER FEE | LAST DATE AND TIME FOR DOCUMENT DOWNLOADING AND BIDDING | TIME AND DATE OF OPENING OF BID | DOCUMENT DOWNLOADING AND BIDING AT APPLICATION | CLASS OF BIDDER |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | Strengthening of road from Belbari to Joykrishna Bari (near Belbari bazar) under Belbari R.D. Block (L-5.50 km) under RIDF XXIX of NABARD (Job No.TP/COM/ 224/2023-24). DNIeTNo:88/CE/PWD(R&B)/SE(P&DU)/ 2023-24. | ₹5,90,82,480.00 | ₹11,81,648.00 | 365 Days | Rs. 8,000.00 | Up to15.00 Hrs on 22-03-2024 | At 15.30 Hrs on 22-03-2024 | https://tripuratenders. gov.in | Appropriate Class |

Bid document can be seen in the website https://tripuratenders.gov.in. W.e.f 22-02-2024 to 22-03-2024 and last date of downloading and submission of bid is 22-03-2024 upto 3.00 pm. Submission of Tenders physically is not permitted.

For and on behalf of the Governor ono
Executive Engineer
Jirania Division, PWD(R&B)
Jirania, West Tripura

ICA/C-4877/24

**PRESS NOTICE INVITING e-TENDER NO: EE-IED/AMB/28/2023-24 Dated:-03/01/2024**

The Executive Engineer, Internal Electrification Division, Ambassa, Dhalai Tripura invites online tender on behalf of the 'Governor of The tender documents are available for inspection in the office of the Executive Engineer, Internal Electrification Division,

| SL NO | DNIT No. | ESTIMATED COST (in ₹) | EARNEST MONEY (in ₹) | DEADLINE FOR ONLINE BIDDING | DATE & TIME OF OPENING |
|---|---|---|---|---|---|
| 1 | 78/EE-IED/AMB/2023-24 | 4,06,991.00 | 8,140.00 | Upto 17.00 Hrs on 12/03/2024 | At 10.00 Hrs on 13/03/2024 |
| 2 | 79/EE-IED/AMB/2023-24 | 7,25,329.00 | 14,507.00 | | |
| 3 | 80/EE-IED/AMB/2023-24 | 6,12,182.00 | 12,244.00 | | |
| 4 | 81/EE-IED/AMB/2023-24 | 7,06,666.00 | 14,133.00 | | |
| 5 | 82/EE-IED/AMB/2023-24 | 3,12,438.00 | 6,249.00 | | |
| 6 | 83/EE-IED/AMB/2023-24 | 5,61,643.00 | 11,233.00 | | |

The tender documents are available for inspection in the office of the Executive Engineer, Internal Electrification Division Ambassa, Dhalai Tripura from 11.00 A.M. to 4.00 P.M. during office hours on all working days specified as above.

(ER. SUJH DAS)
Executive Engineer
Internal Electrification Division, PWD
Ambassa Dhalai Tripura.

ICA/C-4872/24

# পূর্বোত্তর যুব উৎসব ঘিরে ট্র্যাকিং, কায়াকিং অনুষ্ঠিত



ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারি।। সপ্তম পূর্বোত্তর যুব উৎসবের তৃতীয় দিন বুধবার আট রাজ্যের একুশ জন যুবতী ও ষোল জন যুবকসহ মোট সাইত্রিস জন যুবক যুবতী মেলাঘরস্থিত স্টেট এডভেঞ্চার ইনস্টিটিউটে ট্র্যাকিং অভিযান ও জল ক্রীড়া কায়াকিং এ অংশ নেয়। এই এডভেঞ্চার কর্মসূচিতে উপস্থিত ছিলেন মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন অনামিকা ঘোষ রায় পাল, চার নং ওয়ার্ডের কাউন্সিলার গোপাল ঘোষ, মেলাঘরের ডেপুটি কালেক্টর অনিশ দেবনাথ, জম্পুই জলার ইউথ প্রোগ্রাম অফিসার হরি কুমার দেববর্মা প্রমুখ।অনুষ্ঠানে পৌরহিত্য করেন মহকুমা ক্রীড়া আধিকারিক মধুসুধন দেববর্মা।
বিভিন্ন রাজ্যের যুবক যুবতীরা ট্র্যাকিং করে এলাকার বিভিন্ন পথ অতিক্রম করে। তাছাড়াও কায়াকিং করে বহি:রাজ্যের যুবক-যুবতীরা ভীষন আনন্দ উপভোগ করেন। দপ্তরের ক্রীড়া শিক্ষক তথা পর্বতারোহী প্রনব অখণ্ডের নেতৃত্বে এবং স্থানীয় ক্রীড়া শিক্ষক ও সমাজ সেবী যুবকদের সহযোগিতায় এই কর্মসূচি সুন্দর ও সুষ্ঠুভাবে সম্পন্ন হয়। যুব উৎসবের এডভেঞ্চার কর্মসূচি সুশৃঙ্খলভাবে সুসম্পন্ন হওয়ায় মহকুমা স্কুল স্পোর্টস বোর্ডের যুগ্ম সচিব আবু তাহের মজুমদার সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

# স্পোর্টস ক্লাবকে হারিয়ে জয়ে ফিরলো সাউথ বিলোনিয়া

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারি।। বিলোনিয়ায় ক্রিকেট টুর্নামেন্ট জমজমাট পর্যায়ে। জয়ে ফিরলো সাউথ বিলোনিয়া। ৬ উইকেটে পরাজিত করলো জয়পুরের স্বামী বিবেকানন্দ স্পোর্টস ক্লাব। মহকুমা ক্রিকেট সংস্থা আয়োজিত সিনিয়র টি-২০ ক্রিকেটে। বিদ্যাপীঠ মাঠে অনুষ্ঠিত ম্যাচে শুভঙ্কর দাস এবং শুভ্রনীল চক্রবর্তীর দুরন্ত ব্যাটিং জয় সহজ করে দেয় সাউথ বিলোনিয়ার। এদিন সকালে টসে জয়লাভ করে প্রথমে ব্যাট করতে নেমে জয়পুরের স্বামী বিবেকানন্দ স্পোর্টস ক্লাবসাউথ বিলোনিয়া দল নির্ধারিত ওভারে ৭ উইকেট হারিয়ে ১৫৮ রান করে। দলের পক্ষে রাজ মজুমদার ৪৯ বল খেলে ৪ টি বাউন্ডারির সাহায্যে ৩৩, বিশ্বজিৎ মিত্র ১৩ বল খেলে ৪ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২৮, সাগর ভৌমিক ১৪ বল খেলে ১ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২০, অভিজিৎ রায় ৪ বল খেলে ১ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ১৬ (অপ:), পাপাই ভৌমিক ১৬ বল খেলে ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ১৬ এবং কপিল দে ১৪ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ১৫ রান করেন।
দল অতিরিক্ত খাতে পায় ১৯ রান।
সাউথ বিলোনিয়ার পক্ষে সাগর দত্ত ২৫ রানে ৩ টি এবং সৌরভ গুহ ৩৫ রানে ২ টি উইকেট দখল করেন।
জবাবে খেলতে নেমে সাউথ বিলোনিয়া ১৮.৩ ওভারে ৪ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। দলের পক্ষে শুভঙ্কর দাস ৪১ বল খেলে ৫ টি বাউন্ডারি ও ৪ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৬৩ (অপ:), শুভ্রনীল চক্রবর্তী ৩৬ বল খেলে ৬ টি বাউন্ডারি ও ৩ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৫১ এবং সৌরভ গুহ ১৩ বল খেলে ১ টি বাউন্ডারির সাহায্যে ১২ রান করেন। দল অতিরিক্ত খাতে পায় ১৮ রান। জয়পুরের স্বামী বিবেকানন্দ স্পোর্টস ক্লাবের পক্ষে শুভ বনিক ৩৪ রানে ২টি উইকেট দখল করেন।

# সপ্তম যুব উৎসবের সমাপ্তি ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারি।। প্রস্তুতি চূড়ান্ত। প্রতিযোগিতামূলক সবকটি ইভেন্টের ফাইনাল পর্যায়ের খেলা এখনো অবশিষ্ট। তবে আগামীকাল অন্তিম দিনের দ্বিতীয় খেলার আগেই পুরস্কার বিজয়ীদের নাম পুরোপুরি ভাবে নিশ্চিত হয়ে যাবে। বারোটি প্রতিযোগিতামূলক বিভিন্ন ইভেন্টে মোট ৩৬ জনকে প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় স্থান অর্জনের পুরস্কার প্রদান করা হবে। আগামীকাল বিকেল সাড়ে পাঁচটা থেকে আস্তাবলে স্বামী বিবেকানন্দ ময়দানে হবে এর সমাপ্তি ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান। সেখানেই বিভিন্ন ইভেন্টে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হবে।
ওইদিন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন রাজ্যের মুখ্যমন্ত্রী প্রফেসর ডা. মানিক সাহা, যুব বিষয়ক ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায় সহ মন্ত্রিসভার অন্যান্য সদস্য বর্গ। উল্লেখ্য, কেন্দ্রীয় সরকারের যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহযোগিতায় রাজ্য যুব কল্যাণ ও ক্রীড়া দপ্তর এর ব্যবস্থাপনায় এবারকার এই সপ্তম পূর্ব উত্তর যুব উৎসব অনুষ্ঠিত হচ্ছে। বলা বাহুল্য, যোগাসন ও মার্শাল আর্ট এর প্রদর্শনী সহ লোকসংগীত, লোকনৃত্য এবং বিনোদনমূলক অনুষ্ঠানের পাশাপাশি বিভিন্ন বিষয়ের উপর প্রদর্শনী মূলক প্রতিযোগিতা চলছে।
এই সপ্তম উত্তর-পূর্বাঞ্চল যুব উৎসব কে ঘিরে এতে আয়োজক রাজ্য ত্রিপুরা সহ ৭টি রাজ্য এবং সিকিম থেকে আসা যুবক-যুবতীরা তাদের দক্ষতা শৈলী তথা পারফরমেন্স প্রদর্শন করছেন। আজ বিকেলে সচিবালয়ের কনফারেন্স হলে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায় আগামীকালের সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান ঘিরে প্রস্তুতি চূড়ান্ত বলে উল্লেখ করেছেন। অংশগ্রহণকারী সবকটি রাজ্যের প্রতিনিধি সহ আয়োজক রাজ্য ত্রিপুরার বিভিন্ন প্রান্ত থেকে প্রচুর সংখ্যক যুবক-যুবতী আগামীকালের এই মেগা সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করতে উপস্থিত হবে বলে তিনি উল্লেখ করেন। অনুষ্ঠানে রাজ্যের সংগীত শিল্পী সুরভী দেববর্মা এবং প্রখ্যাত শিল্পী শান সহ অনেকেই অনুষ্ঠান পরিবেশন করবেন বলে জানিয়েছেন।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভূবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com




বুধবার আগরতলায় সাধুভান্ডারা ও সম্মান সংবর্ধনায় উপস্থিত রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু।

# রাজ্যের ৫০ হাজার মহিলাকে পোলট্রি ফার্ম গড়ে তোলার জন্য সহায়তা করা হবে ঃ প্রাণীসম্পদ বিকাশমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারি:** রাজ্যকে মাছ, মাংস, ডিম ও দুধ উৎপাদনে স্বয়ংসম্পর্ণ করতে রাজ্য সরকার কাজ করে চলছে। এর পাশাপাশি মহিলাদের আত্মনির্ভর ও স্বশক্তিকরণ করার লক্ষ্যে আগামী অর্থবর্ষে রাজ্যের ৫০ হাজার মহিলাকে পোলট্রি ফার্ম গড়ে তোলার জন্য সহায়তা করা হবে। গতকাল কল্যাণপুরে নবনির্মিত প্রাণী চিকিৎসালয়ের দ্বিতল ভবনের দ্বারোদঘাটন করে এই কথা বলেন প্রাণীসম্পদ বিকাশমী সুধাংশু দাস। এই দ্বিতল ভবন নির্মাণে ব্যয় হয়েছে ৮১ লক্ষ ৮০ হাজার টাকা।



দ্বারোদঘাটন অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে প্রাণীসম্পদ বিকাশমী সুধাংশু দাস বলেন, বর্তমানে রাজ্যের গবাদি পশুদের বিভিন্ন রোগের হাত থেকে দূরে রাখার জন্য বছরে ২ থেকে ৩ বার টিকাকরণ করা হচ্ছে। জরুরিকালীন সময়ে গবাদি পশুদের চিকিৎসা পরিষেবা দেওয়া জন্য রাজ্যে বর্তমানে ১৩টি অ্যাম্বলেন্স রয়েছে। রাজ্যের প্রাণীপালকদের উৎসাহিত করতে ইতিমধ্যেই চালু করা হয়েছে প্রাণীপালক সম্মান নিধি প্রকল্প। মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পরিত্যক্ত জলাশয়গুলিকে পুনর্বিকাশের পরিকল্পনা নেওয়া হয়েছে। রাজ্য সরকার জনগণের কল্যাণে স্বচ্ছতা রেখে কাজ করে চলছে।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক পিনাকী দাস চৌধুরী বলেন, গ্রামীণ এলাকার উন্নয়ন ও বিকাশে সকলকে সম্মিলিত ভাবে এগিয়ে আসতে হবে। এদিনের অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কল্যাণপুর বিএসি'র চেয়ারম্যান ইন্দ্রানী দেববর্মা ও ভাইস চেয়ারম্যান মিন্টু দেববর্মা, প্রধান সচিব বি এস মিশ্র, প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের আধিকর্তা ড. নীরজ কুমার চঞ্চল। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কল্যাণপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সোমেন গোপ।

# আইআইটি জেইই মেইন সেশন ১-এ ৯৯.৮২ শতাংশ স্কোর করেছে ত্রিপুরার আনঅ্যাকাডেমির শিক্ষার্থী অন্তরীপ রায়

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারি:** আইআইটি জেইই মেইন সেশন ১-এ ৯৯.৮২ শতাংশ স্কোর করেছে ত্রিপুরার আনঅ্যাকাডেমির শিক্ষার্থী অন্তরীপ রায়। ৭০২ আনঅ্যাকাডেমি লার্নার্স ৯৯ শতাংশের বেশি স্কোর করেছে। ৬০ জন আনঅ্যাকাডেমি শিক্ষার্থী পদার্থবিদ্যা, রসায়ন এবং গণিতে ১০০ শতাংশ স্কোর করেছে।

ত্রিপুরার আনঅ্যাকাডেমি শিক্ষার্থী অন্তরীপ রায়, আইআইটি জেইই মেইন সেশন ১-এ ৯৯.৮২ শতাংশ স্কোর করে রাজ্যকে গর্বিত করেছে। ত্রিপুরা রাজ্যের টপার অন্তরীপ রায়ের পাশাপাশি দিল্লির (১০০ শতাংশ), এবং ওডিশার (৯৯.৯৮ শতাংশ) টপারও আনঅ্যাকাডেমি-এরই শিক্ষার্থী। ৭০২ জনেরও বেশি আনঅ্যাকাডেমি শিক্ষার্থীরা এই পরীক্ষায় ৯৯ শতাংশের বেশি স্কোর করেছে।সাফল্যের বিষয়ে অন্তরীপ, আনঅ্যাকাডেমি লার্নার, জানিয়েছে, "আমার প্রস্তুতি যাত্রার সময় আমি আনঅ্যাকাডেমি থেকে যে অমূল্য সমর্থন পেয়েছি তার জন্য আমি অত্যন্ত কৃতজ্ঞ।

উচ্চ-মানের বিষয়বস্তু, মক টেস্ট, কুইজ এবং ইন্টারেক্টিভ সেশনগুলি আমার দক্ষতাকে উন্নত করতে এবং আমার আত্মবিশ্বাস বাড়াতে বিশেষ ভুমিকা পালন করেছে। অভিজ্ঞ শিক্ষকদের নেতৃত্বে আনঅ্যাকাডেমির ক্লাসগুলি শুধুমাত্র আমার বোঝাপড়াকে সমৃদ্ধ করেনি বরং আইআইটি জেইই মেইন সেশন ১-এ আমার এই স্কোর অর্জনের ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।" এই কৃতিত্বগুলি আনঅ্যাকাডেমি শিক্ষার্থীদের নিষ্ঠা, কঠোর পরিশ্রম এবং অ্যাকাডেমিক শ্রেষ্ঠত্বকে তুলে ধরে এবং আনঅ্যাকাডেমি গর্বিত যে তারা আইআইটি জেইই মেইন সেশন ১-এ তাদের অ্যাকাডেমিক সাফল্যের যাত্রায় বিশেষ ভূমিকা পালন করেছে। আনঅ্যাকাডেমি প্রতিযোগিতা মূলক পরীক্ষায় তৈরি হতে এবং তাদের অ্যাকাডেমিক লক্ষ্যগুলি অনুসরণ করার জন্য প্রয়োজনীয় জ্ঞান এবং দক্ষতার সাথে শিক্ষার্থীদের ক্ষমতায়ন করতে প্রতিশ্রুতিবদ্ধ।

# সাঁচীরামবাড়ী বাজারে বেকারদের জন্য নবনির্মিত ষ্টলঘরের শুভ উদ্ভোধন

**নিজস্ব প্রতিনিধি, জোলাইবাড়ি, ২৮ ফেব্রুয়ারি:** মন্ত্রীর হাতধরে সাঁচীরামবাড়ী বাজারে বেকারদের জন্য নবনির্মিত ষ্টলঘরের শুভ উদ্ভোধন করাহয়।

জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রটি বামেদের অপশাসন থেকে মুক্তি পাবার পরথেকে শুরুহয় উন্নয়নমূলক কর্মসূচী। জোলাইবাড়ী বাসীর উন্নয়নপ্রকল্পে সর্বদাকাজ করেযাচ্ছে জোলাইবাড়ীবাসীর জনপ্রীয় বিধায়ক তথা মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া। মন্ত্রীর উদ্দ্যোগে বেকারদের কর্মসংস্থানের লক্ষ্যে সাঁচীরামবাড়ী বাজারে ১৪ রুম বিশিষ্ট বেকারষ্টল নির্মানকরাহয়। বুধবার এক অনুষ্ঠানের মধ্যদিয়ে এই বেকারষ্টলগুলির শুভ উদ্ভোধন করলেন মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া। মন্ত্রীর পাশাপাশি আজকের এই অনুষ্ঠানে উপস্থিতছিলেন জোলাইবাড়ী ব্লকের পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রবি নমঃ, বি এস সির চেয়ারম্যান অশোক মগ, বিশিষ্ট সমাজসেবী চেথই মগ সহ অন্যান্যরা। আজকের অনুষ্ঠানে বক্তব্যরাখতেগিয়ে বক্তারা রাজ্যসরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচীর কথা জনসন্মুখে তুলেধরেন। তারপাশাপাশি এই ষ্টলের কাজের দায়িত্বে থাকা আও ইঞ্জিনিয়ার কৃষ্ণকুমার দাসের কাজের প্রসংশাকরেন। কাজটির গুনগতমান সঠিকভাবে বজায় রাখাতে সকলে খোবই খুশি।

# পুর এলাকায় চলমান বিভিন্ন উন্নয়ন কাজ ঘুরে দেখলেন পুর পরিষদের চেয়ারপার্সন

**নিজস্ব প্রতিনিধি, খোয়াই, ২৮ ফেব্রুয়ারি:** বুধবার খোয়াই পুর এলাকায় চলমান বিভিন্ন উন্নয়ন কাজ ঘুরে দেখলেন পুর পরিষদের চেয়ারপার্সন ও পুর পরিষদের মূখ্য নির্বাহী আধিকারিক তথা এস ডি এম। পুর পরিষদের চেয়ারপার্সন দেবাশীষ নাথশর্মা ও মূখ্য নির্বাহী আধিকারিক তথা মহকুমা ম্যাজিস্ট্রেট মেঘা জৈন এদিন প্রথমেই যান জেলা শহরের প্রাণকেন্দ্র বলে পরিচিত সুভাষপার্কের স্বপনপুরী অতিথি নিবাসের সন্নিহিত নির্মাণাধীন সেলফি পয়েন্টে।এখানে সুদৃশ্য একটি পার্ক গড়ে তোলা হচ্ছে পুর পরিষদের অর্থে। এখানে ঝড়ো গতিতে চলছে পার্কের নির্মাণ কাজ। পুর চেয়ারপার্সন ও এস ডি এম দুজনেই নির্মাণাধীন সেলফি পয়েন্টের কাজ পরিদর্শন করেন।প্রয়োজনীয় কিছু পরামর্শ ও প্রস্তাবও তারা দেন। এরপরেই তারা লালছড়ার বেলতলী শ্মশানঘাটে বৈদ্যুতিক চুল্লি সংস্থাপনের চলমান কাজ পরিদর্শন করেন। এরপরেই পুর চেয়ারপার্সন ও এস ডি এম খোয়াই--- আশারামবাড়ী সড়কের দূর্গানগরে নির্মাণাধীন বাস স্ট্যান্ডের নির্মাণকাজ দেখেন।দ্রুতগতিতে চলছে এই বাস স্ট্যান্ডের নির্মাণকাজ।পুর পরিবারের চেয়ারপার্সন ও মূখ্য নির্বাহী আধিকারিক তথা মহকুমা ম্যাজিস্ট্রেট বাস স্ট্যান্ডের নির্মাণকাজ দেখে এরপরেই চলে আসেন জেলা হাসপাতাল সংলগ্ন নিবেদিতা পার্কে।এখানে পার্কটির আধুনিকীকরণের কাজ চলছে পুর পরিষদের উদ্যোগে। নতুন নতুন স্ট্যাচু বসানো হচ্ছে।

এছাড়াও শিশুদের আনন্দ বিনোদনের জন্য হরেক রকমের রকমারী অত্যাধুনিক মানের পরিকাঠামো সংস্থাপন করা হচ্ছে।এদিন বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড পরিদর্শন কালে চেয়ারপার্সন ও এস ডি এম -- র সাথে ছিলেন পূর্ত দপ্তরের সহকারী বাস্তুকার মনোজ দেববর্মা সহ পূর্ত দপ্তরের অন্যান্য প্রকৌশলীরা।

# লোকসংস্কৃতির প্রচার ও প্রসারে লোকসংস্কৃতি উৎসবের আয়োজন

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ২৮ ফেব্রুয়ারি:** ধান আর গানের ভাল ফলনের জন্য বীজই হল আসল। বীজ সংরক্ষণ করতে না পারলে বেশি ফলনের আশা করা বাতুলতা মাত্র। আজকাল অনেক দেশীয় ধানের বীজ যেমন হারিয়ে গেছে। তেমনি লোকসংস্কৃতির ভান্ডার থেকেও অনেক গান, অনেক সুর হারিয়ে গেছে। শাইল, চম্পাকলি, ইরি, সুগন্ধী, সোনামুখী এসব ধান আজ বিলুপ্ত। তেমনি ক্ষণ গান, ছাদ পেটার গান, মাঘ স্নানের গানের মতো অসংখ্য লোকগান আজ কালের অতল গর্ভে তলিয়ে গেছে। তাই লোকগানের সংরক্ষন, চর্চা, লোকগানের পরিশুদ্ধতা বজায় রাখার উদ্যোগ গ্রহন করেছে ত্রিপুরা লোকসংস্কৃতি সংসদ। ছ''বছর আগে এ সংসদের পথচলা শুরু করেছে। লোকসংস্কৃতির প্রচার ও প্রসারে প্রতি বছর সংসদ রাজ্য ভিত্তিক লোকসংস্কৃতি উৎসবের আয়োজন করে। এবারও সংস্কৃতির শহর ধর্মনগর টাউন হলে গত ২৪-২৫ ফেব্রুয়ারি রাজ্য ভিত্তিক লোকসংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয়।

ধর্মনগর থেকে সাব্রুম পর্যন্ত রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে ৫০ জন বাছাই করা শিল্পী এই অনুষ্ঠানে লোকসঙ্গীত পরিবেশন করেন। লালন, হাছন, রাধারমন, ভব্য পাগলা প্রমুখ মহাজনী গানের পাশাপাশি বাউল, ভাটিয়ালি, ভাওয়াইয়া, চটকা, ধামাইল ইত্যাদি লোকগান শিল্পীরা দু''দিন ধরে উৎসবে পরিবেশন করেন। অবহেলিত ভিক্ষুকদের গান পরিবেশন করে সকলকে তাক লাগিয়ে দেন প্রবীন শিল্পী মনোরঞ্জন দাস। লিলেন দেবের বিচ্ছেদী গান সকলের হৃদয় স্পর্শ করে। ছোটদের মধ্যে ধর্মনগরের সৌম্যদীপ্ত দাস ভবা পাগলার গান গেয়ে সকলের নজর কাড়ে। ধর্মনগর কলামন্ডলের শিল্পীরা ওঝা নৃত্য পরিবেশন করে দর্শক-শ্রোতার প্রশংসা অর্জন করে। এই অনুষ্ঠানে সবচেয়ে উল্লেখ করার মতো বিষয় ছিল ধর্মনগরের ছেলেদের ধামাইল। ছেলেদের ধামাইল নৃত্য আজকাল তেমন দেখা যায় না।

# কায়াকল্প প্রকল্পে ২০২৩-২৪ অর্থ বছরে সাব্রুম মহকুমা দুটি বিভাগে প্রথম

**নিজস্ব প্রতিনিধি, সাব্রুম, ২৮ ফেব্রুয়ারি:** কায়াকল্প প্রকল্পে ২০২৩-২৪ অর্থ বছরে,জেলা, মহকুমা ও প্রাথমিক হাসপাতালগুলোর নির্বাচিত তালিকা প্রকাশ হয়েছে। এতে মহকুমা ও প্রাথমিক বিভাগ দুটো বিভাগে প্রথম স্থান দখলে রাখলো সাব্রুম মহকুমা। স্বচ্ছতার দিক থেকে সারারাজ্যের মধ্যে মহকুমা হাসপাতাল হিসেবে সাব্রুম মহকুমা এবং প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র হিসেবে মনোনীত হয়েছে রূপাইছড়ি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র। জেলা হাসপাতাল হিসেবে এবার কায়াকল্প পুরস্কার পাচ্ছে ধলাই জেলা হাসপাতাল।

সাব্রুম মহকুমা হাসপাতাল ৯৬ দশমিক ১৪ পয়েন্ট নিয়ে প্রথম স্থান দখল করেছে। জেলা স্তরের প্রতিযোগিতায় ধলাই জেলা হাসপাতাল ৮৮ দশমিক০১ পয়েন্ট নিয়ে স্তরে প্রথম হয়েছে। কমিউনিটি স্তরে প্রথম হয়েছে মোহনপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র। মোট নম্বর পেয়েছে ৭২ দশমিক ৫।

প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের প্রতিযোগিতায় সাব্রুম মহকুমারে রুপাইছড়ি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র ৯৪দশমিক.৪ নিয়ে প্রথম হয়েছে। এই চারটি হাসপাতাল কে আর্থিক অনুদান দেওয়া হবে।

প্রসঙ্গতঃ উল্লেখ,মনুবাজার গ্রামীণ হাসপাতাল টানা তিনবার কায়াকল্পে রাজ্যে প্রথম হবার রেকর্ড রয়েছে এছাড়াও আরো দু''বার এই পুরস্কার পেয়েছে। এবারো কায়াকল্পে দুটি বিভাগে সাব্রুম মহকুমারে নাম থাকাতে স্বাভাবিক ভাবে খুশি সকলে।

# কুমারঘাট মহকুমা শাসককে বিদায় সংবর্ধনা জানালো কুমারঘাট প্রেস ক্লাব

**নিজস্ব প্রতিনিধি, কুমারঘাট, ২৮ ফেব্রুয়ারি:** কুমারঘাট মহকুমা শাসককে বিদায় সংবর্ধনা জানালো কুমারঘাট প্রেস ক্লাব। উল্লেখ্য কুমারঘাট মহকুমায় মহকুমা শাসকের দায়িত্ব সামলে ছিলেন সুব্রত কুমার দাশ। তার সময়কালে মহকুমার উন্নয়নকল্পে উনার নানান কাজকর্ম নজির সৃষ্টি করেছে মহকুমাবাসীর কাছে। পাশাপাশি মহকুমার প্রেসক্লাবের সাংবাদিকদের সাথেও মাত্রকদিনেই নিবিড় সম্পর্ক গড়ে উঠে বিদায়ী এই মহকুমা শাসকের। মহকুমা এলাকায় উন্নয়নমূলক বিভিন্ন খবরের স্বার্থে তার সাথে যোগাযোগ করা হলে তথ্যদিয়ে বিভিন্ন সময় সংবাদ প্রতিনিধিদের সাহায্য করতেন সুব্রত কুমার দাস। শুধু তাইনয় অফিস কর্মী থেকে এলাকার সাধারন নাগরিক সবার সাথেই সুসম্পর্ক ছিলো উনার। সম্প্রতি ধলাই জেলার অতিরিক্ত জেলাশাসক হিসেবে পদন্নোতি পান সুব্রত কুমার দাশ।

কুমারঘাট মহকুমা শাসকের দায়িত্ব ছাড়ার আগে মঙ্গলবার মহকুমা শাসকের সাথে মিলিত হন কুমারঘাট প্রেস ক্লাবের সম্পাদক আশুতোষ পালের নেতৃত্বে সাংবাদিকদের এক প্রতিনিধি দল। বিদায়ী মহকুমা শাসকের হাতে প্রেস ক্লাবের তরফে সংবর্ধনা স্মারক এবং পুষ্পস্তবক তুলে দিয়ে তাকে বিদায় সংবর্ধনা জানান সাংবাদিকরা। একজন মহকুমা শাসক হিসেবে উনার কাজে বিভিন্ন সময় মহকুমাবাসীর সহযোগীতা পেয়ে সবাইকে ধন্যবাদ জানিয়েছেন সুব্রত কুমার দাস।

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে পরিক্ষার্থীদের শুভেচ্ছাবার্তা জানালেন মন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, জোলাইবাড়ি, ২৮ ফেব্রুয়ারি:** মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে পরিক্ষার্থীদের শুভেচ্ছাবার্তা বিনিময় করলেন মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া।

বুধবার জোলাইবাড়ী মন্ডল বিজেপির যুব মোর্চার উদ্দ্যোগে দক্ষিন জোলাইবাড়ী গ্রামপঞ্চায়েতে যেসকল ছাত্র ছাত্রীরা এইবছর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরিক্ষায় বসবে তাদেরকে অগ্রিম শুভেচ্ছাবার্তা জানানো হয়। যুব মোর্চার উদ্দ্যোগে আয়োজিত এই কর্মসূচীতে উপস্থিতছিলেন জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রের বিধায়ক তথা মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া। মন্ত্রীর পাশাপাশি এই কর্মসূচীতে উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপির যুব মোর্চার সদস্য তমাল বৈদ্য, যুব মোর্চার মন্ডলের সাধারনসম্পাদক রাজীব বিশ্বাস, মন্ডলের জেনারেল সেক্রেটারী সমীর পাল সহ যুব মোর্চার অন্যান্য নেতৃত্ববৃন্দরা।




বুধবার ত্রিপুরা প্রদেশ কংগ্রেস কার্যালয়ে সভাপতি আশিষ কুমার সাহা নেতৃত্বে এক সংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়। ছবি ঃ নিজস্ব

# রিয়াং সম্প্রদায়ের সামাজিক উৎসব কমিটির অনুষ্ঠান অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, কুমারঘাট, ২৮ ফেব্রুয়ারি:** রিয়াং সম্প্রদায়ের সামাজিক উৎসব কমিটির অনুষ্ঠানে উপস্থিত হন বিধায়ক ভগবান চন্দ্র দাস। পাবিয়াছড়া বিধানসভার অন্তর্গত বেতছড়া যুগরাই রিয়াং পাড়ার কমিউনিটি হল ঘরে অনুষ্ঠিত হয় রিয়াং সম্প্রদায়ের সমাজপতিদের নিয়ে সামাজিক অনুষ্ঠান।

রাজ্যের প্রাক্তন মন্ত্রী তথা এলাকার বিধায়ক এর হাত ধরে অনুষ্ঠানের শুভ উদ্বোধন হয়। বেতছাড়া যুগরাই রিয়াং পাড়ার সমাজ পতিদের উপস্থিতির মধ্য দিয়ে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক ভগবান চন্দ্র দাস।

অতিথি বিধায়ক মঞ্চে বক্তব্যের মাধ্যমে বলেন আগেকার রিয়াল সম্প্রদায় তাদের মন-মানসিকতাই ছিল না পাকা বাড়ি নির্মাণে কারণ তাদের পেটের দায়ে জুমসার করেই দিন কাটিয়ে যেত। কিন্তু বর্তমানে নরেন্দ্র মোদিজীর সরকারের নেতৃত্বে প্রত্যেক জনজাতির পরিবারকে আড়াই লক্ষ টাকা দেওয়া হচ্ছে পাকা বাড়ির নির্মাণে এখানেই সমাপ্তি নয় দেওয়া হচ্ছে রাস্তা পানীয় জল বিদ্যুৎসহ এলাকায় নানান উন্নয়নের ব্যবস্থা যা আমাদের কল্পনার বাইরেই ছিল।

# ডিস্ট্রিক্ট লেভেল নেইভারহুড ইয়ুথ পার্লামেন্ট ২০২৪ এর উপর একদিবসীয় কর্মশালা অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ ফেব্রুয়ারি:** বুধবার নেহেরু যুব কেন্দ্র সংস্থান এবং বিবেকানন্দ লাইব্রেরীর যৌথ উদ্যোগে ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের মহারাজা বীর বিক্রম শতবার্ষিকী ভবনে ডিস্ট্রিক্ট লেভেল নেইভারহুড ইয়ুথ পার্লামেন্ট ২০২৪ এর উপর একদিনের একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। এই কর্মশালার মূল লক্ষ্য ছিল যুবকদের সচেতন করা যেন তারা সমাজে বিভিন্ন বিষয় নিয়ে কথা বলতে পারে এবং প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করতে পারে। বিশেষ লক্ষ্য ছিল সমাজকে সুচারুরূপে পরিচালনা করার জন্য। এই কর্মশালায় মক পার্লামেন্ট এর মাধ্যমে যুবকদের উদ্বুদ্ধ করার প্রয়াস নেয়া হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিবেকানন্দ লাইব্রেরি পক্ষে সহ - সভাপতি মনি ভূষণ শীল, সম্পাদক প্রদীপ কুমার সরকার, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডক্টর ননী গোপাল দেবনাথ, এসিস্ট্যান্ট প্রফেসর ত্রিপুরা ইউনিভার্সিটি, সোমদেব বনিক, প্রফেসর ত্রিপুরা ইউনিভার্সিটি এবং ডক্টর রাজেশ চ্যাটার্জী, অ্যাসিস্ট্যান্ট প্রফেসার, ত্রিপুরা ইউনিভার্সিটি।

প্রত্যেকের আলোচনায় যুবকদের আরও বেশি সচেতন ভাবে সমাজের জন্য কাজ করার প্রতি দৃষ্টি আকর্ষণ করা হয়। যুবকরা সৎ পথে উদ্বুদ্ধ হলেই এই সমাজ গড়ে উঠবে সুন্দরভাবে। অতিথি ছাড়াও এই অনুষ্ঠানে বিভিন্ন সমাজসেবী সংস্থা থেকে প্রতিনিধি এবং ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা অংশগ্রহণ করেন। ৭৫০ জন লোকের সমাগমে এই ওয়ার্কশপ আজকে তার পূর্ণতা লাভ করে।




বুধবার বিজ্ঞান দিবস উপলক্ষ্যে রাজধানী আগরতলায় এক বণার্ঢ্য র‍্যালির আয়োজন করা হয়। র‍্যালিতে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় সহ অন্যান্যরা। ছবি ঃ নিজস্ব

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।